It is Bengal's good fortune that some of her noblest sons took to journalism at one stage of their life or another. That is the story from Raja Rammohun Ray to Ramananda Chatterjee. Of course all these men did not practise journalism for its own sake. Many took it up to further the cause of Bengali language and literature. Many more have used it as a powerful weapon against the foreign rulers or as one with which to fight our own social evils. Bengali literature as well as Bengali society owes a deep debt of gratitude to Bengali journalism. Some of our great men who have figured prominently in the field of journalism, had to depend upon it as their means of subsistence. Among the journalists of the earlier days poet Iswarchandra Gupta, editor of Sambad Prabhakar, is one such instance. But there are many who have done the journalistic job mainly as a labour of love.

Gurudev Rabindranath Tagore more or less belongs to this latter category, so far as the actual editing of or supervising the publication of journals is concerned. What he may have got for his contributions to different journals is another matter. Rabindranath's contribution to the development of Bengali journalism in the second of these two ways is by no means less significant, for who does not remember how even in our own days the pages of prominent journals like Prabashi or Bichitra used to be filled, month after month and year after year, with contributions from the mighty pen of Rabindranath ?

Rabindranath's association with journalism began even when he was a boy in his teens, and if we take the term 'Journalism' in a broad sense, this association continued in some form or other till the last stage of his life. Some of his earliest compositions made their appearnce in Tattwabodhini, Bharati, and the Bengali edition of Amrita Bazar Patrika, all very prominent journals in the middle of the second half of the 19th century. The poet was directly connected with some of these journals such as Balak, Sadhana, Bangadarshan (new series) and Bhandar.

Rabindranath was the manager of Balak, a monthly journal, which was started in the Bengali year 1292 under the editorship of Jnanadanandini Devi, wife of his brother Satyendranath Tagore. After a year the journal ceased to be publised and merged in Bharati, then edited by the poet's sister Swarnakumari Devi. What the poet wrote, when resigning his managership of Balak is interesting to note. "For some time," the poet said, "there has been irregularity in the publication and distribution of Balak owing to the inefficiency of its manager, who, after offering apologies to the readers, is retiring. The manager of Balak is a litterateur by profession. So he requires plenty of time. He is not, moreover, noted for managerial efficiency or skill. He has got other responsibilities as well. So it is hoped that the readers of Balak will gracefully allow him to retire". However, apart from managerial work, Rabindranath had to contri-

bute articles regularly to Balak as is evident from what he writes about this journal at another place. "Mejabauthakurani had a strong desire to publish an illustrated journal for children. She wanted that Sudhindra, Balendra and other boys of our family should contribute articles to this journal. But when she became editor, she realised that the paper could not be run only with their writings. So she wanted me to take charge of articles for the journal."

Bharati, another prominent monthly journal with which, as it has been already said, the poet was connected, was started in the Bengali year 1284. Among the editors of this journal, at different stages of its career, were eminent persons like Dwijendranath Tagore, Swarnakumari Devi, Rabindranath Tagore himself and others. The journal could reach the great literary height that it did because the persons at its helm were no mere journalists—they were creative literary artists, whose position is assured in the history of Bengali literature. While giving up the post of editor of this journal Rabindranath wrote something—part of which is quoted below—which speaks of the poet's honesty of purpose and offers good guidance to journalists in our country. The poet wrote : "A journal may be run properly if only the editor, giving up every other work, is prepared to look after its affairs like a vigilant helmsman piloting his boat. But the job of a journalist in our country is like that of a cow which must plough the land and also give milk—working in the field throughout the day, it has, in the evening, to yield milk which will go to the buyer mixed with some quantity of water. At this the most patient animal gasps for breath, and the buyer of milk is also dissatisfied. Only that man who can make journalism the chief object of his life may have the heart to fight constantly against heavy odds. But one who does not have the time or the capacity to fill the columns of his journals with his own writings or does not have the endless patience or perseverance regularly to collect articles from others or does not know how to save the Press from the numerous crises that it has often to face, should not hanker after the much-coveted post of an editor". All whose desire is to pursue journalism as a career would benefit highly by these words of Tagore the Journalist.

Sadhana, of which Rabindranath became the editor in the fourth year of the existence of the journal, was a monthly journal started in the Bengali year 1298. The poet's nephew Sudhindranath was the first editor of this journal. The poet wrote at one place, "My nephew Sudhindranath was the editor of this journal for three years—and in the fourth year I had to take charge of it. Most of the articles for this journal I had to write myself, and I had to look over the writings of others as well."

Tagore's association with journalism has been of immense benefit to Bengali life and culture, and particularly to Bengali literature. The poet has contributed in a very remarkable way to the development of Bengali language and literature through journalism. The world abroad knows Tagore as a poet and philosopher. But it will be of interest for everybody to know how Bengali journalism, like all the other aspects of Bengali life, bears the impress of the Titanic personality of Rabindranath Tagore. Shri Hemendra Prasad Ghosh, the eminent Bengali journalist, has rightly pointed out that most of the writings of Tagore, coming under the category 'General Prose' tend to be argumentative, and hence journalistic. In fact, just as Tagore has served literature through journalism, so also has he served journalism through literature. The literary quality of his pen as well as the charm of his personality has raised the standard of Bengali journalism to an enviable height.

আধুনিক সাংবাদিকতার ঝোঁক

বিবেকানন্দ মুখোপাধ্যায়
প্রধান সম্পাদক
সত্যযুগ

এ কথা নিঃসন্দেহ যে বয়েসের বিচারে আমরা সংবাদপত্র জগতে পুরনো বা সেকেলে হয়ে গেছি। সাংবাদিকতার একটা বড় ব্যবধান রচিত হয়েছে। সেই ব্যবধানের ভাবগত সারমর্ম এই যে, স্বদেশী যুগ থেকে শুরু করে জাতীয় স্বাধীনতা আন্দোলনের শেষ পর্যায় পর্যন্ত আমরা সংগ্রামশীল সাংবাদিকতার ছাত্র ছিলাম। অর্থাৎ সাম্রাজ্যবাদ, পরাধীনতা, পরশাসন এবং জাতীয় দুর্বলতার বিরুদ্ধে আমাদের অনবরত সংগ্রাম করতে হয়েছিল। ফলে আমাদের সাংবাদিকতা মূলত ছিল সংগ্রামশীল সাংবাদিকতা। বৃটিশ শাসনের বিরুদ্ধে জনগণকে জাগ্রত করা এবং সরকারী শাসনের বিরুদ্ধে বিদ্বেষ প্রচার করাই ছিল আমাদের অন্যতম লক্ষ্য।

এক কথায় বলা যেতে পারে সে কালে যাঁরা রাজদ্রোহী ছিলেন তাঁদের কথা যে কোন কৌশলে প্রচার করাই ছিল আমাদের অন্যতম লক্ষ্য। এর জন্য স্বদেশী আমল থেকে শুরু করে ১৯৪৭ সালের স্বাধীনতা পর্যন্ত সাংবাদিকদের অদৃষ্টে লাঞ্ছনা ও নির্যাতন কম জোটেনি। সেই সঙ্গে সাংবাদিকদের অভাব অনটন ও দারিদ্র ছিল বহুল পরিমানে। কিন্তু এই সমস্তই আমরা দেশ সেবার, দেশ মুক্তির আন্দোলনের ব্রত হিসাবে মেনে নিয়েছিলাম। এমন কি মনীষী বিপিনচন্দ্র পালকেও এই দারিদ্র প্রভূত পরিমানে সহ্য করতে হয়েছিল। কিন্তু সেই জন্য অধিকাংশ সাংবাদিক কিংবা সাহিত্যিক ও লেখকই বিমর্ষ ছিলেন না। অন্যদিকে মালিক পক্ষের সঙ্গেও দীর্ঘকাল পর্যন্ত তেমন কোন বিরোধ ছিল না কেননা মালিকদের অধিকাংশই ছিলেন দেশকর্মী কিংবা স্বদেশ মুক্তি আন্দোলনের সঙ্গে গভীর ভাবে সংশ্লিষ্ট।

কিন্তু স্বাধীনতার পর এই সমস্তরই প্রায় সম্পূর্ণ পরিবর্তন ঘটেছে। সাংবাদিকতা এখন আর দেশ সেবার ব্রত নয়। এটা সম্পূর্ণ রূপেই একটা নিয়মিত প্রফেশান বা বৃত্তিতে পরিণত হয়েছে। একথা সকলেই জানেন ভারতসহ পৃথিবীর প্রায় সর্বত্র বড় বড় সংবাদপত্রগুলি বৃহৎ ইনডাসট্রিতে পরিণত হয়েছে। সমাজ ব্যবস্থার আশ্চর্য রকম পরিবর্তন ঘটে গেছে। আধুনিক বিজ্ঞান ও টেকনোলজির জয়জয়কার ঘটেছে। ফলে সংবাদপত্রের প্রকাশ যেমন অসম্ভব রকম ব্যয় বহুল হয়েছে তেমনি জীবন যাত্রার ব্যয়ও অভতরূপে বৃদ্ধি পেয়েছে। আমাদের আমলে যখন আমরা সাংবাদিকতা শুরু করেছিলাম তখন প্রারম্ভিক বেতন অনেক ক্ষেত্রে মাসিক ত্রিশ টাকার বেশি ছিল না। কিন্তু তা দিয়ে আমরা মোটামুটি জীবন নির্ভর করতে পারতাম। কিন্তু এ যুগে এমন অবস্থা কল্পনা করাও যায় না। আজকের দিনে একটি বড় সংবাদপত্রের চতুর্থশ্রেণীর কর্মচারীরা যে বেতন ও ভাতা পান আগেকার দিনে কোন দৈনিক পত্রিকার নামজাদা সম্পাদকও সেই বেতন পেতেন না। ফলে সামাজিক ও অর্থনৈতিক এই পরিবর্তনের সঙ্গে সাংবাদিকতার দৃষ্টিভঙ্গিরও পরিবর্তন ঘটতে বাধ্য। এবং এই পরিবর্তন অনেকদিন আগেই ঘটে গেছে। এখন অধিকাংশ সাংবাদিকই গভর্মেন্টকে উৎখাত করার কথা কিংবা সমাজে ও রাষ্ট্রক্ষেত্রে বিপ্লব ঘটাবার কথা চিন্তা করেন না। কিংবা করলেও সেটা ব্যক্তিগত মালিকানা প্রধান কাগজে লিখতে পারেন না। একমাত্র যাঁরা বামপন্থী দলের মুখপত্র লেখক তাঁরাই দেশের সমাজতান্ত্রিক বিপ্লবের কথা লিখতে কিংবা কায়েমী স্বার্থের বিদ্রোহের পতাকা উত্তোলনের জন্যে আহ্বান জানাতে পারে। কিন্তু এই সমস্ত পারটি পরিচালিত মুখপত্রের সংখ্যা যেমন অত্যন্ত সীমিত তেমনি তাদের সমাজ ও প্রচার ক্ষেত্র খুব সীমিত। ফলে পশ্চিমবঙ্গের দিকে তাকালেই একটা বিস্ময়কর দৃশ্য চোখে পড়বে যদিও পশ্চিমবঙ্গে গত কয়েক বছর ধরেই বামপন্থী বা মার্কসবাদি কম্যুনিষ্ট পারটির একছত্র শাসন রয়েছে এবং বাহ্যত পশ্চিম বঙ্গ কম্যুনিষ্ট সমর্থকে একেবারে ছেয়ে গেছে বলে পরিচিত তথাপি আশ্চর্য এই যে এই পশ্চিমবঙ্গেই কম্যুনিষ্ট বিরোধী দৈনিক পত্রগুলির বিক্রি সবচেয়ে বেশী। এর আসল কারণ কি তার বিশ্লেষণ করা এখানে সম্ভব নয়। এবং তার প্রয়োজনও নেই কারণ যে কোন বুদ্ধিমান এবং শিক্ষিত পাঠকই এটার কারণ উপলব্ধি করতে পারবেন। বহু দীর্ঘকালের জাতীয়তাবাদের ট্র্যাডিশন থেকে আমাদের জনসাধারণ এখনও মুক্তিলাভ করতে পারেননি। আমাদের সমাজে যদিও বামপন্থী

মতবাদের প্রভূত প্রচার হয়েছে তবুও সনাতন ধ্যান ধারণা ও চিন্তা ভাবনার আচরণ থেকে আমরা মুক্তি লাভ করতে পারিনি। একথা মনে রাখা দরকার যে আমরা যতোই রাস্তায় তারস্বরে 'ইনক্লাব জিন্দাবাদ' বলে চিৎকার করি না কেন সেই রাস্তাগুলিতেই প্রকাশ্যে এবং অনায়াসে শনি পূজো চলছে এবং তার জন্যে অনেক পথচারির কাছ থেকে টোল আদায় করা হচ্ছে। অর্থাৎ, আমাদের সমাজ-তান্ত্রিক বা বামপন্থী ধ্যান ধারণা কতকটা আধুনিক কালের ফ্যাশানের আকারে দাঁড়িয়ে গেছে। আধুনিক কালের বামপন্থী বুলি না কপচালে প্রগতিশীল বলে বন্ধু মহলে চিহ্নিত হওয়া যায় না এবং চায়ের দোকানে আড্ডাও জমে না। সুতরাং বামপন্থী মতবাদ এখনও সমাজের গভীরে ততখানি শিকড় গাড়তে পারেনি যতখানি শিকড় গাড়লে একটা দেশের মধ্যযুগীয় সমাজ ব্যবস্থাকে পালটে ফেলা যেতে পারে। এই কনটাডিকশন বা বৈপরীত্য কেবল আমাদের দেশেই নয় পৃথিবীর অনেক দেশে এমনকি পশ্চিম ইউরোপেও যথেষ্ট পরিমানে দেখা যাবে।

তবে একটি বিষয়ে ব্যক্তিগতভাবে আমি গর্ব ও গৌরব বোধ করি কারণ মূলত আমি আগা গোড়া বাংলা ভাষার সাংবাদিক। এই বাংলা ভাষা বা মাতৃভাষা বটিশ আমলে খুব অনাদৃত ছিল। ইংরাজী ভাষার কৌলিন্যের জন্য আমরা প্রায় হরিজন ভক্ত ছিলাম। যা কিছু সমাদর এবং সম্মান এমনকি বিদেশ যাত্রা পর্যন্ত তার সিংহ ভাগই জুটত ইংরাজী ভাষার সাংবাদিকদের কপালে। আরো উল্লেখ করা যেতে পারে ইংরাজী দৈনিক পত্রগুলির সেই সময় (আমাদের প্রথম যৌবন কালে) দাম ছিল চার পয়সা কিংবা এক আনা যখন বাংলা সংবাদপত্রগুলির দাম ছিল মাত্র দু'পয়সা। অথচ ইংরাজী সংবাদপত্রগুলির তুলনা বাংলা খবরের কাগজের পৃষ্ঠা সংখ্যা কম ছিল না। কিন্তু স্বাধীনতার পর এই অবস্থার আমূল পরিবর্তন ঘটে গেছে। এখন বাংলা বা মাতৃভাষার সংবাদপত্রের বিক্রি এবং প্রচার সংখ্যা সবচেয়ে বেশী। ইংরাজী সংবাদপত্র সেই তুলনায় অনেক পেছনে। এখন বাংলা বা মাতৃভাষার সাংবাদিকদের মাহিনাও অনেক ক্ষেত্রে চার পাঁচ হাজার টাকার কম নয়। অবশ্য গরীব সংবাদপত্রও প্রচুর সংখ্যায় রয়েছে। কিন্তু তখনকার দিনে অর্থাৎ আমাদের আমলে ছোটবড় সব বাংলা সংবাদপত্রের অবস্থাই কাহিল ছিল। আমার দীর্ঘকালের অন্তত ৫০ বছরের অধিককালের অভিজ্ঞতায় বাংলা কিংবা ভারতীয় মাতৃভাষা সংবাদ-পত্রের জয়জয়কার দেখে গেলাম। অবশ্য এই জয়ের সঙ্গে মতাদর্শের কথা উল্লেখ করছি না। সেটা সম্পূর্ণ অন্য কথা। কিন্তু নিছক বৃত্তি হিসাবে বাংলা সাংবাদিকতা আজ নিঃসন্দেহে জয়ী। এই সাংবাদিকতা সমুদ্র লঙ্ঘন করেছে। অর্থাৎ আজকের দিনে আমাদের দেশে এমন কোন বিশিষ্ট সাংবাদিক এবং লেখক নেই যিনি বিদেশ পরিদর্শন কিংবা কোন গুরুত্বপূর্ণ ডেলিগেশনে যোগ দিতে আমন্ত্রণ পাননি। স্বাধীনতার আগে আমা-দের অধিকাংশের অদৃষ্টেই এই সম্মান জুটত না। আমাদের বঙ্গদেশে এই দিক থেকে একমাত্র ব্যতিক্রম ছিলেন স্বনাম প্রসিদ্ধ সাংবাদিক বা সম্পাদক হেমেন্দ্র-প্রসাদ ঘোষ। প্রথম মহাযুদ্ধে (১৯১৪-১৮) শেষ পর্যায়ে মাদ্রাজে সুবিখ্যাত ইংরাজী সংবাদপত্র হিন্দুর সম্পাদকের সঙ্গে একত্রে ইংল্যান্ড পরিদর্শনের সৌভাগ্য অর্জন করেছিলেন। অবশ্য সেটাও ঘটেছিল নিতান্তই ঘটনাচক্রে, কারণ হিন্দু পত্রিকার সম্পাদকের সঙ্গে ইংরাজী ভাষার অন্য যে সম্পাদক আমন্ত্রিত হয়েছিলেন তিনি সেদিনের সমুদ্র পাড়ি দিতে ভীত ছিলেন সুতরাং তার বদলে হেমেন্দ্রবাবু আমন্ত্রিত হয়েছিলেন। এবং তাঁর বিলেত যাত্রা সেই সময় আমাদের মনে কৌতূহল, সম্ভ্রম ও চাঞ্চল্য সৃষ্ট করেছিল। কিন্তু আজ সংবাদপত্রের এক জন নামজাদা প্রিন্টারও ইউরোপ বা আমেরিকায় নিমন্ত্রিত হতে পারেন।

সাংবাদিকতার গুনগত বিচারে একথা অস্বীকার করা যায় না যে আজকের দিনে সংবাদপত্রে অনেক বৈচিত্র্য এসেছে। কালের ব্যবধানে (১৯২৫-২৬ সালে আমি প্রথম সাংবাদিকতায় যোগ দিয়েছিলাম) ও যুগধর্মের ফলে পৃথিবীতে প্রায় সমস্ত দিক দিয়েই আশ্চর্য পরিবর্তন ঘটেছে। বহু উত্থান পতন এবং বিদ্রোহ ও বিপ্লব এবং যুদ্ধ ও বিপর্যয় এবং বিজ্ঞানের অভাবনীয় উন্নতি ঘটেছে। আজকের দিনে একজন মহিলা পর্যন্ত (সোভিয়েত মহিলা মাদাম তেরেস্কোভা) মহাকাশ জয় করেছেন। এসব ঘটনা তো আগের দিনে সুদূরতম কল্পনারও বাইরে ছিল। সুতরাং আমাদের কালের তুলনায় একালের সাংবাদিকতায় বৈচিত্র্য ঘটতে বাধ্য। একটি মাত্র দৃষ্টান্ত রাজনৈতিক দিক থেকে উল্লেখ করা যেতে পারে এবং সেটা হচ্ছে এই যে আগেকার দিনে গোটা পৃথিবীর প্রায় তিন চতুর্থাংশই ছিল পরাধীন কিংবা সাম্রাজ্যবাদ ও উপনিবেশবাদের অধীন। কিন্তু আজকের দিনে পৃথিবী উপনিবেশবাদ থেকে পায় সম্পূর্ণ মুক্তি। সুতরাং পৃথিবী ব্যাপী স্বাধীন রাষ্ট্রগুলির রাজনৈতিক সামাজিক অর্থনৈতিক ও সাং-স্কৃতিক সমস্যার জটিলতা এত বেশী বেড়েছে যে সেগুলি নিয়ে কোন সংবাদপত্রে প্রতিদিন মাথা ঘামাতে গেলে দিশেহারা হয়ে যেতে হবে। এতখানি জটিলতা ত্রিশ বছর আগেও ছিল না। এদিক দিয়ে আজকের দিনের সাংবাদিকদের দায়িত্ব যেমন প্রচুর পরিমানে বেড়েছে তেমনি বিদ্যাবুদ্ধির অনুশীলনও অনেক বেশী পরিমানে করতে হচ্ছে। গুনগত দিক থেকে এটা নিশ্চয়ই উন্নতির লক্ষণ।

কিন্তু একটি বিষয়ে আগেকার দিনের তুলনায় কিংবা প্রাক্‌স্বাধীনতার তুলনায় একালের সাংবাদিকতায় একটা প্রকান্ড বৈষম্য ঘটেছে। আগেকার দিনে আমরা যেন ব্রত উদ্‌যাপনে উদ্যোগী ছিলাম। আমাদের লক্ষ্য এবং আদর্শ ছিল। সোভিয়েত বিপ্লবের পর থেকে আমাদের মধ্যে অনেক সাংবাদিক ও সাহিত্যিক গণ-মুক্তির আন্দোলনে গভীর ভাবে আকৃষ্ট হয়েছিলেন এবং সেই জন্যে অনেকে যন্ত্রণায় কিংবা দুর্ভোগে ভুগেছে। শ্রেণী বৈষম্য, শোষণ ও অনাচারের বিরুদ্ধে আমাদের কালে অনেক সাংবাদিক নির্ভয়ে সোচ্চার হয়েছিলেন। সহজ বাংলায় যাকে জেহাদ ঘোষণা বলে। আমাদের মধ্যে কেউ কেউ বর্তমান সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে সেই জেহাদ ঘোষণায় ব্রতী হয়েছিলেন। কিন্তু আধুনিক

কালের সাংবাদিকতা সেই লক্ষ্য এবং আদর্শ থেকে অনেক দূরে সরে গিয়েছে। সাংবাদিকরা অধিকাংশই চাকুরিজীবি কিংবা বেতনভুক কর্মচারি মাত্র। চরিত্রের সেই দৃঢ়তা এবং আদর্শের সেই নির্মলতা যেমন নেই তেমনি সামাজিক ও অর্থনৈতিক মুক্তি অর্জনের জন্য লেখনী মারফত যুদ্ধ ঘোষণারও সংকল্প নেই। অর্থাৎ অধিকাংশ সাংবাদিকই প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে এসট্যাবলিশমেন্টের পক্ষে। সংবাদপত্র এখন বৃহৎ পণ্যে পরিণত হয়েছে। এবং অন্যান্য বৃহৎ ইনডাসট্রির উৎপাদিত পণ্যের মত সংবাদপত্র মাস প্রোডাকশনের কল্যাণে লক্ষ লক্ষ কপি বিক্রি হচ্ছে। অর্থাৎ সংবাদপত্রের বাজারে প্রসার ঘটেছে। সাংবাদিকদের বৈষয়িক উন্নতি ঘটেছে। কিন্তু দেশের লক্ষ লক্ষ কোটি কোটি বঞ্চিত অবজ্ঞাত নরনারীর মুক্তির জন্য যে ব্রত উদ্‌যাপন করা কর্তব্য আধুনিক কালের সাংবাদিকরা যেন সেই ব্রত ভ্রষ্ট হয়েছে। বর্তমান ভারতের সংকটের যুগে বোধ হয় এই অবস্থাটা কিঞ্চিৎ অনিবার্য। আজকের দিনে তারা নিতান্ত তরুণ সাংবাদিক (ছেলে এবং মেয়ে) হয়ত আগামী দিনে তারা এই অন্ধকার থেকে মুক্তি পেয়ে নতুন ভারতবর্ষ গড়ে তুলতে পারবে।



With the best compliments of :

STEEL AUTHORITY OF INDIA LTD.

CENTRAL MARKETING ORGANISATION

2, FAIRLIE PLACE, CALCUTTA-700 001

PHONE : 22-2371 (18 Lines)

ত্রিপুরাকে আরো ঘনিষ্ঠভাবে জানুন

'ত্রিপুরাদর্পণ প্রকাশনী'র ছ'টি উল্লেখযোগ্য বই

ত্রিপুরার স্মৃতি

সমরেন্দ্র চন্দ্র দেববর্মা

১৯২৭ সালে প্রকাশিত এই গ্রন্থটি সমরেন্দ্র চন্দ্র দেববর্মার একটি অসামান্য অবদান। বৃহত্তর ত্রিপুরার প্রত্নতাত্ত্বিক ইতিহাস অত্যন্ত নিষ্ঠার সঙ্গে তিনি এই গ্রন্থে আলোচনা করেছেন। প্রায় ৫৬ বছর পর এই বিরল গ্রন্থটি পুনরায় প্রকাশ করা হলো ॥ মূল্য ঃ ২০'০০ টাকা

ত্রিপুরায় লোকতন্ত্র

সমীরণ রায় সম্পাদিত

পরিসংখ্যানের আলোকে

ত্রিপুরার পূর্ণাঙ্গ নির্বাচনী ইতিহাস। রাজনৈতিক প্রেক্ষাপট ও জেলা পরিষদ ও পুরসভার নির্বাচনী ফলাফল সহ বহু তথ্য সম্বলিত এ ধরণের গ্রন্থ ত্রিপুরায় এই প্রথম প্রকাশিত হলো ॥ মূল্য ঃ ৮'০০ টাকা।

ত্রিপুরার কমিউনিষ্ট পার্টি গড়ার যুগের

দুইটি অপ্রকাশিত দলিল

সরোজ চন্দ্র সংকলিত

এই গ্রন্থে ত্রিপুরার কমিউনিস্ট আন্দোলন পার্টি গড়ার যুগের অনেক আবৃত ইতিহাস উন্মোচিত হয়েছে। ত্রিপুরার রাজনৈতিক ইতিহাসেও বইটির অপরিসীম মূল্য রয়েছে ॥ মূল্য ঃ ৭'০০ টাকা।

গঙ্গা গোমতী

স্বপন সেনগুপ্ত, কল্যাণব্রত চক্রবর্তী সম্পাদিত

কবিতা সংকলন

স্থানীয় ৯জন প্রতিনিধিস্থানীয় কবির কবিতা সংকলন। যারা যুথবদ্ধভাবে প্রচণ্ড ফুৎকারে থেমে থাকা এই অচলায়তনে ধুলোবালি, হলুদ পাতা উড়িয়ে দিয়েছিলেন ॥ মূল্য ঃ ৬'০০ টাকা।

GLIMPSES OF TRIPURA

Edited by—Soroj Choudhury & Bikash Choudhuri

ত্রিপুরার বাংলা সাহিত্য ভাষা নাট্য আন্দোলন, রাজনৈতিক বিকাশ ও গ্রামীণ অর্থনৈতিক সমস্যাবলী নিয়ে ৬টি পূর্ণাঙ্গ নিবন্ধে এই সংকলন সমৃদ্ধ। এতে লিখেছেন ঃ ধীরেন্দ্রকৃষ্ণ দেববর্মা, বিজনকৃষ্ণ চৌধুরী, ডঃ সুখময় ঘোষ, সরোজ চৌধুরী, বাণীকণ্ঠ ভট্টাচার্য এবং অরুণ কুমার গঙ্গোপাধ্যায় ॥ মূল্য ঃ ১৫'০০ টাকা।

THE BENIGN HILLS

(A study in Tripura's population growth & problem)

Dr. J. B. Ganguli

এই মূল্যবান গ্রন্থে ত্রিপুরার আর্থ সামাজিক অবস্থা পর্যালোচনা করা হয়েছে। এর আগে জনসংখ্যা সম্পর্কিত আর্থ সামাজিক মূল্যায়ন এক গ্রন্থে এভাবে সন্নিবেশিত হয় নি ॥ মূল্য ঃ ২৫'০০ টাকা।

॥ প্রাপ্তিস্থান ॥

আগরতলায় ওরিয়েন্ট বুক সোসাইটি, লক্ষ্মী ভাণ্ডার, সত্যনারায়ণ বুক হাউস, নিউ ত্রিপুরা বুক এজেন্সী ও ত্রিপুরাদর্পণ পত্রিকা অফিস

এবং

কলিকাতায় দে বুক স্টোর, ১৩ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট। *প্রজ্ঞা,* ৭৭/১ মহাত্মা গান্ধী রোড।

সংবাদপত্রের স্বাধীনতা প্রসংগে

দক্ষিণারঞ্জন বসু
প্রাক্তন অধ্যাপক
সাংবাদিকতা বিভাগ

সমাজে ব্যক্তি স্বাধীনতা বলতে প্রত্যেকের যা ইচ্ছে তাই করার স্বাধীনতা যেমন বুঝায় না, সংবাদপত্রের স্বাধীনতা বলতেও ঠিক তেমনি দায়িত্বহীনভাবে যদৃচ্ছ সাংবাদিকতার অধিকার মনে করা হয় না। তবে সাংবাদিকতা এমনি এক মহৎ বৃত্তি যে সমাজ, স্বদেশ ও সমগ্র মানবজাতির কল্যাণে সাংবাদিকদের সত্য প্রকাশের স্বাধীনতা বিশ্বের প্রায় সব সভ্য দেশেই স্বীকৃত। সংবাদের সত্যতা ও পবিত্রতা রক্ষার দায়িত্ব সাংবাদিকদের। দায়িত্ব সচেতন সাংবাদিক সংবাদ রচনায় কখনো বক্রতা আমদানি করতে চান না কারণ তাতে সংবাদ বিকৃত হয়ে পড়ে এবং সেটা সাংবাদিকের পক্ষে বড়ো অগৌরবের। সম্পাদকীয় মতামত প্রকাশেও কোনরূপ মিথ্যাচারকে প্রশ্রয় দেওয়া চলে না, কারণ জাতীয় কল্যাণের দিকে লক্ষ্য রেখে সমাজ ও সরকারের দোষ ত্রুটি দেখিয়ে নির্ভীক ভাবে সে সবের সমালোচনা ও পথ-নির্দেশ করাই সম্পাদকদের কাজ। যা সত্য ও সঙ্গত এবং মঙ্গলদায়ক ও নীতিসম্মত তা প্রকাশের পবিত্র অধিকারই সংবাদপত্রের স্বাধীনতা এবং সেই স্বাধীনতা রক্ষার জন্যে আমাদের দেশে রামমোহন রায়ের আমল থেকে আজো পর্যন্ত যে সংগ্রাম চলে আসছে কোনোদিন তার অবসান হবে না। ক্ষমতায় অধিষ্ঠিত সরকার অনেক ক্ষেত্রেই সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ করে সমালোচনায় অতিষ্ঠ হয়ে বা সরকারি গোপন তথ্যাদি প্রকাশ হয়ে পড়ায় বিব্রত হয়। তবে সংবাদপত্র দমন প্রচেষ্টার প্রতিফল ভোগ করে প্রায় ক্ষেত্রেই সরকারের চৈতন্যোদয় হয়। এবার বিদেশের অভিজ্ঞতায় লব্ধ কয়েকটি দেশে সংবাদপত্রের স্বাধীনতা বিষয়ে কিছু বলা যাক। সেদিন সোমবার, ১০ই সেপ্টেম্বর ১৯৫৬। 'নিউইয়র্ক টাইমস' পত্রিকার আপিসে আমি আমন্ত্রিত। টাইমস্-এর অন্যতম সম্পাদক মিঃ রবার্ট ওরা স্মিথ। তাঁর সঙ্গে আমার আলোচনা বৈঠক ঠিক বেলা তিনটায়। ২২৯ ওয়েস্ট, ফর্টি-থার্ড স্ট্রীট। নির্দিষ্ট সময়ের কিছু আগেই গিয়ে হাজির টাইমস্ ভবনের সামনে, কিন্তু একি! একটা খবরের কাগজের আপিস, না ছোটখাট একটা গোটা রাজ্য! ভারতের অন্যতম শ্রেষ্ঠ সংবাদপত্র প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত আমি। কিন্তু সংবাদপত্রের কার্যালয় যে এত বিরাট হতে পারে তা কোনদিন কল্পনাও করতে পারিনি। লবিতে প্রবেশ করেই থমকে দাঁড়াই, সামনেই এক মর্মরমূর্তি। সে মূর্তি এক পাবলিশারের। মিঃ এডলফ্ এস্ ওক্স তার নাম। ঊনবিংশ শতাব্দীর প্রায় শেষ থেকে চল্লিশ বছর কাল 'নিউইয়র্ক টাইমস্'-এর উপর ছিল তার একটানা কর্তৃত্ব এবং তাঁর নির্দেশিত পথে আজও অবধি এ সংবাদপত্রের পরিচালনা। তাঁরই মর্মরমূর্তির ওপর সম্পাদকীয় কর্মীদের উদ্দেশে তাঁর বাণীনির্দেশঃ ভয় বা অনুগ্রহ প্রত্যাশার অধীন না হয়ে নিরপেক্ষভাবে সংবাদ পরিবেশন করতে হবে। দল, সম্প্রদায় বা স্বার্থ সংশ্লিষ্ট পক্ষকে আমল দেওয়া চলবে না।

সংবাদপত্রের এই তো যথার্থ লক্ষ্য। এ উদ্দেশ্য রূপায়ণে সর্বদা সচেষ্ট বলেই সর্বাধিক প্রচারিত না হয়েও 'নিউইয়র্ক টাইমস্' প্রেস্টিজের দিক থেকে আমেরিকায় সর্ব-সেরা। ওক্স সম্পাদক নন, একজন পাবলিশার। আমেরিকায় সংবাদপত্রের মালিকদের পরিচয় পাবলিশার বলে। মালিক হলেও নিরপেক্ষ সাংবাদিকতার পৃষ্ঠপোষকতায় তাঁর অবদান অবিস্মরণীয়।

কিন্তু এমন নিরপেক্ষ সংবাদপত্রের আপিসে গিয়েও দেখি প্রচুর ভুল ধারণা রয়েছে সেখানে ভারত সম্পর্কে। মিঃ স্মিথের সঙ্গে নানা বিষয় নিয়ে তর্ক-বিতর্ক। কাশ্মীর, গোয়া, চীন আরও কত কি! থাক সে সব কথা। কিন্তু নতুন ভারতীয় প্রেস আইনে সংবাদপত্রের অধিকারে হস্তক্ষেপ করেছেন ভারত সরকার, গণতন্ত্র ব্যাহত হতে চলেছে আমাদের দেশে এ ধারণা দেখলাম মিঃ স্মিথের মনে বদ্ধমূল। তাঁর এ ধারণা যে ভুল, নানা যুক্তি দিয়ে তা প্রমাণ করলাম। গণতন্ত্রের প্রসারের জন্যই যে ভারতে নতুন প্রেস আইনের প্রয়োজন ছিল, তা বোঝালাম তাঁকে। দেশের স্বাধীনতার জন্যে, গণতন্ত্রের

প্রতিষ্ঠার জন্যে আমেরিকায় ও ভারতবর্ষে সংবাদপত্রের যে সংগ্রাম তা অনেকটা একই ধরনে চলে এসেছে। কিন্তু সংবাদপত্রের বিপুল শক্তি যদি কয়েকজন ধনী মালিকের কুক্ষিগত হয়ে পড়ে তাহলে প্রকৃত জনমত প্রকাশ অসম্ভব হয়ে ওঠার সম্ভাবনা। বিরাট বিরাট এক-একজন শিল্পপতি ভারতে বড় বড় এক-একটি সংবাদপত্রের মালিক। তাঁদের সঙ্গে প্রতিযোগিতায় ছোট ছোট সংবাদপত্রের বেঁচে থাকা কঠিন। অথচ গণতন্ত্রের প্রসারের জন্যেই ছোট বড় বহু সংবাদপত্রের প্রয়োজন এদেশে। তা না হলে কয়েকখানি বড় বড় কাগজের মালিক-শিল্পপতির মতামতই জনমত বলে প্রতিধ্বনিত হবে, গণতন্ত্রের অপমৃত্যু ঘটবে ভারতবর্ষে। বহু সংবাদপত্রের দেশ আমেরিকা। বিভিন্ন রকমের জনমতের স্বাধীন প্রকাশের সুযোগ রয়েছে যুক্তরাষ্ট্রে। তাই তো গণতন্ত্রের মহিমা এখানে এতটা সুস্পষ্ট। মিঃ ওক্স-এর মত মালিক যে কোন কালে যে কোন দেশেই দুর্লভ—একথাও মিঃ স্মিথকে স্মরণ করিয়ে দিলাম। নিঃস্বার্থভাবে সম্পাদকীয় নিরপেক্ষতা রক্ষার ভার সাংবাদিকদের ওপর পুরোপুরি ছেড়ে দেওয়া শুধু নয়, তাঁদের ওপর তার জন্যে কড়াকড়ি, এখনও পর্যন্ত এ অবস্থার কথা আমরা সাধারণ ভাবে ভাবতে পারি না। তাই সকল দিকের জনমত সুষ্ঠভাবে প্রকাশের সুবিধার জন্যে জাতীয় সরকার যদি আইনের আশ্রয়ে তার ব্যবস্থা করেন, তাকে সংবাদপত্রের স্বাধীনতায় হস্তক্ষেপ বলা চলে না। গণতন্ত্রের সংকোচন নয়, গণতন্ত্রের সম্প্রসারণই তার উদ্দেশ্য। এত কথা বলার পর আমার যুক্তি যেন খানিকটা মেনে নিলেন মিঃ স্মিথ।

জনমতের প্রতিধ্বনিই সংবাদপত্রের বড় কথা। অবাধে সে কাজ করে যাওয়ার মধ্যেই সংবাদপত্রের স্বাধীনতা। কিন্তু এ সম্বন্ধে এক এক দেশে এক এক রকম ধারণা। আমেরিকায় এবং ভারতে এ ব্যাপারে অনেকটা মিল ইংরেজদের সঙ্গে। সাংবাদিকতার ধরণ-ধারণেও এ তিন দেশে অনেক সাদৃশ্য। তার অন্যতম কারণ, বৃটিশ সাংবাদিকদের উদ্যোগেই আমেরিকায় ও ভারতে সাংবাদিকতার সূত্রপাত এবং অনেকটা সে আদর্শেই সংবাদপত্র পরিচালনা।

বিলিতী খবরের কাগজের প্রসঙ্গ আলোচনায় লন্ডনের 'দি টাইমস্' পত্রিকার নামই সর্বপ্রথম মনে পড়ে। এখনি ইংরেজ জাতির সেরা মুখপত্র। প্রচার সংখ্যার দিক থেকে নয়, প্রভাবে। অতি প্রভাবশালীদেরও প্রভাবিত করে তার মতামত। সাধারণ ধারণায় 'টাইমস্' সরকারী টোরি দলের পত্রিকা। কিন্তু আত্ম ঘোষণায় সে 'নিরপেক্ষ।' সময় সময় সরকারী নীতির কঠোর সমালোচনায় সে নিরপেক্ষতার পরিচয় মেলে। এই নিরপেক্ষতাই সংবাদপত্রের স্বাধীনতার স্বরূপ। জাতীয় আন্তর্জাতিক বিষয়ে সকল পক্ষের মতামত প্রকাশে 'টাইমস'-এর অকৃপণতাও লক্ষণীয়। তাই তো যুক্তরাজ্যের 'জাতীয় সংবাদপত্র' রূপে তার প্রতিষ্ঠা।

এ সম্পর্কে কিন্তু সোভিয়েত রাশিয়ার আদর্শ সম্পূর্ণ আলাদা। ১৯১৭ সনের বিখ্যাত অক্টোবর বিপ্লবের সাফল্যের পর রাশিয়ায় সমাজতন্ত্রী শ্রমিক সরকার গঠিত হবার অল্পদিনের মধ্যেই স্বয়ং লেনিন সংবাদপত্র সম্বন্ধে নতুন সোভিয়েত সরকারের নীতি ঘোষণা করলেন ১৭ই নভেম্বর। স্মলনি পেট্রোগ্রাডে বলশেভিকদের সভা বসেছে সংবাদপত্র সম্পর্কে নীতি নির্ধারণের জন্যে। সে সভায় সরকারী প্রস্তাব উত্থাপন করলেন লেনিন। তাতে বলা হলঃ

সংবাদপত্র সম্পর্কিত নয়া ব্যবস্থার প্রবর্তনের পথে বুর্জোয়া সংবাদপত্রের দমন আবশ্যকীয় একটি ক্রান্তিকালীন ব্যবস্থা। এই নয়া ব্যবস্থায় মুদ্রণযন্ত্র আর সংবাদপত্রের পুঁজিপতি মালিকগণ জনমতের সর্বশক্তিময় একচ্ছত্র নিয়ামক থাকতে পারবে না। অধিকন্তু ব্যক্তিগত মালিকানার অধীন মুদ্রণযন্ত্র আর কাগজের সরবরাহ বাজেয়াপ্ত করবার জন্যে আমাদের অগ্রণী হতে হবে। এইসব মুদ্রণযন্ত্র ও কাগজ সোভিয়েটগুলির সম্পত্তিতে পরিণত হবে—কি রাজধানীতে কি মফস্বলে।

এ প্রসঙ্গে লেনিন একথাও বলেছিলেন যে বুর্জোয়া সংবাদপত্রগুলিকে সহ্য করার অর্থ আর সমাজবাদী না থাকা। এর পরে যেরূপ স্বাধীনতা সম্ভব সে স্বাধীনতাই ভোগ করছে সোভিয়েট রাশিয়ার সংবাদপত্র, এবং সে দেশের জনসাধারণ তাকেই সংবাদপত্রের 'সত্যকারে'র স্বাধীনতা বলে মেনে নিয়েছে। সোভিয়েট শাসনতন্ত্রেও সেভাবেই সংবাদপত্রের স্বাধীনতাকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

সংবাদপত্রের স্বাধীনতার জন্যে রাশিয়ায়ও তুমুল সংগ্রাম চলেছে। সে দেশের সেরা কাগজ 'প্রাভদা'র কথাই বলি। তখনও জারের আমল। ১৯১২ সনে এ কাগজের প্রতিষ্ঠা লেনিন-স্টালিনের উদ্যোগে। সেন্ট পিটার্সবুর্গ থেকে প্রকাশিত জনগণের এই মুখপত্রখানিকে টুঁটি চেপে মেরে ফেলার কম চেষ্টা হয়নি এর শৈশবে। সর্বপ্রকার শাস্তিকে ব্যর্থ করে দিয়ে, মৃত্যুকে এক তুড়িতে উড়িয়ে দিয়ে 'প্রাভদা' সগৌরবে সংবাদপত্রের স্বাধীনতাকে প্রতিষ্ঠা দিয়েছে জনগণের স্বাধীনতার যুদ্ধকে জয়যুক্ত করেছে। গণ-মুক্তির ও বলশেভিক বিজয়ের ভিত্তিমূল বলে তাই একদিন স্ট্যালিন অভিনন্দিত করেছিলেন 'প্রাভদা'কে, সে আমলে আড়াই বছরে আট বার প্রকাশ বন্ধ করা হয়েছিল 'প্রাভদা'র। কিন্তু প্রতিবারই ঘটেছিল নতুন নতুন নামে তার আত্মপ্রকাশ। এক একটি অপূর্ব নাম। জা প্রাভদা (সত্যের জন্য), পাট প্রাভদা (সত্য পথ), যুদোভায়া প্রাভদা (শ্রম সত্য)—এমনি সব নাম। তখনকার এই সংগ্রামের দিনে 'প্রাভদা'র প্রচার সংখ্যা ছিল দৈনিক চল্লিশ হাজার। আর আজ বিশ লক্ষ। বিরাট দেশ রাশিয়ার সর্বত্র যাতে তাড়াতাড়ি এর বণ্টন সম্ভব হতে পারে, একালে 'প্রাভদা' তাই একই সময়ে প্রকাশিত হয়ে থাকে দেশের সাত-আটটি কেন্দ্র থেকে। কম্যুনিস্ট পার্টির সেন্ট্রাল কমিটির মুখপত্র হলেও আজকের রাশিয়ায় 'প্রাভদা'র জনপ্রিয়তা অপরিসীম। সংবাদপত্রের স্বাধীনতার সংগ্রামে তার দানও স্মরণীয়। তাই তো তার জন্মদিন ৫ই মে প্রতি বছর সোভিয়েট দেশে 'সংবাদপত্র দিবস' হিসেবে পালিত হয়ে আসছে। এ প্রসঙ্গে আমেরিকার 'জার্ণাল' পত্রিকাও একটি অমর নাম। তার প্রতিষ্ঠাতা-সম্পাদক জন পিটার জেঙ্গার।

তখন আমেরিকায় বৃটিশ প্রভুত্ব। অসাধুতা ও অমানুষিকতায় কুখ্যাত উইলিয়ম কসবি তখন নিউইয়র্কের বৃটিশ গভর্ণর। প্রভু ইংরেজের স্বরূপ আমরা জানি। সে প্রভুত্বের অত্যাচার থেকে মুক্তির জন্যে আমাদের দেশে সংবাদপত্রের সংগ্রাম চলে আসছে ১৭৮০ সন থেকে। সংবাদপত্রের মাধ্যমে বৃটিশ অত্যাচারের বিরুদ্ধে আমেরিকায় জেঞ্জার সংগ্রাম শুরু করেছিলেন তার প্রায় পঞ্চাশ বছর আগে।

সপ্তাহের পর সপ্তাহ বান্ডিল বান্ডিল 'জার্নাল' আগুনে পুড়িয়েও নিরুদ্যম করা গেল না জেঞ্জারকে। বরং সে আগুনের আভায় 'জার্নালে'র প্রভাব ছড়ায় চতুর্দিকে। হুড় হুড় করে বেড়ে চলে তার প্রচার সংখ্যা. অধিকতর তিক্তকষায় সমালোচনায় কসবি অস্থির। ১৭৩৪ সনে জেঞ্জারকে গ্রেপ্তার করে রাজদ্রোহের দায়ে কঠোর শাস্তি দিয়ে শায়েস্তা করতে উদ্যোগী হলেন গভর্ণর। জেঞ্জার নির্বিকার। তাঁর মামলায় বৃটিশ-বিরোধী আমেরিকার সমগ্র গণ-শক্তি তাঁর পার্শ্বে দণ্ডায়মান। সেরা এটর্নি অ্যান্ড হ্যামিল্টন স্বেচ্ছায় এসে দাঁড়ালেন সংগ্রামী সম্পাদকের পক্ষ সমর্থনে। হ্যামিল্টন বন্ধ। তিনি অসুস্থ। কিন্ত বার্ধক্য ও অসুস্থতাকে উপেক্ষা করে তিনি ছুটে এলেন ফিলডেলফিয়া থেকে এ মামলার পূর্ণ দায়িত্ব গ্রহণে।

অতুলনীয় যুক্তি-বিস্তারে হ্যামিল্টনের জয়জয়কার। সত্যের সমর্থনে সমস্ত অসত্যকে খণ্ডন করে গেলেন তিনি। উপসংহারে বললেন, সত্যপ্রকাশকে রাজ্যদ্রোহ আখ্যা দেওয়া নির্দোষ প্রজাহননে নিষ্ঠুর নৃপতির হাতে তরবারি তুলে দেওয়ার সামিল। তা চলতে পারে না।

জন পিটার জেঞ্জার মুক্তি পেলেন, বর্ধিত হল আইনের মর্যাদা, সংবাদপত্রের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এক অত্যুজ্জ্বল অধ্যায় রচিত হল। 'জাতীয় সংবাদপত্র সপ্তাহ' পালন করে এখনও প্রতি বছর জেঞ্জারকে স্মরণ করে আমেরিকার জনসাধারণ, বিশেষ করে আমেরিকার সাংবাদিকেরা। ১লা অক্টোবর থেকে ৭ই অক্টোবর প্রতি বছর পালিত হয় এ সপ্তাহ। দেশের সর্বত্র সভায় সভায় জ্ঞাপন করা হয় সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার আন্তরিককামনা। দল-মত-প্রতিষ্ঠান-নির্বিশেষে সকলের সহযোগিতায় উদ্যাপিত এই সপ্তাহ সত্য সত্যই একটি জাতীয় উৎসবের রূপ ধারণ করে আমেরিকায়।

গত বছর মার্কিন যুক্তরাষ্ট্রের জর্জিয়া রাজ্যে ছিলাম আমি 'জাতীয় সংবাদপত্র সপ্তাহে।' কলাম্বাস শহরে আমাকে দিয়ে করানো হয় এই পবিত্র সপ্তাহের উদ্বোধন। এই উপলক্ষে সভায় সভায় বক্তৃতা দিতে দাঁড়িয়েই মনে পড়েছে আমার নিজের দেশের কথা, ভারতে এমনি একটি সপ্তাহ উদ্যাপনের কথা।

হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়, ব্রহ্মবান্ধব উপাধ্যায়, শিশিরকুমার মতিলাল প্রভৃতিকে আমরা স্মরণ করব সেই সপ্তাহে। সংবাদপত্রের স্বাধীনতা অক্ষুণ্ণ রাখার সংকল্প গ্রহণ করব সে উপলক্ষে, আমাদের পূর্বাচার্যদের উদ্দেশে শ্রদ্ধা জ্ঞাপনের তাই তো শ্রেষ্ঠ পথ, আর প্রকৃত গণকল্যাণ সাধনে স্বাধীন সংবাদপত্র অপরিহার্য তাও অনস্বীকার্য।

জাতীয় মুক্তি সংগ্রামের মত ভারতে সংবাদপত্রের স্বাধীনতা রক্ষার সংগ্রামেও বাঙালীর অগ্রনায়কতা। বাস্তবিক পক্ষে ভারতে জাতীয় সংবাদপত্রের সূতিকাগার এই বাংলা দেশ। সে পুরনো ইতিহাসের আলোচনা এখানে অপ্রয়োজন, তবে দেশব্যাপী বৃটিশ বিরোধী বিক্ষোভ সৃষ্টির মূলে বাংলা সংবাদপত্রের প্রেরণা যে কতখানি তা রেভারেন্ড লালবিহারী দের একটি কথা থেকেই স্পষ্ট বুঝতে পারা যাবে। রেভাঃ দে লিখেছিলেনঃ যখনই বাংলা সংবাদপত্র কর্তৃক কোন ইউরোপীয়ান বা একদল ইউরোপীয়ান অনুচিত আচরনের জন্য ধিকৃত হয়, সেই ধিক্কার বাক্যকে রাজদ্রোহেই পর্যায়ে নিয়ে তোলা হয়, যেন যে-কোন ভবঘুরেই খাস গভর্নমেণ্টের লোক।

নীলকর কুঠিয়ালদের অত্যাচারে অতিষ্ঠ জনসাধারণ, বাংলা সংবাদপত্রের প্রেরণা ও সমর্থনে গণবিদ্রোহের পতাকা নিয়ে তারা সংগ্রামে অবতীর্ণ। সেই প্রচণ্ড বিক্ষোভ প্রশমনে বৃটিশ সরকার ও মিশনারিদের সমস্ত চেষ্টা যখন ব্যর্থ, তখন 'ইণ্ডিগো কমিশন' বসল সমস্ত বিষয়ের তদন্ত করতে। এই তদন্ত কমিশনে যাঁরা সাক্ষ্য দিয়েছিলেন প্রভাবশালী মিশনার রেভারেন্ড লঙ তাঁদের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য। তখনকার দিনের বাংলা সংবাদপত্রের একটি পরিস্কার চিত্রপরিচয় পাওয়া যায় তার সাক্ষ্যে।

১৮৬০ সনের ১২ই জুন। সেদিন রেভারেন্ড লঙ ইণ্ডিগো কমিশনের সামনে তাঁর সাক্ষ্য বললেন, "গত ষোল বছর ধরে আমি এ দেশের দেশীয় ভাষার সংবাদপত্র ও সাময়িক পত্রগুলোর নিয়মিত পাঠক। এসব পত্র-পত্রিকায় নীলচাষ সম্পর্কে নিয়মিতভাবে যে সব আলোচনা চলে তা থেকে অনেক তথ্যই আমি সংগ্রহ করেছি। কলকাতার মত মাদ্রাজ আর বম্বেতেও এদেশের লোকেরা ইংরেজী সংবাদপত্রও পরিচালনা করে থাকেন। এসব সংবাদপত্র শুধু শিক্ষিত নেটিভদের মুখপত্র।..দেশীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রগুলোর প্রভাব ক্রমশঃই বেড়ে উঠছে। তার কারণ, সাধারণভাবে নেটিভদের প্রকৃত মনোভাব এসব কাগজেই ব্যক্ত হচ্ছে। কিন্ত দুঃখের বিষয়, এসব পত্রিকার সতর্কবাণীকে ইওরোপীয়ানরা আমলই দিচ্ছে না।...'ভাস্কর' ও 'প্রভাকরে'র মত বাংলা সংবাদপত্রের প্রচার যেখানে বাঙালী সেখানেই, এমন কি পাঞ্জাব পর্যন্ত বিস্তৃত। প্রসঙ্গতঃ রেভারেন্ড লঙ বাংলা পত্র-পত্রিকার গোপনে সংবাদ সংগ্রহের সুষ্ঠ ব্যবস্থাপনার কথাও উল্লেখ করেছিলেন। সিপাহী বিদ্রোহের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেছিলেন যে, বিদ্রোহ দমনে গুপ্ত সরকারী বিধি ব্যবস্থাও অনেক সময় এসব বাংলা সংবাদপত্র ফাঁস করে দেয়।

লঙ সাহেবের সমস্ত কথাই বাংলা দেশের সাংবাদিকতার প্রতি তাঁর শ্রদ্ধাঞ্জলি, বাঙালী সাংবাদিকদের কৃতিত্বের স্বীকৃতি। কিন্ত সেই কৃতিত্ব অর্জনে কত নির্যাতনই না বাংলার সাংবাদিক সমাজকে বরণ করতে হয়েছে! কিন্তু শত লাঞ্ছনায়ও বিদেশী সরকার তার কণ্ঠরোধে কখনও সমর্থ হয়নি। শুধু বিদেশী শাসনকালের কথাই বা বলি কেন, হাল আমলের বাঙালী সাংবাদিকও সংবাদপত্রের স্বাধীনতা সম্পর্কে সদা সচেতন।

মাত্র কয়েক বছর আগে কলকাতায় সংবাদ সংগ্রহের অধিকারে পুলিসের হস্তক্ষেপের প্রতিবাদে যে বিপুল বিক্ষোভের সৃষ্টি হয়েছিল তার আলোড়ন ভারত সীমান্তে সীমাবদ্ধ থাকেনি। বহির্ভারতেরও দৃষ্টি আকর্ষণ করেছিল সে আন্দোলন। সংবাদপত্রের স্বাধীনতার প্রতি সাংবাদিকদের এই যে প্রীতিবোধ এখানেই সাংবাদিকতার গৌরব। এই গৌরবধ্বজাকে উড্ডীন রাখতে হলে পূর্বাচার্যদের ঐতিহ্য ও আদর্শ স্মরণ করা প্রয়োজন। ভারতীয় সাংবাদিকতার ইতিহাসে বাংলাদেশ যে গৌরবময় স্থান অধিকার করে আছে তাতে এই কলকাতা থেকেই 'জাতীয় সংবাদপত্র সপ্তাহ' প্রবর্তনের উদ্যোগ হওয়া বাঞ্ছনীয়। স্বাধীনতা লাভের পর দশ বৎসরের মধ্যে নানা নূতনত্বের অবতারণা করা হয়েছে বাংলা সংবাদপত্রে। নতুন পথের সন্ধান পেয়েছে এদেশের সাংবাদিকতা।

এখন সংগঠনের যুগ, বছরে একটি সপ্তাহ সারা দেশ জুড়ে সাংবাদিকের ধর্ম ও সাংবাদিকতার নানা সমস্যা নিয়ে যদি সভায় সভায় আলোচনা চলে, সংগঠন কর্মের পক্ষেও তা হবে সহায়ক।

ভারত-সাংবাদিকতায় অগ্রণায়ক বাঙালী সংগঠনের নবযুগ সৃষ্টিতেও অগ্রণী হোক।

with compliments from

IOL

Indian Oxygen Limited

PUBLIC RELATIONS —SOME DISTURBING TRENDS

J. M. KAUL
Editor, Capital

Public Relations in India, it has been said, has now come of age. The infant that was born in the sixties has now grown into an adult. As happens however with many adults there are some indications that this adult is tending to become wayward. If these tendencies are not checked in time there may be backlash. From the very beginning there has been no dearth of critics who have tried to give Public Relations a bad name. Mostly this was due to ignorance about the nature and purpose of Public Relations. People now know better. Public Relations is today much more in the limelight. But precisely because it is very much more in the public eye, its weaknesses are becoming visible as much as its strengths, its warts are standing out as prominently as its more pleasing aspects.

Public Relations as a management discipline was born in the United States in the twenties. Although there are some examples of the practice of Public Relations in India as early as the thirties, it was only in the sixties that it began to be made use of on any appreciable scale by organisations in this country. Throughout the sixties and the seventies the main struggle of practitioners was to win recognition for Public Relations as a profession and as a branch of management science. To achieve this it was necessary to ensure that certain standards of practice were adopted by practitioners all over the country. It was also necessary to prevent its misuse by developing a code of ethics and a code of conduct. The International Public Relations Association had developed precisely such codes and their adoption by the Public Relations movement in India was of great help in removing misgivings about the profession.

The professional body of Public Relations practitioners, the Public Relations Society of India, also started trainining courses for new entrants and for students desirous of taking up Public Relations as a career. Initially based on the initiative of different chapters, later a standard syllabus was evolved by the Public Relations Society of India and short term as well as long term courses based on this syllabus were organised in different parts of the country.

This helped to develop a corps of professionals with the necessary skills and with an awareness of the fundamentals of Public Relations. Public Relations Conferences held every alternate year provided a platform for exchanging notes and, what was equally important, exposed leaders of industry and government to the basic principles of Public Relations.

At the grass roots level, chapters of the Public Relations Society of India were set up which through monthly meetings, seminars, workshops and occasional training courses helped to spread awareness of Public Relations and to improve standards of practice in different regions of the country.

Nevertheless, it is worth noting there were throughout quite a few critics of the profession. Leading newspapers were wont to come out on the eve of almost every Public Relations Conference with articles or comments characterising such conferences as jamborees or tamashas. Allegations that the profession's main activity consisted of wining and dining continued to be made. This was based on the fact that Public Relations Conferences were generally held in five star hotels and that a cocktail or a dinner was a feature of almost every day's programme. Even

With Best Compliments From :

HINDUSTAN MOTORS LIMITED

Manufacturers of :

Hindustan Ambassador Car, Truck, Trekker &
Heavy Earthmoving Equipment

★

Registered Office at

9/1, R. N. MUKHERJEE ROAD, CALCUTTA-700 001

Factories at

HINDMOTOR (West Bengal) & TRIVELLORE (Tamil Nadu)

in day to day activities Public Relations practitioners did tend to use entertainment, which is only one of the many tools of Public Relations, as major form of developing relations with the different publics.

More recently one notices an overemphasis on this aspect of Public Relations activity. Simultaneously one notices a decline in grass roots activity at the regional level calculated to raise standards of practice and the skills of practitioners.

In recent months there has been a series of workshops, seminars and meetings of various sorts all at a national level. Not only have these been organised in five star hotels, they have been held quite often in exotic places such as Goa or Kathmandu. Invariably the registration fees for such workshops'seminars has been high, running into a few thousands of rupees. While there is nothing wrong about occasionally holding such conferences it is a little disturbing when one finds that there is not an equal or greater emphasis on other activities such as training courses for beginners, workshop sessions at the chapter level where every one can attend without any payment or on payment of a nominal. fee.

In the absence of such activity which can cover the totality of Public Relations practitioners within the country, or at least the majority of them, there is a danger that the base of the Public Relations profession will become narrow and restricted.

If these trends continue the Public Relations profession could be accused of carrying on Public Relations for the elite, by the elite and with the elite. Public Relations practitioners may also be charged with acting as promoters for five star hotels. However such accusations may be resented, if the practice and behaviour of Public Relations practitioners lays them open to such charges, it will not be possible to shake off the image of Public Relations people as the five-star-hotel-wallas.

And yet that would be a pity. Because Public Relations has the potential of being such a useful instrument in the hands of all organisations, big or small, all groups of people, in every walk of life. If the essence of Public relations is, as Edward Bernays so aptly put it, to bring about adjustment between an organisation and its environment it has a great role to play.

Its first and foremost duty is to make every organisation aware of the nature of the environment that we have in India. A country with over forty per cent of the population, which means a staggering 300 million people, below the poverty line ; a country where over sixty per cent of the people, which means an even more staggering 450 millon, are illiterate ; a country that has a variety of cultures and languages but that has at the same time a sense of national identity ; a country that has managed to preserve its democratic structure despite stresses and strains and failed to succumb to the trend towards military dictatorships that prevails throughout the third world ; such are some of the features of the Indian environment. How divorced from reality is the standardised, stereotyped straight jacket of the five star culture in which we are trying to breed the Public Relations practitioners of tomorrow.

Public Relations, if it has to survive and grow, must get out of this narrow groove. It must show that it can serve the small businessman, the cottage industry, the local club, the social service organisation, the little struggling theatre groups as much as the multinational or the giant industrial house. It has a role to play in achieving social objectives such as the small family norm, the adoption of modern agricultural practices by the farmer, the introduction of biogas and solar based energy systems in Indian villages as much as it has in introducing sophisticated computer systems in the modernised sector of industry, or in helping to develop markets in the USA and Europe for Indian products or for turnkey projects based on Indian techonology and know-how.

For this purpose Indian Public Relations practitioners must widen their base and go out to the villages and the small towns, seek out their clientele in small and medium business enterprises, In local municipalities and panchayats, in academic institutions and social service bodies rather than confine themselves to the limited clientele of the multinational and the large industrial house be it in the private or the public sector.

Medium & Large Scale Entrepreneurs !

Do you have any intention
to set up industries at
SILIGURI & ULUBERIA !

We are waiting for you with land with basic industrial infra-structure facilities. It is our another endeavour after establishing industrial growth centres at Haldia, Kharagpur & Kalyani.

●

Please call on us conveniently—

WEST BENGAL INDUSTRIAL
INFRA-STRUCTURE DEVELOPMENT CORPORATION
P-34, C.I.T. ROAD (2, 3 & 4 FLOORS) CALCUTTA-700 014
PHONE NOS : 24-8684, 8525, 8096.

FOR SAFETY, LIQUIDITY AND YIELD
INVEST IN OUR
DOUBLE DEPOSIT PLAN

ALLAHABAD BANK

(A Government of India Undertaking)

★

Head Office : 2, NETAJI SUBHAS ROAD
CALCUTTA-700 001

খেলার নাম মজা

অজয় বসু
অধ্যাপক,
সাংবাদিকতা বিভাগ

সব সুস্থ মানুষই খেলাধূলা ভালবাসে। খেলাধূলার দিকে মানুষের টান সহজাত। জন্মের পরই শিশু তার মায়ের কোলে শুয়ে থাকতে থাকতে হাত-পা নেড়ে তার প্রাণের প্রকাশ ঘটায়। শিশুর হাত পা নাড়া এক ধরণের খেলা। এতে যেমন তার প্রাণশক্তির অভিব্যক্তির লক্ষণ ধরা পড়ে তেমনি ওই নড়াচড়ার মধ্যে ধরা থাকে ছন্দোবদ্ধ জীবনের এক একটি ধারা। মানুষের জীবনে ছন্দ আছে, সুর আছে। সুর ছন্দ মিলিয়েই জীবন সহজ ও সুন্দর। সহজ জীবনধারা যদি কোথায়ও হোঁচট খায় তাহলেই মানুষের চলার পথ অস্বাভাবিক হয়ে উঠে।

শিশু নিজের ছন্দেই নিজেকে নাচায়। নাচতে নাচতে বাড়তে বাড়তে তার কাঠামো যখন আর একটু কঠিন হয়ে ওঠে তখন সে ছন্দ বৈচিত্র্যের সন্ধানে মায়ের কোল ছেড়ে খেলার মাঠের দিকে পা বাড়ায়। মাঠমুখী হতে তাকে কেউ না বল্লেও আপনার খেয়ালেই সে ঝোঁকে সেদিকে। কী একটা দুর্বার আকর্ষণ তার হাত ধরে টানে। জন্মের সঙ্গে সঙ্গেই সে টান সবাই অনুভব করতে পারে বলেই বলতে হয় যে ক্রীড়া প্রবৃত্তি মানুষের সহজাত।

এই সহজাত প্রবৃত্তি যত্নে লালিত পালিত হয়ে একটু বয়স বাড়লে। যখন কৈশোর-যৌবনের সন্ধিক্ষণে মানুষ বুঝতে পারে যে খেলায় থাকে অনেক মজা এবং ছন্দও। মজা কতরকমের। হারজিত ঘিরে মজা, কিছু করতে পারার সাল্ত্বনায় মজা, মজা তো সঙ্গী-সাথীদের সঙ্গে মনের মত করে মিলতে মিশতে পারায়। আর ছন্দ থাকে বড় বড় পা মেলে দৌড়াদৌড়ির মধ্যে, সমস্ত শক্তি সংহত করে থাকে ঝাঁপ দেবার রীতিতে। নিজের সমস্ত প্রাণশক্তিকে ছড়িয়ে-ছিটিয়ে মজাটুকু লুটে নিতে পারার মধ্যেই থাকে যতো আনন্দ। হাত পা গুটিয়ে ঘরে বসে থাকলে কী আর সে আনন্দের স্বাদ পাওয়া যায় ?

খেলার আনন্দের পরিধিই বা কতো বিস্তৃত। যতো দিন যায় ততোই আনন্দ সায়রে টুপ টুপ ডুব দেওয়ার অবকাশ। কতজনের সঙ্গে মেলামেশা করার সুযোগ আসে খেলতে খেলতে। শত্রু মিত্র সবাকার সঙ্গে একাকার হয়ে যাওয়ার সুবিধে পাওয়া যায়। তবে শত্রু তো কথার কথারই। বিপক্ষে যারা খেলে মুহূর্তের জন্যে তাদের শত্রু বলে মনে হলেও আসলে তারা খেলার সাথীই। তারা না থাকলে খেলা জমে কী করে ? কী করেই বা হারজিতের প্রশ্ন ঘিরে প্রতিযোগিতার আয়োজন করা যায় ?

তথাকথিত শত্রুপক্ষ এবং স্বপক্ষের সকলের সঙ্গে সখ্যতার বন্ধনে জড়িয়ে পড়াই হলো খেলাধূলার লক্ষ্য। খেলোয়াড়দের আদর্শ। এই আদর্শে যে পৌঁছে যেতে পারে খেলোয়াড় নাম তারই সার্থক এবং সার্থক খেলোয়াড় যে সে যথার্থ মানুষও বটে। যেহেতু জীবনের লক্ষ্য, সমাজ, সংসারের আদর্শ সকলের সঙ্গে মৈত্রী, প্রীতির ডোরে জড়িয়ে থাকা। জীবনে পরম লক্ষ্যে পৌঁছে যাওয়ার শিক্ষা পাওয়া যায় খেলার মাঠে। খেলতে খেলতেই। তাই খেলাধূলাকে পরম অর্থবহ বলে মনেও করা হয়। মনে করা হয় খেলা হেলা-ফেলার জিনিস নয়।

ধূলা শব্দটি খেলার সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িয়ে গেছে বটে। তবু খেলার আসরে ধূলা নিয়ে মাখামাখি করার কারণ নেই। যে আসর আনন্দ ও মজার উৎস, যেখানে দাঁড়িয়ে ছেলেমেয়েরা তাদের শারীরিক সামর্থ সম্ভাবনার পরিচয় উজাড় করে দেয় এবং পরস্পরের সঙ্গে মিলেমিশে সম্প্রীতির বন্ধনকে নিবীড় করে তুলতে চায়, চায় শুভেচ্ছা ও প্রীতি বিনিময় করতে। সেখানে ধূলো নিয়ে মাখামাখি করার অবকাশই বা কোথায় ? যারা মাঠে নেমে খেলা ছেড়ে দু হাতে ধূলো ঘাঁটতে চায় অন্যদের আঘাত হেনে, মেজাজ হারিয়ে বিদ্বেষ ছড়িয়ে, তারা সত্যিকারের খেলোয়াড় নয়। খেলাধূলার মূল কথাটি তারা উপলব্ধি করতে পারে না। পারে না অনাবিল আনন্দ ও মজার

ঠিকানা জানতেও। তারা বিকৃত মনের দাস। তারা যেমন মাঠের, তেমনই সমাজ সংসারে বড় সমস্যা। মাঠের শিক্ষাকে ঘরে এনে তারা ঘরকেও বিপন্ন করে তোলে।

তবে তাদের কথা থাক। বলা যাক, খেলাধূলার আসল দিকের কথা। খেলতে খেলতে স্বাভাবিক পথে ব্যায়াম চর্চাও করা হয়। তাতে স্বাস্থ্য ফেরে। বাড়ে মনের স্ফূর্তি। স্বাস্থ্য ও সুস্থ মন নিয়েই তো দেশ ও জাতি গড়ে উঠে। কাজেই জাতি গঠনের কাজে খেলাধূলা প্রত্যক্ষে অবদান রেখে যায়। চার পাশে তাকিয়ে দেখলেই বোঝা যাবে যে আগুয়ান ও উন্নয়নশীল দেশমাত্রেই খেলাধূলাকে যথেষ্ট গুরুত্ব দিয়েছে। তারা ক্রীড়াচর্চাকে জাতির জীবন-চর্চায় মিশিয়ে দিয়েছে। তবেই তারা এগিয়েছে।

আজকাল গোটা পৃথিবী জুড়ে কতরকমের আন্তর্জাতিক খেলাধূলার আসর বসছে। দক্ষ খেলোয়াড় হয়ে উঠতে পারলে সেই সব অনুষ্ঠান কেন্দ্রে হাজির থাকার সুযোগও পাওয়া যায়। মস্ত সুযোগ। দেশবিদেশ ঘোরা, অজানা মানুষদের চেনা ও জানার সুযোগ। যতো জানা ততোই শিক্ষা পাওয়া। এ কী কম কথা না, কম মজা! এত মজা যেখানে ছড়িয়ে আছে সেখানে না যাওয়াই চরম মুর্খামি। সাধ করে যারা এই বোকামির প্রশ্রয় দেয় তারা হারায় অনেক কিছু। কী যে হারায় তা বুঝি তারা নিজেরাও টের পায় না। ঈশ্বর করুন, এমন মূর্খামি যেন কেউ না করে।

With Best Compliments from :

Shyam Iron & Steel Industries

BAISALI MACHINERY

35, NETAJI SUBHAS ROAD,
CALCUTTA-700 001

SHOULD PLAYERS WRITE ?

ARIJIT SEN
Ex-Student
Department of Journalism

THE Board of Control for Cricket in India has a lot on its hands. Almost immediately after the most protracted power struggle found East and North Zones finally wrest the reins from South and West, there has come a new problem which has certainly not ended with a directive from the Board President, Mr. N. K. P. Salve.

I am referring to the subject of sportsmen reporting matches. Writing can certainly be classified as a democratic right. Nor can players be faulted for being paid to pen their thoughts. If they are playing a certain game and have reached the top in that particular field, their views should certainly carry weight.

The BCCI has pulled up the players not for writing on generalities or particular aspects of cricket, but for reporting on matches in which they are themselves involved. Here, it is a question of ethics. And more.

If a player is to write on a match, he may have to criticise the performance of a colleague. Or question the inclusion of a particular player. In either case, more than just ethics is involved. Criticism will create bad blood among players, thus undermining or destroying team spirit. It could also antagonise selectors to the extent of total loss of face at one extremity and retaliatory action at the other.

But what would a court of law have to say if, in a rare case, a player happens to be a professional journalist ? Commonsense would obviously point to the fundamental right of a citizen to earn his bread. But this would, perhaps, be overruled in the higher echelons of justice, where it could be determined that playing cricket at Test level not only means additional income, but quite a fat purse, at that.

The moot question at the moment is, however, more basic. Most players in the game today—from Keith Fletcher to Kapil Dev Nikhanj —simply cannot write. While Fletcher's gesture had to be translated into words, Kapil Dev's thoughts still have to be co-ordinated into a running article.

This job has to be done by a professional journalist. The sad part is that, quite often, the journalist doing all the writing in the name of the player does not earn in a whole year a tenth of what a player is offered for lending his name for just a series.

Today, newspapers and magazines are in the process of reducing sports journalism to the level of film stars promoting a brand of soap. I am not going into the ethics of the system because that is to be determined by the proprietors of the newspapers involved.

What is debatable is the net result of the use of such "brand names" as Viv Richards and Mohinder Amarnath. How many readers would switch allegiance from their favourite newspapers just to be able to read what a particular player thinks or feels about a match ? You are right. Not many.

The newspaper organisation's concern is not for readers, but for advertisers. A sports personality is a saleable commodity. His name will induce advertisers to display their offers in close proximity to the name associated with the game. It is only this consideration that justifies the expenditure on a player.

The strangest part of the whole exercise is that it is unique to India. A New York Times or a Sports Illustrated will not touch a player's writing with a barge pole—until the player proves that he can write fluently—and write sense. Even these considerations come only after a player has retired from the game.

Not for them the dubious gains of a few advertisements. Frankly, the leading organisations in the Western world are not bothered about advertisements because they already have a surfeit of them. But they do care enough about professional journalists to ensure that there is no encroachment in the latter's sphere of work. Mature organisations the world over believe that one doesn't need to actually lay and egg in order to determine whether it is good or bad. Mastery over one's own sphere of work is the only criterion.

Here in India voices are already being raised against this practice. The IFWJ has already discussed the issue and it is learnt that the Press Council has been moved in an effort to ban players from writing. While the Council can only condemn such a practice, it will be up to the Board of Control for Cricket in India to lay down permanent guidelines. Only if the cricket authorities take the lead will other sports disciplines follow.

While one cannot deny players past and and present like Pataudi, Gavaskar and Patil their right to a profession, the casual writers in India may have already written his last descriptive line.

★

Space donated by

NEO—PRINT

20A, PATUATOLA LANE,
CALCUTTA-700 009

With best compliments

from :

Bijoli Grill Spencer's Products

Phone : 47-0912

With best Compliments

from :

Janapriya Finance & Industrial Investment (India) Limited

'মনে করো, জুতো হাঁটছে পা রয়েছে স্থির.....

Bata understands shoes

সে বড়ো সুখের সময় নয়'

লেখক বলেন, আমরাও বলি। কারণ, জুতোর সঙ্গে পায়ের কোনরকম ঝগড়াই আমরা হতে দিতে পারিনা। সেজন্যই আপনার মনোমত, রুচিমাফিক, হালফ্যাশানের জুতোর জন্য সর্বদা বাটায় আসুন।

Bata

সংবাদপত্রের স্বাধীনতা সংগ্রামে কার্ল মার্কস

কল্পতরু সেনগুপ্ত

সংবাদপত্রের স্বাধীনতার জন্য যাঁরা সংগ্রাম করেছেন তাঁদের সবার আগে যাঁর নাম উল্লেখ করতে হয়, তিনি কার্ল মার্কস। তিনি সংবাদপত্রের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন এবং সংগ্রামের তাৎপর্য ব্যাখ্যা করেছেন। কার্ল মার্কস সংবাদপত্রের স্বাধীনতার প্রশ্নকে শ্রেণী সংগ্রামের সঙ্গে যুক্ত করেছেন। তাঁর ব্যাখ্যানুসারে সংবাদপত্রের স্বাধীনতার জন্য সংগ্রামের অর্থ শ্রেণী সংগ্রাম। মার্কস নিজে সাংবাদিক ছিলেন। এক সময়ে তিনি "রাইনিসে জাইটুংগ" পত্রিকার সম্পাদক ছিলেন এবং জীবনের অধিকাংশ সময় বিভিন্ন সংবাদপত্রের কলাম লেখক ছিলেন। এই সকল লেখার মাধ্যমে তৎকালীন রাজনৈতিক পরিস্থিতির বিশ্লেষণ এবং বিভিন্ন দেশের রাজনৈতিক অর্থনৈতিক এবং ব্যক্তিগত বৈশিষ্ট্যের কথা লিপিবদ্ধ করেছেন। যেমন ভারতবর্ষ সম্পর্কে, ভারতের স্বাধীনতা সংগ্রাম সম্পর্কে লিখেছেন। ১৮৫৭ সালের বিদ্রোহকে ইংরেজরা সিপাহী বিদ্রোহ হিসাবে লিপিবদ্ধ করে ভারতবাসীকে স্বীকার করিয়ে নিয়েছে। কার্ল মার্কসই সর্বপ্রথম এই বিদ্রোহকে ভারতের স্বাধীনতার যুদ্ধ হিসাবে ব্যাখ্যা করেছিলেন। এই সকল লেখায় তাঁর অসাধারণ পরিশ্রম, পাণ্ডিত্য এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির প্রকাশ হয়েছে। জগৎকে ব্যাখ্যা করা এবং পরিবর্তনের দিক নির্দেশে এই লেখা মার্কসের চিন্তাকে প্রসারিত করেছে। এই রকম প্রবন্ধ ও পুস্তকের মাধ্যমে মার্কস ও এঙ্গেলস তাঁদের বৈজ্ঞানিক চিন্তা ও আবিষ্কার মার্কসবাদের তত্ত্ব উপস্থিত করেছেন। এই তত্ত্ব সারা পৃথিবীকে যেভাবে আলোড়িত করেছে এরকম আর কোন মতবাদ কার্যকরী হয়নি। কার্ল-মার্কসের মৃত্যু শতবার্ষিকী পালিত হচ্ছে সারা জগতে। তাঁর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হচ্ছে, মার্কসবাদ কিভাবে জগতকে পরিবর্তিত করেছে, নতুন সমাজব্যবস্থার জন্ম দিয়েছে এসব কথা আলোচনার সঙ্গে সাংবাদিক কার্ল মার্কস ও সংবাদপত্রের স্বাধীনতার জন্য তাঁর সংগ্রামের কথা এসে যাবে।

বুর্জোয়া শ্রেণী এক সময় সংবাদপত্রের ও ব্যক্তিস্বাধীনতার পক্ষে ছিল, যখন তারা সামন্ততন্ত্রের কবল থেকে সমাজকে মুক্ত করার জন্য বিপ্লবীর ভূমিকা গ্রহণ করেছিল। শ্রেণী স্বার্থের প্রয়োজনে তারা জনগণের ভোটাধিকার স্বীকার করেছিল, শান্তিপূর্ণ আন্দোলন ও দাবী করার অধিকার স্বীকার করেছিল। এই ঐতিহাসিক ভূমিকা পালন করার পথে তারা জনগণকে তাদের দিকে টানতে পেরেছিল স্বাধীনতার স্বপ্নে ও গণতন্ত্রের আশ্বাসবাণীতে। মেহনতি মানুষ সেদিন গণতান্ত্রিক বিপ্লব সাধনে বুর্জোয়াদের সঙ্গে যোগ দিয়েছিল ভবিষ্যতের কথা চিন্তা করে। কিন্তু বুর্জোয়া-গণতান্ত্রিক বিপ্লব শেষ হবার পর তারা জনগণের প্রতি বিশ্বাসঘাতকতা করে। গণতন্ত্রের নামে তারা শোষণযন্ত্র প্রতিষ্ঠা করে। যে ব্যক্তিস্বাধীনতার কথা বলে তারা জনগণকে আকৃষ্ট করেছিল সেই ব্যক্তিস্বাধীনতাকে তারা সহ্য করতে পারল না, সংবাদপত্রের স্বাধীনতা অস্বীকার করতে থাকে, অথবা সঙ্কুচিত করে। কার্ল মার্কস এসব কথা কমিউনিষ্ট ম্যানিফেস্টোতে লিখেছেন এবং তাঁর অনেক লেখায় বুর্জোয়ারা কি করে তাদের ভূমিকা পরিবর্তন করে এবং কেন নিজেদের অতীতের স্লোগান নিজেরা অস্বীকার করে, নিজেদের স্লোগান শুনে আঁৎকে ওঠে, ভীত হয়, তার কারণ বর্ণনা করেছেন।

সংবাদপত্রের স্বাধীনতার উপর কেন তারা আক্রমণ করে এই প্রসঙ্গে মার্কস লিখেছেন—"সংবাদপত্র যদি স্বাধীনতা ভোগ করে তবে বর্তমান সরকার ও সাধারণভাবে গণতান্ত্রিক রাজতন্ত্র আধুনিক কালের কোন সভ্যদেশে ক্ষমতায় অধিষ্ঠিত থাকতে পারে না। সংবাদপত্রের স্বাধীনতা অর্থাৎ মতামত-সমূহের খোলাখুলি প্রতিদ্বন্দ্বিতা হলো সংবাদপত্রের পরিসরে শ্রেণীসংগ্রাম চালিয়ে যাবার স্বাধীনতা। কিন্তু আসলে যে ধরণের শৃংখলা বুর্জোয়ারা আন্তরিকভাবে প্রত্যাশা করে তা হলো শ্রেণী সংগ্রামকে স্তব্ধ করা, শোষিত শ্রেণীর কণ্ঠরোধ

করা। স্বভাবতই ক্ষমতাশীল দলকে সংবাদপত্রের মাধ্যমে খোলাখুলি মত প্রকাশের প্রতিদ্বন্দ্বিতা বন্ধ করতে হয়। সংবাদপত্র আইন জারি করে তারা একচেটিয়া প্রভুত্বকে রক্ষা করার জন্য যথাসাধ্য চেষ্টা করে" (মার্কস এঙ্গেলস সংগৃহীত রচনাবলী, ৯ম খণ্ড, পৃঃ ৩২৭)।

সাংবাদিকরূপে নিজের জীবনের অভিজ্ঞতায় তিনি সংবাদপত্রের স্বাধীনতা হরণের বিরুদ্ধে তাঁর লেখনি ধরেন। ১৮৪১ সালে প্রুসিয়াতে সংবাদপত্রের উপর সেন্সরবিধি আরোপিত হলে মার্কস তার বিরুদ্ধে নিজের মতামত সুস্পষ্ট-ভাবে ব্যক্ত করেন। তিনি লেখেন—"লেখকের প্রচেষ্টার সমস্ত উদ্দেশ্যের সংক্ষিপ্তসারকে সত্যের সাধারণ ধারণা বলা চলে। সত্য বলতে কেবল ফলাফলকে বুঝায় না, তার জন্য পথ সন্ধানকেও বুঝায়। সত্যের জন্য অনুসন্ধানের পথটিও সত্য হতে হবে, সঠিক অন্বেষণ হলো উন্নত সত্য—যার দ্বারা ছড়িয়ে থাকা উপাদানগুলি ফলাফলের মধ্যে একত্রিত করা হয়।" কিন্তু সত্যের সংজ্ঞা বুর্জোয়াদের আর শোষিত মানুষদের এক রকম নয়। শোষিত মানুষের সত্য অন্বেষণ এবং সত্য উপলব্ধিকে বুর্জোয়ারা ভয় করে, তাই তারা সত্যের নামে সত্যের কণ্ঠরোধ করে। সেন্সর ব্যবস্থা এবং নানা রকম আইনের বেড়াজাল রচনা করে সংবাদপত্রের স্বাধীনতা হরণ করে এবং নিয়ন্ত্রিত করে রাখে। তার অর্থ বুর্জোয়া সরকার যা মনে করবে তাই সত্য, এবং একথা সকলকে মেনে নিতে হবে। এই পরিপ্রেক্ষিতে মার্কসের কথা—"মানসিক গঠনের জন্য সৃষ্ট আইন নিজ নাগরিকদের জন্য রাষ্ট্রের আইন নয়। আসলে অন্য দলের বিরুদ্ধে একটি দলের দলীয় আইন। যে আইন ন্যায় প্রবণতাকে শাস্তি দেয়, আইনের চোখে নাগরিক-দের সমান বিচার পাওয়ার ব্যবস্থাকে বিলোপ করে। এ হোল সেই আইন, যা ভেদ সৃষ্টি করে, সাম্য আনে না। যে সমস্ত আইন ভেদাত্মক তা প্রতিক্রিয়াশীল। এটা আইন নয়, সুবিধা ভোগ। যে সমাজে একটি সংস্থা নিজেকে অদ্বিতীয় শক্তি ও নৈতিকতার প্রচারক ভাবতে শুরু করে—যে সরকার নীতিগতভাবে জনগণের বিরোধিতা করে এবং তার দ্বারা নিজের জনবিরোধী মানসিক গঠনকেই স্বাভাবিক মানসিক গঠন বলে বিবেচনা করে, এই অংশবিশেষের দুষ্ট মানসিকতাই আবিষ্কার করে প্রবণতার বিরুদ্ধে আইন যা হলো প্রতিহিংসা-পরায়ণ আইন।"

সংবাদপত্রের স্বাধীনতা হরণ করেও শেষ পর্যন্ত বুর্জোয়া সরকারগুলির তেমন সুবিধা হয় না। মার্কস লিখেছেন—"কোন মানুষ স্বাধীনতাকে বিধ্বস্ত করতে পারে না। বড়জোর সে অন্যের স্বাধীনতা হরণ করে। সুতরাং সব ধরণের স্বাধী-নতাই সব সময়ে বহাল রয়েছে কখনো তা বিশেষ অংশের সুবিধা হিসাবে, কখনো সার্বজনীন অধিকার হিসাবে।". বুর্জোয়া সরকার মনে করে মতামত প্রকাশের মাধ্যমগুলিকে নিয়ন্ত্রণ করে মানুষের সংগ্রামের খবর প্রকাশ করতে দেবে না, যাতে মানুষ ন্যায় ও সত্যের পথে অনুপ্রাণিত হতে না পারে। এই মানসিকতার বিরুদ্ধে বিশ্লেষণ করে তার পরিণতি সম্পর্কে মার্কস লিখেছেন—"নিয়ন্ত্রণের দ্বারা সংগ্রামের অবলুপ্তি ঘটানো যায় না। এর দ্বারা নীতিভিত্তিক সংগ্রাম, নীতির জন্য সংগ্রামে পর্যবসিত হয়। নীতিহীন ক্ষমতাধরদের বিরুদ্ধে ক্ষমতাহীনদের সংগ্রামে রূপান্তরিত হয়।" কার্ল মার্কস নিয়ন্ত্রণের বিরুদ্ধে আরো লিখেছেন—"স্বাধীন সংবাদ-পত্রের মর্মবস্তু হলো স্বাধীনতার চারিত্র যুক্তিবাদ ও মানসিক সম্পদ। নিয়ন্ত্রিত সংবাদপত্র হলো স্বাধীনতাহীন এবং চরিত্র-হীন দানব বিশেষ। এটা সভ্য দানব, সুরভিত গর্ভপাত।"

সংবাদপত্রের স্বাধীনতার জন্য সংগ্রামে এবং নির্ভিক-ভাবে মতামত প্রকাশ করার দরুণ মার্কস ও এঙ্গেলসকে বহু-বার প্রতিকূল অবস্থার সম্মুখীন হতে হয়েছে। প্রতিক্রিয়াশীল সংবাদপত্রগুলি তাঁর বিরুদ্ধে ভুল প্রচার ও মানুষকে প্ররো-চিত করেছে। এই বিরুদ্ধতার মোকাবিলায় মার্কস কলম ধরেছেন, একবার পিস্তলও ধরেছিলেন। যখন তাঁর বাড়িতে ঢুকে তাঁকে ভয় দেখাতে এসেছিল দু-জন অফিসার। 'নিও রাইনিসে জাইটুঙ' পত্রিকা চালাবার সময় হাতের কাছে রাইফেল ও গুলি মজুত রেখে কাজ করতে হতো। বিভিন্ন সময়ে মার্কসের সংবাদপত্র অফিসে প্রতিক্রিয়শীল ও পুঁজিবাদীদের দালালরা হামলা করেছে। তাঁকে গ্রেপ্তার করা হয়েছে, সংবাদপত্র বন্ধ করে দেওয়া হয়েছে, তাঁর নাগরিকত্ব কেড়ে নেওয়া হয়েছে, দেশ থেকে বহিষ্কার করা হয়েছে। নানাভাবে নির্যাতন এবং চরম দারিদ্র্যের মধ্যে তাঁকে দিন কাটাতে হয়েছে। হল্পাহারে ও অপুষ্টিতে এবং চিকিৎসার অভাবে সন্তান ও স্ত্রীর মৃত্যু হয়েছে। এত প্রতিকূলতার মধ্যে মার্কস অবিচলিত থেকেছেন। সকল মানুষের ভবিষাৎ সুখের জন্য ও মুক্তির পথ আবিষ্কারের কাজে নিবিষ্ট ছিলেন। তিনি কেবল তাত্ত্বিক ছিলেন না, সেই তত্ত্বকে বাস্তবে রূপ দেবার জন্য জনগণের কাছে উপস্থিত হতেন। আবিষ্কৃত তত্ত্বকে হাতিয়ার করে তার ধার পরীক্ষা করেছেন নতুন করে জগতকে গড়ে তোলার জন্য। নিজের জীবনের নির্মম অভিজ্ঞতার ভিতর দিয়ে গভীর জ্ঞানের মাধ্যমে মার্কস এই উপলব্ধি লাভ করেছিলেন যে "তাদের অন্ধকার কারাকক্ষ ও উঁচানো সঙ্গীন সত্বেও স্বাধীনতা জয়ী হবেই।" সংবাদপত্রের স্বাধীনতার শেষ কথা তাঁর মতে "সর্বত্র ও সব সময়ে শেষ কথাটি হবে—শ্রমিক শ্রেণীর মুক্তি।"

মার্কস এঙ্গেলস-এর পরবর্তী এবং মার্কসবাদের শিক্ষক ও ব্যাখ্যাকাররা সংবাদপত্রের স্বাধীনতার সংগ্রাম যে শ্রেণী সংগ্রামের উচ্চ পর্যায়ের সংগ্রাম এই সত্যকে কার্যকর করতে



সচেষ্ট ছিলেন। ১৯১২ সালের ১৫ই মে জার শাসিত রাশিয়ায় ভ্লাদিমির ইলিচ লেনিন 'প্রাভদা' পত্রিকা প্রকাশ করেছিলেন। আধা আইনী পরিবেশে পত্রিকাটির প্রথম সংখ্যা বেরিয়ে ছিল। সেই সংখ্যায় সম্পাদকীয় প্রবন্ধে লেখা হয়েছিল—"অভিজাতবর্গ, যাজকগোষ্ঠী, শিল্পপতি, শেয়ারের দালাল ও বণিক সকলেরই নিজের সংবাদপত্র রয়েছে। এগুলি তাদের বৈশিষ্ট্য অনুসারে জীবনকে দেখে এবং দেখায়, বিভিন্ন ঘটনার প্রতি নিজেদের মাপকাঠি ব্যবহার করে। শ্রমিকশ্রেণীকে অতি অবশ্য সত্যকে জানতে হবে। শ্রমিকদের সংবাদপত্র 'প্রাভদা' (সত্য) নিজ নামের উপযুক্ত হয়ে উঠবে। এভাবে তার ব্রত পালন করবে।" 'প্রাভদা' আধা আইনী অবস্থায় যখন প্রকাশিত হয় তখন তার প্রচার সংখ্যা ছিল ৪০ হাজার। বর্তমানে একবারের প্রচার সংখ্যা ১ কোটি ২০ লক্ষ। এই 'প্রাভদা' রাশিয়ার শ্রমিক শ্রেণীকে সংগঠিত ও রাজনৈতিক সচেতন করেছে এবং নভেম্বর বিপ্লব সফল করেছে। মার্কস সংবাদপত্রের যে ভূমিকার কথা ভেবেছিলেন লেনিন সেই ভাবনাকে সার্থক রূপদান করেছেন। 'প্রাভদা' অনুসরণে সমাজতান্ত্রিক দেশগুলিতে বিপ্লবের আগে থেকে পত্রিকা প্রকাশিত হচ্ছিল। সমাজতান্ত্রিক সমাজগঠন ও আরো উন্নত পর্যায়ে অগ্রসর হবার পথে শিক্ষক ও সংগঠকের ভূমিকা গ্রহণ করেছে। ধনতান্ত্রিক ও উন্নয়নশীল দেশগুলিতে এই প্রেরণায় বুর্জোয়া পত্রিকাগুলির পাল্টা পত্রিকা বার করা হচ্ছে। এই সকল পত্রিকা গণতান্ত্রিক আন্দোলন, ট্রেড ইউনিয়ন, কৃষক আন্দোলনের সঙ্গে যুক্ত। সামাজিক দুর্নীতি, কুসংস্কার, শোষণ, অবিচার, ধর্মীয় অন্ধতার বিরুদ্ধে সজাগ প্রহরীর মত এই পত্রিকাগুলিকে লিখতে হয়, জনগণের অভাব অভিযোগকে তুলে ধরতে হয়। এই সকল সংবাদপত্র সবরকমের কুসংস্কার ও দাসত্ব থেকে মুক্তি সংগ্রামের চিত্রকে প্রকাশ করে।

ভারতের মত বিরাট দেশে অসংখ্য দৈনিক, সাপ্তাহিক, মাসিক পত্রিকা থাকা স্বাভাবিক। এই সকল পত্রিকার ৯০ শতাংশ বুর্জোয়া, ব্যবসায়ী ও প্রতিক্রিয়াশীলদের হাতে। এই পত্রিকাগুলির প্রত্যেকটি নিজেদের শ্রেণী দৃষ্টিতে ও স্বার্থে সংবাদ পরিবেশন করে, মন্তব্য প্রকাশ করে। সব সময় এই ভ্রান্ত ধারণা প্রচার করে যে ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার মধ্যে ন্যায়নীতি সম্ভব। ধনতন্ত্রকে কিছুটা সহনশীল করে বাঁচিয়ে রাখাটাই এরা মহৎ কাজ মনে করে। নানা কথার গাঁথুনিতে সেই ধারণা পাঠকদের মনে ধরিয়ে দেয় ধীরে ক্রিয়াশীল বিষের মত। দেশে গণতান্ত্রিক সংগ্রাম এবং শ্রেণীচেতনা যত বাড়ছে ততই এসব পত্রিকার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বুর্জোয়া পত্রিকাগুলির কারিগরি দক্ষতায় অনেকে মোহগ্রস্থ হয়—ভিতরের উদ্দেশ্য বুঝতে পারে না বলে। বুর্জোয়া পত্রিকার পাল্টা পত্রিকাগুলির কারিগরি দক্ষতা কম, কিছুটা জীর্ণদশা, তথাপি মনে রাখা দরকার এই পত্রিকাগুলি শোষিত মানুষের পক্ষে লিখছে, সত্য সংবাদ বার করছে এবং সমাজ পরিবর্তনে ভূমিকা পালন করছে।

SAVE & INVEST

THROUGH

Our Small Savings Schemes

They are most suitable

for

★ FUTURE PROVISION

★ CHILD'S EDUCATION

★ DAUGHTER'S MARRIAGE

★ HOUSE - BUILDING

Cable : BHABISWAT

Govt. Regd. No. 27915

Phones : 24-6653
24-7281
21-3588

Favourite Small Investment Limited

Regd. & Head Office :

83, PARK STREET, CALCUTTA,

Pin Code : 700 016

★

FOUNDER & MANAGING DIRECTOR

SRI N. DEY.

আজকের সাংবাদিকতা : নড়লেই বিপদ

অসীম কুমার মিত্র
প্রাক্তন ছাত্র
সাংবাদিকতা বিভাগ

স্বাধীনোত্তর ভারতে সংবাদপত্র আর শুধুমাত্র সমাজসেবা বা দেশসেবার বাহনমাত্র নেই। সংবাদপত্র হয়ে উঠেছে একটি শিল্প—এক বিশেষ ধরণের শিল্প যেখানে ঐসব সেবা-মূলক ভূমিকা প্রধান বলে ঘোষিত হলেও কার্যকালে দেখা যায় যে লাভ লোকসানের হিসাবটাই সেখানে বড় হয়ে দাঁড়ায়। স্বাধীনতার পূর্বে এদেশে সাংবাদিকতা ভাব-প্রবণতার তোড়ে ভেসে বেড়াত, তার পেছনে অবশ্য থাকতো একটা Missionary zeal—অতএব সব সময় যে সেটা দায়িত্ব-শীল সাংবাদিকতা হত এমন কথা বলা যায় না। কিন্তু সেখানে লাভ-লোকসানের হিসাব কখনই বড় হয়ে উঠতো না। বরং বলা যায়, এ লাইনে যাঁরা আসতেন তাঁরা ঘরের খেয়ে বনের মোষ তাড়ানোর ব্রত নিয়েই আসতেন। ফলে এমন কথাও শোনা যেত যে, এই কলকাতা শহরে কেউ সাংবাদিক একথা শুনলে বাড়িওয়ালা তাঁকে বাড়ি ভাড়া দিতেন না। কন্যাদায়গ্রস্ত পিতাও সাহস করে সাংবাদিকের সঙ্গে মেয়ের বিয়ে দেবার কথা ভাবতেন না।

স্বাধীনোত্তর ভারতে অন্ততঃ এইদিকে একটা বিরাট পরিবর্তন ঘটেছে। সাংবাদিকতা করার সুযোগ পাওয়া এখন রীতিমত ঈর্ষার বস্তু হয়ে গিয়েছে। তাই সাংবাদিকতার চাকরি ইদানিং Coveted job হিসাবেই চিহ্নিত। চরিত্রগত এই বদলের প্রধান কারণ হল সংবাদপত্র এখন একটি শিল্প। 'ডিম্যাণ্ড অ্যাণ্ড সাপ্লাই' এর নিয়মে এরও চালচলন নিয়ন্ত্রিত। এই শিল্পের আর একটা বড় বৈশিষ্ট্য হল প্রতিটি খবরের কাগজের উৎপাদন ব্যয় যা, তার চেয়ে কয়েক গুণ কম দামে এটি বিক্রী করতে হয় এবং মজার কথা হল তবু সংবাদপত্র মালিকদের মুনাফার অঙ্ক বছরের পর বছর বেড়েই যায়। এর পেছনে যে রহস্য আছে—সে বিষয়টা পৃথক আলোচনার বস্তু!

স্বাধীনতার পর থেকে একটা ধুয়া তোলা হয়েছে যে সংবাদপত্রকে 'রেসপন্সিবল' বা দায়িত্বশীল হতে হবে। সমা-লোচনা যা করা হবে তা যেন গঠনমূলক সমালোচনা হয়। সেইজন্য আমাদের যে নতুন সংবিধান যা ১৯৫০ সালে প্রবর্তিত হয়েছে তাতেও সংশোধন করা হয়েছে—সরকার সংবাদপত্রের অবাধ মন্তব্যাদি প্রকাশের উপর "Reasonable restriction" বা যুক্তিপূর্ণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তনের অধিকার নিজের হাতে নিয়ে নেন এবং এই অধিকার হাতে নেওয়ার জন্য সংবিধান সংশোধন পর্যন্ত করতে হয়। সরকার পক্ষে যে দলই থাকুন না কেন সংবাদপত্রের সমালোচনা তাঁরা মোটেই ভালো চোখে দেখেন না। Reasonable restriction-এর ধারালো অস্ত্রটা তুলে ধরে তাঁরা অনবরত ভয় দেখাতেও ছাড়েন না। যেহেতু সংবাদপত্র একটি শিল্প সেইহেতু মোট বিজ্ঞাপনের প্রায় ৪০ শতাংশ বিজ্ঞাপনের নিয়ন্ত্রণ কর্তা হিসাবে রাজ্য ও কেন্দ্র সরকার জোর খাটাতে কসুর করেন না। আধা সরকারি ও সিকি সরকারি সংস্থাগুলিও এর জের টেনে চোখ রাঙিয়ে থাকেন। মজা হল বেশির ভাগ সংবাদপত্রই তখন 'যো হুজুর' ভূমিকা পালনের শপথ নিয়ে নাকে খৎ দিতে বিন্দুমাত্র বিলম্ব করেন না।

দেখা যায়, কোন দল যখন বিরোধী পক্ষে থাকেন তখন তাঁরা সংবাদপত্রের স্বাধীনতা বজায় রাখার জন্য জীবন পর্যন্ত দান করতে প্রস্তুত হয়ে যান। কিন্তু যে মুহূর্তে ক্ষমতার কোমল আসনে গা এলিয়ে দেবার সুযোগ তাঁরা পান অমনি তাঁরা সবার আগে খবরের কাগজের উপর আঘাত হানতে উদ্যত হন। এই প্রসঙ্গে একটি চমৎকার উদাহরণ দেওয়া যেতে পারে মার্কিন প্রেসিডেন্ট এব্রাহাম লিঙ্কনের জীবন থেকে। সংবাদপত্রের স্বাধীনতাকে সুনিশ্চিত করার জন্য লিঙ্কন যে ভূমিকা পালন করেন তা চির-স্মরণীয়। কিন্তু সেই লিঙ্কনই যখন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হলেন তখন তাঁর কণ্ঠেও ধ্বনিত হল অন্য সুর।

লিঙ্কন আমেরিকার প্রেসিডেন্ট থাকা কালে নিজের স্ত্রী ছাড়া অপর একটি মহিলাকে সন্তানসম্ভবা করেছেন বলে এক চাঞ্চল্যকর অভিযোগ সম্বলিত খবর সংবাদপত্রে প্রকাশিত হওয়ায় লিঙ্কন ,ত একেবারে রাগে ফেটে পড়েন। এই মারাত্মক খবরকে তিনি আদালতে গিয়ে চ্যালেঞ্জ না করতে পারলেও সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করার জন্য এই সময় তিনি এমন কিছু মন্তব্য করেন যা রীতিমত বিস্ময়কর এবং কৌতূহলোদ্দীপক। এদেশেও ঐ ধরণের প্রচুর উদাহরণ আছে। ১৯৭৭ সালে কেন্দ্রে জনতা সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর তাঁদের কণ্ঠেও শোনা গেছে 'দায়িত্বশীল সাংবাদিকতার' কথা। যদিও তার কিছুকাল আগে এমার্জেন্সীর বিরুদ্ধে লড়াই করার সময় তাঁরাই 'সংবাদপত্রের স্বাধীনতাকে' গণতন্ত্রের অন্যতম স্তম্ভ বলে চিহ্নিত করেছিলেন। আবার কেন্দ্রে জনতা সরকার থাকাকালীন সংবাদপত্রের স্বাধীনতার পক্ষে কংগ্রেসের বিশেষণমণ্ডিত বক্তব্যগুলিও ভুলে যাওয়ার কথা নয়। আর আমাদের এই রাজ্যে ইদানিং বামফ্রন্ট সরকারের মুখপাত্রদের মুখে ত অহরহ এই সংক্রান্ত উপদেশবাণী শোনা যাচ্ছে। সাংবাদিকতায় দায়িত্ব কাকে বলে বা গঠনমূলক সমালোচনা কাকে বলে এসব কথা ব্যাখ্যা করতে তাঁরা মোটেই ক্লান্তিবোধ করছেন না। সত্য সেলুকাস কি বিচিত্র এই দেশ !

যাই হোক, এই প্রসঙ্গে আরও অনেক প্রশ্নই তোলা হয়ে থাকে। যেমন আমরা কি চাই—সংবাদপত্রের স্বাধীনতা না সাংবাদিকের স্বাধীনতা ? যদি বলি সংবাদপত্রের স্বাধীনতা তাহলে পাকেচক্রে মালিকদের স্বাধীনতাকেই মেনে নেওয়া হয়। আর যদি বলি সাংবাদিকের স্বাধীনতা চাই—তাহলে প্রশ্ন থেকে যায় যে কাগজটা চালাবে কে ? বিপদ দু দিকেই আছে। এ থেকে নিস্তার পাওয়ার কোন পথ এখনও আবিষ্কৃত হয় নি। যদিও এই উদ্দেশ্যে অনেকগুলি প্রস্তাব ইতিমধ্যেই এসেছে। যেমন, সংবাদপত্রের মালিকানার বিকেন্দ্রীকরণ, সংবাদপত্র ব্যবস্থাপনায় সাংবাদিক-অসাংবাদিক প্রতিনিধির যোগদান; সমবায় ভিত্তিতে সংবাদপত্র পরিচালন প্রভৃতি। বিস্তারিত আলোচনায় দেখা যায়, এর কোনটাই ত্রুটিমুক্ত নয়।

সুতরাং মালিকানার ক্ষেত্রে যা চলছিল তাই চলছে। এমতাবস্থায় সংবাদপত্র যে স্বাধীনতা ভোগ করছে অথবা যা ভোগ করছে না তার একটা তথ্য ভিত্তিক ব্যাখ্যা করলে দেখা যাবে যে সংবাদপত্রের মালিক বা সাংবাদিক কারও স্বাধীনতাই আজকের সাংবাদিকতায় নেই। এই স্বাধীনতা ভোগ করছে একমাত্র সংবাদসূত্রগুলি। খবরের কাগজের পক্ষে সংবাদসূত্রগুলি হল সংবাদ সংস্থা—অর্থাৎ পি টি আই, ইউ এন আই, রয়টার; এ এফ পি, ইউ পি আই, হিন্দুস্থান সমাচার, সমাচার ভারতী (শেষোক্ত সংস্থা দুটি ভারতীয় ভাষায় সংবাদ পরিবেশন করে থাকে) প্রভৃতি, রাইটার্স বিল্ডিংস, নিউ সেক্রেটারিয়েট বা বিভিন্ন সরকারি দপ্তর, লালবাজার, করপোরেশন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপর্ষদ, পি আই বি প্রভৃতি।

প্রথমেই ধরা যাক, সংবাদ সংস্থা কর্তৃক প্রেরিত সংবাদের কথা। এই সূত্রে যেসব খবর আসে তা অন্ততপক্ষে দু হাত-তিন হাত ফেরতা হয়ে অর্থাৎ দু-তিন জনের দ্বারা সম্পাদিত হয়ে তবে 'ক্লিডে' দেওয়া হয়। এই সূত্রে একটি উদাহরণ দিলে ব্যাপারটা আরও পরিষ্কার হবে। তখন সঞ্জয় গান্ধী বেঁচে। তাঁর সর্বপ্রথম 'প্রেস ইণ্টারভিউ' যা সকল সংবাদ সংস্থাই 'ক্লিডে' পাঠিয়েছিল। ইউ এন আই যেটা পাঠিয়েছিল তার খানিকটা আসার পরই 'ক্লিডে' এল তিনটি কথা "KILL, KILL, KILL"—অর্থাৎ সঞ্জয় গান্ধীর ইণ্টারভিউ যা 'ক্লিডে' দেওয়া হয়েছিল সেট 'কিল' করতে হবে। পরে তাঁরা আবার নতুন করে ঐ খবর পাঠালেন এবং দেখা গেল পুরাণ ম্যাটারের সঙ্গে নতুন ম্যাটারের অনেক ফারাক। এবার ভেবে দেখুন, ঐ ব্যক্তির ইণ্টারভিউ-এর সময় যদি সংবাদপত্রের নিজস্ব প্রতিনিধি কেউ না থাকে এবং সংবাদ সংস্থার খবরেরই উপর যদি নির্ভর করতে হয় তাহলে অবস্থাটা কি দাঁড়ায়। ঠিক সেইরকম রাইটার্স বিল্ডিংস বা অন্যান্য সরকারি দপ্তর থেকে পাওয়া খবরও বারান্তরে সম্পাদিত ও 'সেন্সর্ড' হয়ে তবে সাংবাদিকের কাছে আসে। কারণ সরকার সে খবর কখনই প্রকাশ করতে চাইবেন না যা তাঁদের অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে ফেলতে পারে।

পুলিস বাহিনীর উপর সংবাদ পরিবেশন সংক্রান্ত বিষয়ে একটা কড়া নির্দেশ দেওয়া আছে এবং প্রতি বছরই সে নির্দেশটি ঝালাই করে নেওয়া হয়ে থাকে। নির্দেশটি হল পুলিসের ডেপুটি কমিশনার বা সুপারিণ্টেণ্ডেণ্ট পর্যায়ের নিচের কোন ব্যক্তিরই সংবাদপত্রে বা সাংবাদিককে রিপোর্ট দেওয়ার কোন অধিকার নেই। পশ্চিমবঙ্গ সরকারও কিছুদিন আগে সরকারি দপ্তরগুলিতে এই নির্দেশ পাঠিয়েছেন যে, খবরের কাগজকে কেউ যেন কোন খবর বা প্রকাশিত খবরের প্রতিবাদ নিজের থেকে না পাঠান। এ কাজ করার দায়িত্ব রাজ্যের তথ্য ও সাংস্কৃতিক মন্ত্রকের। অতএব তাঁদের মাধ্যমেই সব কাজ হওয়া বাঞ্ছনীয়। এই নির্দেশ যে সকলে কঠোরভাবে পালন করেন তা নয়। কিন্তু নির্দেশটা তো আছেই।

সোজা কথা হল তথাকথিত সংবাদসূত্রগুলি থেকে প্রাপ্ত সংবাদের উপর নির্ভর করে যদি সংবাদপত্র চালাতে হয় তাহলে বলতেই হবে যে, সংবাদপত্রের স্বাধীনতা একটা প্রহসন মাত্র। দুর্ভাগ্যক্রমে নতুন নতুন ছুট্‌কো ছাট্‌কা পরীক্ষা নিরীক্ষা সত্ত্বেও এখনও পর্যন্ত বেশির ভাগ সংবাদপত্রের মোটা অংশটাই

WHAT is NEWS

If a dog bites a minister
It is SUBVERSIVE activity.
It is depth news

If a dog bites a politician
the dog will die of poison.
Since the politician
becomes a
health hazard
it must be a box item.

IF a dog bites an editor,
Freedom of the press
will be at stake.
A strong editorial
must follow.

If a cartoonist
is bitten
it is
watch-dog
vs.
watch-dog
Dismiss it.

Chandi
3.11.83

উপরোক্ত সংবাদ সূত্র থেকে প্রাপ্ত সংবাদে ভর্তি থাকে। সুতরাং দেশে সেন্সরশিপ থাক বা না থাক বাস্তবক্ষেত্রে প্রতিটি সংবাদ-পত্রকে ঐ ব্যবস্থারই শিকার হতে হচ্ছে।

এ থেকে মুক্তির জন্য চিন্তা ও চেষ্টা যে শুরু হয় নি তা নয়। ইভ্যালুয়েটিভ জার্নালিজম অথবা ইনভেস্টিগেটিভ জার্নালিজম-এর কথা এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। তথাকথিত সংবাদসূত্রগুলির বাইরে গিয়ে রিপোর্টাররা মানুষের জীবনের বিভিন্ন দিক নিয়ে, বিজ্ঞানের অগ্রগতি ও তার প্রযুক্তি নিয়ে, কৃষিভূমিতে যে বিপ্লব ঘটেছে তার তরতাজা তথ্যাদি নিয়ে এবং মানুষের সুখ ও দুঃখের সকল দিক নিয়ে ইদানিং খবর সংগ্রহে আগ্রহী হয়ে থাকেন। এর ফলে সংবাদপত্রে এখন শুধুমাত্র পলিটিক্স-এর কচ্‌কচানির বদলে অন্যান্য ধরণের খবর দেওয়ার একটা প্রবণতা দেখা দিয়েছে। আমাদের দেশের সাংবাদিকতায় এটা একটা সুলক্ষণ বলতেই হবে। অনুসন্ধান-মূলক খবর বলতে প্রকৃত অর্থে যা বোঝায় সেই মানদণ্ডে ওজন করলে কটা রিপোর্টিংকে প্রকৃতই অনুসন্ধানমূলক রিপোর্টিং বলা যাবে তা নিয়ে বিতর্কের অবকাশ থাকলেও একথা অনস্বীকার্য যে, এ নিয়ে পরীক্ষা নিরীক্ষা শুরু হয়েছে। আবার এর সঙ্গে সঙ্গেই আর একটা প্রবণতাও মাথা চাড়া দিয়ে উঠেছে—সেটা হল ব্ল্যাকমেলিং। অনুসন্ধানমূলক খবরের নামে উদ্দেশ্য-মূলকভাবে বহু বিশিষ্ট ব্যক্তি, সংস্থা ও নেতার উপর অবৈধ সুযোগ নেওয়ার নজিরও ইতিমধ্যে বেশ কয়েকটি নজরে পড়েছে।

এই প্রসঙ্গে কলকাতার একটি বড় বাংলা দৈনিক আজ যার সার্কুলেশন প্রচুর তার প্রাথমিক আমলের একটি প্রচলিত গল্পের কথা মনে পড়ছে। চল্লিশের দশকের কথা। সার্কুলেশন ম্যানেজার এসে সম্পাদককে রিপোর্ট দিলেন, আজ পঁচিশখানা কাগজ বেশি বিক্রী হয়েছে। বিস্মিত সম্পাদক জানতে চাইলেন, "হঠাৎ পঁচিশখানা বেশি বিক্রী হল কেন?" সার্কুলেশন ম্যানেজার একটু ইতস্তত করে বললেন, "স্যর, ঐ যে একটা খবর বেরিয়েছে না—'ধানক্ষেতে ধর্ষণ'···বোধহয় ঐ জন্য।"

পরের দিন থেকেই নাকি ঐ কাগজে কিছুকাল ধরে পৌনপুনিক হারে ধানক্ষেতে ধর্ষণের খবর বেড়ে গিয়েছিল। ইদানিং বধূ নির্যাতন ও বধূ হত্যা সংক্রান্ত খবরের ছড়াছড়ি দেখে বার বার ঐ পুরাণ গল্পটার কথা মনে পড়ে যায়। এই সব খবরের সত্যাসত্য বিচারের জায়গা এটা নয়। কিন্তু সংবাদ পরিবেশনে যে প্রবণতা আজকের সংবাদপত্রগুলিতে দেখা যাচ্ছে তাকে পীত সাংবাদিকতা বলে আখ্যা দেওয়া হয়ে থাকে। সংবাদপত্র আর দশটা শিল্পের মত একটা শিল্প বলেই এই প্রবণতা বাড়ছে এবং বাড়বেও।

ঠিক সেইরকম যেসব সৎ উদ্দেশ্য নিয়ে 'অনুসন্ধানমূলক খবর' প্রকাশের প্রবণতা মাঝে দেখা গিয়েছিল তাতে ইতি-মধ্যেই ভাটার টান পড়ছে। কলকাতা এবং অন্যান্য কয়েকটি স্থানে বেশ হৈ-হৈ করে এইদিকে সাংবাদিকরা পা বাড়িয়ে-ছিলেন। কিন্তু অচিরেই দেখা গেল ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রের প্রতিষ্ঠিত ব্যক্তিদের স্বার্থে যেখানেই ঘা লেগেছে সেখানেই সংবাদপত্রের উপর চাপ আসতে শুরু করেছে। ব্যবসায়িক চাপ ছাড়াও স্নেহের ও বন্ধুত্বের চাপও এসেছে যার ফলে স্বাধীন সাংবাদিকতার পথরুদ্ধ হয়ে গেছে। ব্যর্থ হয়েছে সংবাদপত্রকে সমাজদর্পণ করে তোলার আন্তরিক প্রয়াস।

SPACE DONATED

BY

★

DILIP SEN

সাংবাদিকতা বিভাগ ও আমরা সাংবাদিকেরা

অঞ্জন বসু
প্রাক্তন ছাত্র
সাংবাদিকতা বিভাগ

দেখতে দেখতে আমাদের এই সাংবাদিকতা বিভাগের বয়স খুব কম হল না। ডিপ্লোমার স্তর পেরিয়ে ডিগ্রি কোর্স চালু হয়েছে—তাওতো সে বহুদিন হয়ে গেল। কিন্তু সত্যি কথা বলতে কি, সে তার নাবালকত্ব আজও যেন কাটিয়ে উঠতে পারেনি। কথাটা শুনতে হয়ত খুব খারাপ লাগছে। তবু বাস্তবকে অস্বীকার করে তো লাভ নেই। সত্যি কথাটা খুব সোজাসুজি সহজভাবে বলে ফেলাই বোধহয় ভাল। আমরা যারা অনেকেই সাংবাদিকতার জগতে ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছি তারাও যে এই বিভাগের জন্য তেমন কিছু করিনি বা করতে পারিনি তাও বোধহয় আজ আমাদের উত্তরসূরীদের কাছে স্বীকার করে নেওয়া ভাল।

'সাংবাদিকতা' বা 'জার্নালিজম' কথাটার মধ্যে বেশ একটা গ্ল্যামার গ্ল্যামার ভাব আছে। গালভরা কথা, সবদিক থেকেই আকর্ষণীয় পেশা। নানা মানুষের সঙ্গে মেলামেশা, যত্রতত্র যাতায়াতের সুযোগ। তারওপর প্রায়শই ছাপার হরফে নিজের নাম। সব মিলিয়ে ইদানিং এই পেশা ছাত্রসমাজকে খুব টানছে—বিশেষ করে যারা একটু আধটু লিখতে টিখতে পারে, বলতে কইতে পারে, তাদের তো বটেই। এদের মধ্যে একটা ধারণা তৈরি হয়ে যায়, খবরের কাগজে চাকরি পেতে হলে সাংবাদিকতা পড়তে হবে। আবার এমনও ধারণা আছে, সাংবাদিকতা পড়লেই বুঝি সাংবাদিক হওয়া যায়। এই ধারণা যে আদৌ সত্যি নয়, তা যখন কিছুদিনের মধ্যেই পরিষ্কার হয়ে যায়, তখনই শুরু হয় হতাশা। ফলে কোন রকমে একটা ডিগ্রী পাওয়া ছাড়া এই ছাত্রদের অনেকের সামনেই আর কোন লক্ষ্য থাকে না। তারপর চাকরির বাজারে যে যেখানে যা পায় জুটিয়ে নিয়ে জীবনের এই অধ্যায়টি যত তাড়াতাড়ি সম্ভব ভুলে যেতে পারলে বেঁচে যায়। আমাদের সহপাঠীদের মধ্যে ক'জন যে শেষ পর্যন্ত সাংবাদিকতা পেশায় রয়েছে তার সংখ্যা দু আঙুলেই গোনা হয়ে যাবে। বাকিরা কেউ ব্যাংকে, কেউ অন্য কোন সরকারি বা বেসরকারি সংস্থায়, কেউ বা আইন পাশ করে ওকালতি ব্যবসায়, আবার কেউ বা পুলিশে পর্যন্ত চাকরি নিয়েছে। সাংবাদিকতা পাশ করে যে স্কুল শিক্ষকতা বা অধ্যাপনা জোটার কোন আশা নেই, সে কথাতো আর নতুন করে বলে দিতে হবে না।

আসলে চাকরির কিন্তু তেমন অভাব এখন আর নেই। সাংবাদিকতা শিক্ষার্থীদের জন্য জগত ক্রমেই প্রসারিত হচ্ছে। এই কলকাতায় আগে ছিল দু-তিনটি মাত্র খবরের কাগজ। এখন তার সংখ্যা বেড়েছে। আরও বোধহয় বাড়বে। জনসংযোগ এবং বিজ্ঞাপনের জগতে চাহিদা ক্রমেই বাড়ছে। গুরুত্ব বাড়ছে বেতার দূরদর্শনেরও। এই সর্বত্রই সাংবাদিকতা বিভাগের ছাত্রছাত্রীদের চাকরি হওয়া উচিত। কিন্তু তা কি হচ্ছে? না। কেন হচ্ছে না? এক কথায় জবাব দেওয়া যায়—সাংবাদিকতা বিভাগ থেকে এই পেশায় আসার মত উপযুক্ত ছাত্র খুব বেশি তৈরি হচ্ছে না। অন্যান্য বিভাগের ছাত্রছাত্রীরা অনেক ক্ষেত্রেই প্রতিযোগিতায় সাংবাদিকতায় ছাত্রছাত্রীদের হারিয়ে চাকরি দখল করে নিচ্ছে। সাংবাদিকতা পেশার জন্য সাংবাদিকতা পাশ করতেই হবে, এমন কোন আইন যখন নেই তখন প্রতিযোগিতাতো অবাধ হবেই। এই প্রতিযোগিতায় এঁটে ওঠার মত ক্ষমতা যদি এই বিভাগের ছাত্রছাত্রীদের না থাকে তবে তাদের হঠিয়ে অন্যরা যে চাকরি দখল করে নেবে তাতে আর বিস্ময়ের কী আছে।

চাকরির প্রশ্নে এমন একটা জবাবে কিন্তু সাংবাদিকতা বিভাগের ছাত্রছাত্রীদেরই খাটো করে দেখা হবে। নয় কি? বাস্তবে কিন্তু সমস্যাটা অন্যত্র। পরিষ্কার করেই বিষয়টা রাখা দরকার। এখানে যদি বলি, সাংবাদিকতার জগতে প্রবেশের জন্য যে যোগ্যতা দরকার ঠিক সেইভাবে ছাত্রদের তৈরি করে দেওয়া এই বিভাগের পক্ষে সম্ভব হচ্ছে না—তবে কি কিছু অন্যায় বলা হবে? বোধহয় নয়। কার্যত এই বিভাগে পড়াশুনোর ধরনটাই এমন যে এ থেকে ডিগ্রি পাওয়া যায়, কিন্তু চাকরির জন্য তৈরি হওয়া যায় না। এই ধরনের কিছুটা বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে হাতে কলমে কাজ করার যে অভিজ্ঞতা দরকার তার সুযোগ এখানে কোথায়? যেখানে যতটুকু যা হচ্ছে, তাতো আমাদের কয়েকজন অধ্যাপকের ব্যক্তিগত প্রচেষ্টায়।

বিশ্ববিদ্যালয়ের তরফে উদ্যোগ কোথায়? সাংবাদিকতা বিভাগে আজ পর্যন্ত একটা টেলিপ্রিন্টার মেশিন নেই। টেলিপ্রিন্টার কপি সম্পাদনা করা বা তার বঙ্গানুবাদ করে খবর ছাপবার মত করে খবর তৈরি করার শিক্ষা ছাত্ররা পাবে কোথা থেকে? অধ্যাপকরা মাঝে মাঝে অফিস থেকে কিছু কপি কুড়িয়ে নিয়ে এসে ছাত্রদের হাতেকলমে শিক্ষা দেবার চেষ্টা করে থাকেন। কিন্তু সে কতদিন সম্ভব? আর এমন হবেই বা কেন? এরকম একটা বিভাগে কেন একটা 'প্র্যাকটিকাল রুম' থাকবে না। সাংবাদিকতা শিক্ষার ন্যূনতম সরঞ্জাম কেন সরবরাহ করা হবে না। কেন থাকবে না ফটোগ্রাফি শেখার ব্যবস্থা সামান্য কয়েকটা ক্যামেরা বা ছোটখাটো ডাকরুম? একটা সময়ে বিভাগের ছাত্রছাত্রীরা নিজেরা একটা কাগজ বার করত। মাঝে নানা কারণে, বিশেষ করে অর্থাভাবে তা বন্ধ হয়ে যায়। সম্প্রতি আবার একটা প্রচেষ্টা শুরু হয়েছে। উদ্যোগ শুভ নিঃসন্দেহে। নিজেরা কাগজ বার করলে যে অভিজ্ঞতাটুকু হয়, ভবিষ্যত জীবনের তার দাম অনেক। এখন ছেলেরা যে কাগজ করছে, দেখেছি তা কোন অংশেই নিম্নমানের নয়, হেলাফেলার নয়। তাই আমার খুব দৃঢ় বিশ্বাস, সবদিক থেকে যদি সুযোগ দেওয়া হয়, তবে এই বিভাগের ছাত্রছাত্রীরা কোন লড়াই-তেই পিছিয়ে পড়তে পারে না।

এই প্রসঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাড়াও কলকাতার বৃহৎ সংবাদপত্রগুলি সম্পর্কে দু-চার কথা বলতেই হয়। কার্যত সাংবাদিকতা বিভাগ সম্পর্কে এরা কেউই কোন-দিন তেমন কোন উদ্যোগ নেননি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বারেবারে শুধু আশ্বাসই দিয়েছেন। কাজের কাজ কিছু হয়নি। আর সংবাদপত্রগুলি এই বিভাগ সম্পর্কে কোনদিনই কিছু ভাবেননি। তাঁরা যদি একটু সাহায্য করতেন, নিঃসন্দেহে বলা যায়, এই বিভাগ এতদিনে অন্তত নাবালকত্ব কাটিয়ে উঠতে পারত। বহু মহানুভব ব্যক্তি বিভিন্ন বিভাগে শিক্ষার জন্য টাকা দিয়ে গিয়েছেন। কিন্তু সাংবাদিকতার জন্য কেউ দিয়েছেন বলে জানা নেই। এ রাজ্যে সাংবাদিকতার ঐতিহ্য বিরাট—তবু কেন এই অনীহা ভাবলে অবাক হতে হয়। রাজ্যের বৃহৎ সংবাদপত্রগুলি যদি সামান্য উদ্যোগও নিতেন তবে এই বিভাগতো বটেই, তাঁরা নিজেরাও বহুলাংশে উপকৃত হতেন। এই বিভাগ থেকে পাশ করে যারা এখন বিভিন্ন সংবাদপত্রে কাজ করে বেশ নামডাক কিনেছেন, এ ব্যাপারে তাঁদেরও কিছু ভূমিকা থাকা উচিত ছিল। কিন্তু বাস্তবে তাঁরাও কিছু করেননি। পাশ করার পর কেউই আর পিছন ফিরে তাকাতে চান না সম্ভবত। কিন্তু আজ বোধহয় তার সময় হয়েছে—নইলে নিজেরাই নিজেদের অসম্মান করছি বলে মনে হবে।

With best Compliments from :

M/s. Aravali Construction Co. Pvt. Ltd.

ZAWAR MINES

★

Engineers & Contractors

SPECIALISTS IN UNDERGROUND MINING

ZAWAR MINES & RAJPURA DARIBA

ক্ষুদে পত্রিকা বড় সমস্যা

প্রবীর কুমার লাহা

ছাত্র, দ্বিতীয় বর্ষ
সাংবাদিকতা বিভাগ

'লিট্‌ল ম্যাগাজিন শব্দটির সঙ্গে প্রায় সকল সাক্ষর লোক পরিচিত। আমরা অনেক সময়ে কোন লিট্‌ল ম্যাগাজিন প্রকাশকের অনুরোধে চক্ষুলজ্জায় ও অনিচ্ছা সত্ত্বেও লিট্‌ল ম্যাগাজিন কিনি। কিন্তু আমরা কি একবারও ভেবে দেখেছি, এই লিট্‌ল ম্যাগাজিন বস্তুটা কি? কারা কিভাবে প্রকাশ করেন? এবং কিভাবে সেইসব পত্রিকা টিঁকে থাকে? বর্ত্তমান সমাজজীবনের নানা সমস্যা ক্রমশঃই তীব্র থেকে তীব্রতর হচ্ছে। বিশেষতঃ অর্থনৈতিক সমস্যা ও দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে আমরা নাজেহাল। লিট্‌ল ম্যাগাজিন সম্পর্কে তাই ভাবনা-চিন্তার অবকাশ খুবই কম।

এই নিবন্ধে লিট্‌ল ম্যাগাজিনের সমস্যা ও তার সমাধানের উপায় সম্পর্কে সংশ্লিষ্টরা কি চিন্তা-ভাবনা করছেন তার এক চিত্র অঙ্কন করা হয়েছে। যার ফলে ভাবনা-পর্যুদস্ত ব্যক্তিরা উপকৃত হতে পারেন।

লিট্‌ল ম্যাগাজিন-এর আভিধানিক অর্থ হল ক্ষুদ্র পত্রিকা ; আকারে ক্ষুদ্র হলেও উদ্দেশ্য হয়তো মহৎ। "ক্ষুদ্রও মহৎ কাজ করে সম্পাদন যদি থাকে তারা একতাবন্ধন", প্রকাশ করেন নবীন লেখকগোষ্ঠী। কেন প্রকাশ করেন? যখন বড় পত্রিকাগুলিতে প্রবীণ প্রতিষ্ঠিত লেখকদের ভীড়ে তরুন নবীন লেখকরা বিলুপ্ত, সেই বিলুপ্তির হাত থেকে রক্ষা পেয়ে তাদের প্রতিভা বিকাশের সুযোগের ব্যবস্থা করার জন্য তারা লিট্‌ল ম্যাগাজিন প্রকাশ করে থাকেন। উদ্দেশ্য হল, নবীন লেখকদের প্রতিভা বিকাশের সুযোগ দান, লেখকচক্র গড়া, নিজেদের জেদের লেখা ছাপা, সাহিত্যচর্চা এবং সর্বোপরি ব্যবসায়িক দৃষ্টিভঙ্গী পরিহার।

নানা বাধা, ঝড় ঝঞ্ঝার পথ পরিক্রমার পর অনেক লিট্‌ল ম্যাগাজিন সুপ্রতিষ্ঠিত, বুদ্ধিজীবিমহলে সমাদৃত। সম্পাদকের পদে আসীন হয়েছেন বহু বিদগ্ধ ব্যক্তি। এই মর্যাদা লাভ করা সত্ত্বেও তারা আজও ব্যবসায়িক দৃষ্টিভঙ্গী গ্রহণ করেন নি। এটাই হল লিট্‌ল ম্যাগাজিনের সততা। উল্লেখ্য পত্রিকাগুলো হল—পরিচয়, সাহিত্য সংস্কৃতি, এখন (পূজা সংখ্যা বিক্রয় হয় প্রায় ছয় হাজার) প্রমুখ। তবে স্মর্তব্য লিট্‌ল ম্যাগাজিন অধিকাংশই চলে আদর্শ নিয়ে, যদিও বর্ত্তমানে ঐ আদর্শ অনেক ক্ষেত্রে পরিস্কার নয়।

লিট্‌ল ম্যাগাজিনে লেখার মাধ্যমে অতীত ও বর্ত্তমানের বহু নামী লেখকের হাতেখড়ি হয়েছে এবং এই দিকটি প্রশংসার্হ।

সমস্যা কি এবং তার সমাধানের পথই বা কি? উত্তর—

'এখন' ও 'পরিচয়' ঃ আর্থিক সমস্যা অত প্রকট নয়, তবে উৎকৃষ্ট লেখার অভাবে পত্রিকা প্রকাশ অনিয়মিত হয়ে পড়েছে।

'অনুষ্টুপ' ঃ মুদ্রণ ব্যয়বৃদ্ধি, বিজ্ঞাপন পাওয়ার অসুবিধা।

সংস্কৃতি ও শিক্ষার প্রাণকেন্দ্র কলেজ স্ট্রীটের শ্যামল ভট্টাচার্য লিট্‌ল ম্যাগাজিনের সমস্যা সম্পর্কে বলেন, দিনে দিনে মুদ্রণ ব্যয় বাড়ছে, কাগজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি হচ্ছে। সেইসঙ্গে বিজ্ঞাপন সংগ্রহ কঠিন হয়ে পড়ছে। ফলে লিট্‌ল ম্যাগাজিনগুলো বেকায়দায় পড়ছে। পত্রিকার মূল্যবৃদ্ধি হচ্ছে এবং সীমিত আয়ের পাঠকসংখ্যা ক্রমশঃ হ্রাস পাচ্ছে। ফলে অবিক্রিত থাকছে অনেক কাগজ। ফলে লিট্‌ল ম্যাগাজিনগুলো ভুগছে আর্থিক অপুষ্টিতে ও পাঠকের অভাবে।

ফলাফল—১। সম্পাদকরা উদ্বিগ্ন। প্রশ্ন ঃ তাদের সদিচ্ছা, সাহিত্য চর্চার শখ কতদিন বেঁচে থাকবে? ২। এর উপর আছে 'কাটা ঘায়ে নুনের ছিটে' অর্থাৎ পাঠকবর্গের সহযোগিতা ও শুভেচ্ছার অভাব এবং লিট্‌ল ম্যাগাজিন সম্পর্কে উদাসীনতা।

প্রসঙ্গতঃ, ১৯৭০ সন থেকে কাগজ ও মুদ্রণ ব্যয়বৃদ্ধি ও অফ্‌সেট যন্ত্রে বহু মিনি বই প্রকাশের ফলে পাঠকের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। দেখা দিয়েছে লিট্‌ল ম্যাগাজিন বিক্রয়ে মন্দা। এসময়ে একদল লিট্‌ল ম্যাগাজিন প্রকাশক নিউজ-প্রিন্টে লিট্‌ল ম্যাগাজিন মুদ্রিত করে প্রকাশ করেন। বর্তমানে প্রায় ২০০০-২৫০০ লিট্‌ল ম্যাগাজিন প্রকাশিত হয়ে থাকে। তন্মধ্যে উল্লেখ্য 'গঙ্গোত্রী', 'এই শতাব্দী', প্রিয়শব্দ', 'সাহিত্যের পথে'।

অন্যান্য সমস্যা হল লেখা নির্বাচনে সম্পাদকের দক্ষতার অভাব, স্টলের অভাব, বানানের নিয়ম লঙ্ঘন, সীমিত গ্রাহক ও পাঠক, সরকারী উদাসীনতার ফলে সরকারী বিজ্ঞাপনের অপ্রাচুর্য, লিট্‌ল ম্যাগাজিন প্রকাশগোষ্ঠীর মনান্তর বা মতান্তর সমস্যা সমাধানে ঐক্য ও জোটবদ্ধ আন্দোলনে ভাটা, সুনির্দিষ্ট মানের অভাব, জনসংযোগের অভাব এবং গ্রন্থাগার ও সংরক্ষণের অভাব।

লিট্‌ল ম্যাগাজিনের ঐসব সমস্যার সমাধান কি পথে ? অনেক প্রকাশগোষ্ঠী মনে করেন যে নবীন লেখকদের মানোন্নয়নে যথেষ্ট অধ্যয়নশীল হওয়া প্রয়োজন এবং বানানের ক্ষেত্রে কোন একটি স্বীকৃত নিয়ম মেনে চলা। অনেকের মতে জনমুখীনতার জন্যে সাধারণ মানুষের আশা আকাঙ্ক্ষাকে লিট্‌ল ম্যাগাজিনে ব্যাপকভাবে স্থান দিতে হবে।

লিট্‌ল ম্যাগাজিনের সংরক্ষণের জন্য জাতীয় গ্রন্থাগার সহ সব গ্রন্থাগারে যথাযথ ও যথার্থ সংরক্ষণ মর্যাদা দিতে হবে। প্রয়োজন সরকারী অর্থ আনুকূল্য, সুলভমূল্যে কাগজ, সরকারী বিজ্ঞাপনদানের ক্ষেত্রে উদারনীতি, সুনির্দিষ্ট মান আর লেখা নির্বাচনে শিক্ষিত ও দক্ষ সম্পাদক, লিট্‌ল ম্যাগাজিনের অস্তিত্ব রক্ষার স্বার্থে সমন্বয় ও সংগ্রাম।

কেউ কেউ মনে করেন লিট্‌ল ম্যাগাজিনের বাঁচার জন্য সমবায় পদ্ধতি গ্রহণ করা প্রয়োজন। আবার কেউ কেউ জোর দেন গ্রাহক সংগ্রহের উপর।

অনেক ছোট ছোট পত্রিকা গোষ্ঠী অভিমত প্রকাশ করেন, ১৯৭৮ সনে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক ক্ষুদ্র পত্র-পত্রিকার জন্য গঠিত শশাঙ্ক দত্ত কমিশনের প্রতিবেদনের সুপারিশগুলো কার্যকর করা হোক। সরকারী প্রচেষ্টা আশানুরূপ না হলেও বেসরকারী প্রচেষ্টা অনেক আশাপ্রদ। এ প্রসঙ্গে সন্দীপ দত্তের নাম না করে পারা যায় না। শ্রী দত্ত পেশায় সিটি স্কুলের শিক্ষক। বয়সে আছে তারুণ্য। তাঁর নিজের ঐকান্তিক প্রচেষ্টায় কলিকাতাস্থ বাস-ভবন, ১৭এস, টেমার লেনে গড়ে তুলেছেন "বাংলা সাময়িক পত্র-পত্রিকা ও গবেষণা কেন্দ্র" নামে একটি তথ্য সংগ্রহশালা। এখানে কোন প্রতিষ্ঠানের অনুদান ব্যতীত শ্রী দত্ত নিজের অর্থে লিট্‌ল ম্যাগাজিনের উপর ইতিহাস লেখা, তালিকা প্রস্তুত করা ও গবেষণার কাজ করে যাচ্ছেন।

শ্রী দত্তের এ কাজে উৎসাহিত হয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় লিট্‌ল ম্যাগাজিন প্রেমিকেরা গবেষণা কেন্দ্র ও সংগ্রহশালা গড়ে তুলেছে। জেলাগুলি হল হুগলী, হাওড়া, দার্জিলিং ও ২৪ পরগণা।

বাংলার সাময়িক পত্রের উপর গবেষণা করছেন ২০/৩, সাহাপুর মেন রোডের (কলিকাতা-৩৮) অধিবাসী ও চারুচন্দ্র কলেজের বাংলার অধ্যাপক শ্রীকমল গাঙ্গুলী। প্রসঙ্গতঃ তিনি তাঁর গবেষণার বিষয়বস্তুর তথ্য সংগ্রহের জন্য প্রায় দুই হাজার কপি মুদ্রিত প্রশ্ন বিভিন্ন পত্র-পত্রিকার কাছে পাঠান, উত্তর পান মাত্র ৬০টি।

জোট বাঁধার নিরন্তর চেষ্টা চালিয়ে যাচ্ছেন কিছু সম্পাদক। তাঁরা গঠন করেছেন "লিট্‌ল ম্যাগাজিন সম্পাদক সমিতি"। কার্যালয়—১০/২, টেগর ক্যানন স্ট্রীট, কলিকাতা-৬। এই সমিতি কিছু কিছু দাবী সরকার সমীপে রেখেছেন।

পরিশেষে বলা যায়, লিট্‌ল ম্যাগাজিন বাঁচিয়ে রাখার দায়িত্ব সম্পাদক, গ্রাহক, পাঠক, সকলের।

With best compliments of

INDIAN PUBLICITY BUREAU

●

6/2, MADAN STREET. CALCUTTA-700 072

Phone : 27-8131/32

সংবাদপত্র ও মেয়েরা

নিরঞ্জন সেনগুপ্ত
যুগ্ম সম্পাদক,
যুগান্তর

সংবাদপত্রের সঙ্গে মেয়েদের নানাভাবে তুলনা করা হয়ে থাকে। সংবাদপত্র সম্পর্কে যাঁরা বলেন বা লেখেন তাঁদের কাছে এই উপমা দেওয়াটা একটা প্রিয় ব্যসন। তেমনি একটি উপমা দিয়ে শুরু করা যাকঃ—

"Girls are like newspapers. Both have forms, always have the last word, and both have great influence. While back numbers of both are not in demand you cannot believe everything they say. They both are thinner than they used to be and get along by advertising. Every man should have his own and not borrow his neighbour's."

মেয়েরা, বিশেষ করে সাংবাদিকতাকে বৃত্তি হিসাবে যাঁরা গ্রহণ করতে ইচ্ছুক সেই মেয়েরা, এই উপমাকে কীভাবে নেবেন জানি না। তবে, বিদেশে ও এদেশে যাঁরা নারীজাতির মুক্তির কথা বলেন, নারীকে দাবিয়ে রাখার, তাকে হেয় করার জন্য পুরুষের সহজাত প্রবণতার কথা বলেন তাঁরা উপরের এ' কথাগুলির মধ্যে পুরুষের সেই স্বাভাবিক নারীবিদ্বেষী প্রবণতার পরিচয় পেলে আশ্চর্য হওয়ার কিছু নেই।

প্রকৃতপক্ষে, সাধারণভাবে সংবাদপত্রের বিরুদ্ধেই নারী-মুক্তিবাদিনীদের যথেষ্ট অভিযোগ আছে। সাধারণ সংবাদপত্রগুলি নারীদের সমস্যাকে ঠিকভাবে তুলে ধরে না, পুরুষদের দ্বারা নিয়ন্ত্রিত ও পুরুষদের দ্বারা পরিচালিত সংবাদপত্রে সংবাদ ও মন্তব্য এমনভাবে পরিবেশিত হয় যাতে সমাজে পুরুষের প্রাধান্য ও নারীর হীনতার ধারণাগুলিই বদ্ধমূল হয়ে থাকে, এমন নালিশ পৃথিবীর প্রায় সব দেশেই আছে।

আমাদের দেশেও এমন অভিযোগ আছে। আমাদের দেশে যেসব মহিলা সাংবাদিক প্রধানত মেয়েদের সমস্যা নিয়ে নিয়মিতভাবে সংবাদপত্রে লিখে থাকেন তাঁদের একজনের নাম শ্রীমতী রামী ছাবরা। গত ১৯৭৫ সালে আন্তর্জাতিক নারী বর্ষে মেক্সিকো সিটিতে যে আন্তর্জাতিক নারী সম্মেলন হয়েছিল তাতে তিনি সাংবাদিক হিসাবে যোগ দিয়েছিলেন। এ বিষয়ে তাঁর অভিজ্ঞতা বর্ণনা করে তিনি এক জায়গায় লিখেছেন, তিনি যে সংবাদপত্রে কাজ করেন তার সম্পাদকের কাছে গিয়ে তিনি যখন বললেন যে, এই সম্মেলনে যোগ দেওয়ার জন্য তিনি রাষ্ট্রসঙ্ঘ থেকে একটি বৃত্তি পেয়েছেন তখন সেই সম্পাদক ব্যাপারটা ঠিকমতো বুঝতে না পেরে শ্রীমতী ছাবরাকে জিজ্ঞাসা করলেন, "কোন্ সম্মেলন বললে?" শ্রীমতী ছাবরা লিখেছেন, কিসের সম্মেলন, কেন এই সম্মেলন, এসব কথা সম্পাদককে বোঝাতে তাঁর বেশ কিছু সময় লেগেছিল। সম্পাদক মশাই বললেন, সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানের একটা ছোট রিপোর্ট পাঠাতে পার, তার বেশি আর কিছু নয়। শ্রীমতী ছাবরা পীড়াপীড়ি করায় সম্পাদক মশাই নিমরাজি হলেন সম্মেলন শেষ হওয়ার পর ঐ সম্মেলনের একটা সামগ্রিক বিবরণ ছাপতে। পরে ঐ পত্রিকায় অবশ্য সম্মেলনের খবর প্রতিদিনই কিছু না কিছু ছাপা হয়েছিল। তার কারণ এই নয় যে, নারীদের সমস্যাগুলি সম্পর্কে অকস্মাৎ ঐ সংবাদপত্রের আগ্রহ বেড়ে গিয়েছিল। আসল কারণ হল, রাষ্ট্রসঙ্ঘের অন্যান্য সম্মেলনের মতো আন্তর্জাতিক নারী সম্মেলনেও বিতর্কিত আন্তর্জাতিক রাজনীতির প্রসঙ্গগুলি প্রাধান্য পেয়েছিল এবং সেইসব বিতর্কের সংবাদ ব্যাপকভাবে প্রচারিত হয়েছিল।

মেক্সিকো সিটিতে অনুষ্ঠিত ঐ আন্তর্জাতিক নারী সম্মেলনে গৃহীত প্রস্তাবগুলির মধ্যে এক জায়গায় বলা হয়েছেঃ

"Those in control of the media should seek to raise the public consciousness with respect to.....changing roles (of both sexes). They should be urged to project a more dynamic image of women and to take into account the diversity of women's roles and their actual and potential contribution to society.

"They should depict the roles and achieve-

ments of women from all walks of life throughout history, including women in rural areas and from minority groups. They should also seek to develop in women confidence in themselves and in other women and a sense of their own value and importance as human beings.

"Women should be appointed in greater numbers in media management, decision-making and other capacities as editors, columnists, reporters, producers and the like and should encourage the critical review within the media, of the image of women projected."

আন্তর্জাতিক নারী বর্ষ ও মেক্সিকো সিটিতে ঐ আন্তর্জাতিক নারী সম্মেলনের ফলে আর কিছু না হোক অন্তত এটুকু হয়েছে যে, মেয়েদের সমস্যাগুলি সম্পর্কে আমাদের দেশের সংবাদপত্রগুলি আগের থেকে অনেক বেশি সচেতন হয়েছে। মেয়েদের জীবন ও সমাজে তাদের স্থান নিয়ে যেসব সমস্যা আছে সেগুলি সংবাদপত্রে আগের থেকে অনেক ফলাও করেও অনেক বেশি জায়গা নিয়ে ছাপান হচ্ছে। পণের জন্য বধূহত্যা—"ব্রাইড-বারনিং" যে এমন বড় সংবাদ হয়ে উঠছে সেটা সংবাদ-পত্রের এই নতুন চেতনার একটা দৃষ্টান্ত। এমন নয় যে, পণ্যের জন্য বউ পুড়িয়ে মারার ঘটনা আগে ঘটত না। কিন্তু সাংবাদিকরা, বিশেষ করে মহিলা সাংবাদিকরা, যে এইসব ঘটনাকে সংবাদ বলে মনে করতে আরম্ভ করেছেন এবং সংবাদপত্র যে সেগুলিকে প্রকাশযোগ্য মনে করছে তাতেই একটা মস্ত বড় পরিবর্তন হয়ে গেছে। বধূহত্যার এই ঘটনাগুলিকে মানুষের চোখের সামনে তুলে ধরার ব্যাপারে দিল্লির ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের একটি বিশেষ ভূমিকা আছে। এই অ্যাসোসিয়েশনের মধ্যে কয়েকজন মহিলা সাংবাদিক আছেন।

আরও একটি সাম্প্রতিক দৃষ্টান্ত উল্লেখ করা যায়। অন্ধ্রপ্রদেশ হাই কোর্টের একটি সাম্প্রতিক মামলার রায় সংবাদপত্রে ফলাও করে প্রকাশ করা হয়েছে। ঐ রায়ের ফলে হিন্দু বিবাহে নারীর স্থান সম্পর্কে প্রচলিত ধারণায় একটা বড় রকমের পরিবর্তন করতে হবে। প্রচলিত হিন্দু বিবাহ আইনের বিধান হচ্ছে, স্বামী ও স্ত্রী কোথায় বাস করবেন সেটা স্থির করার অধিকার স্বামীর, কাজের সূত্রে বা অন্য কোন কারণে স্ত্রী ও স্বামী যদি আলাদা আলাদা জায়গায় থাকেন তাহলে স্ত্রী স্বামীকে ঠাঁই বদল করে এসে তাঁর সঙ্গে বাস করতে বাধ্য করতে পারেন না, কিন্তু স্বামী তা পারেন। অন্ধ্র হাইকোর্টের বিচারপতি পি এ চৌধুরী তাঁর ঐ রায়ে আইনের এই ব্যাখ্যাকে সংবিধান বিরোধী বলে ঘোষণা করেছেন। তাঁর সেই রায় সংবাদপত্রগুলিতে গুরুত্ব দিয়ে প্রকাশ করা হয়েছে এবং ঐ রায়ের সুদূরপ্রসারী তাৎপর্য ব্যাখ্যা করে সম্পাদকীয় মন্তব্য প্রকাশ করা হয়েছে।

আজ থেকে পাঁচ বছর আগেও ভারতীয় সংবাদপত্রে এটা সম্ভবপর হত বলে মনে হয় না। বলা হয়ে থাকে "সোসিওলজি ইজ স্লো জারনালিজম।" সমাজতত্ত্ববিদরা সমাজের যেসব পরিবর্তনের লক্ষণগুলি ধীরেসুস্থে বিচার বিশ্লেষণ করেন সাংবাদিকদের সেই লক্ষণগুলিকেই তুলে ধরতে হয় সময়মতো সংবাদপত্র প্রকাশ করার তাগাদার মধ্যে তাড়াহুড়া করে। সাংবাদিকদের এটাও একটা কাজ। অন্তত তাই হওয়া উচিত। সেটা ঠিকমতো করা হচ্ছে না বলে এদেশে সংবাদপত্রগুলির বিরুদ্ধে সমালোচনা করা হয়ে থাকে। বলা হয়, রাজ-নৈতিক প্রসঙ্গ নিয়ে সংবাদপত্রগুলির যতটা আগ্রহ অন্য কোন বিষয়ে ততটা নয়। সংবাদপত্রের বিরুদ্ধে এই সমালোচনা সম্পূর্ণ অযৌক্তিক নয়। কিন্তু ভারতীয় সংবাদপত্রগুলিও তো এক জায়গায় দাঁড়িয়ে নেই। ধীরে ধীরে তাদেরও চরিত্রের কিছু কিছু পরিবর্তন হচ্ছে। উপরের দৃষ্টান্তগুলিতে তার নিদর্শন রয়েছে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগে যাঁরা পড়তে আসছেন তাঁদের মধ্যে বেশ কিছু মেয়ে আছেন। ঐ বিভাগে ছাত্রীদের সংখ্যা নাকি আগের থেকে বেড়েও যাচ্ছে। এইসব ছাত্রীর মধ্যে অন্তত কেউ কেউ সুযোগ পেলে সাংবাদিকতাকে বৃত্তি হিসাবে গ্রহণ করতে নিশ্চয়ই আগ্রহী। তাঁরা কতজন সেই সুযোগ পাবেন তা অবশ্য আমি জানি না। কিন্তু সেই সুযোগ পেলে তাঁরা সংবাদপত্রের এই চরিত্রগত পরিবর্তনে বেশ কিছুটা সাহায্য করতে পারবেন বলে আমি আশা করি।



'রাইট অলসো হোয়াট ইউ সি'

সুদেব রায়চৌধুরী
প্রাক্তন ছাত্র
সাংবাদিকতা বিভাগ

কার্ডিফে ডন রোলান্ডস্ প্রায়ই বলতেন, 'রাইট হোয়াট ইউ হিয়ার, রাইট অলসো হোয়াট ইউ সি'। লন্ডনে বা কার্ডিফে থাকবার সময় কথাটার তাৎপর্য বুঝতে পারিনি। সে ১৯৭৪ সনের কথা। রোলান্ড টমসন ফাউন্ডেশনের ডিরেকটর। ভারত থেকে আমরা তিনজন সাংবাদিক টমসন ফাউন্ডেশান স্কলারশিপ পেয়ে লন্ডনে গিয়েছিলাম। ডন আমাদের ক্লাস নিতেন, পড়াতেন, পরীক্ষা নিতেন।

দশ বছর হতে চলল। ডনের সেই কথা আজও মনে পড়ে। দেখার চোখটাই অনেকের থাকে না। দেখা থেকেই দেখানো। মানুষের সঙ্গে মানুষের পরিচয় করানো। যেমন ধরা যাক বারাসাত জেলের সেই কিশোরটির কথা। মুর্শিদাবাদে বাড়ি। পাঁচছবছর বয়সে বাড়ি থেকে পালিয়ে যায়। বাড়িতে মা ছিল। বাবা নেই। ছেলেটি বাড়িতে ফিরল না। খড়দহ স্টেশন এসে হাজির হল। সেখান থেকে পুলিস তাকে নিয়ে গেল থানায়। থানা থেকে আদালত। আদালতের নির্দেশে বারাসাত সংশোধনী জেল। এই কিশোরই বছর দুয়েক আগে চার-পাঁচটি লেটার পেয়ে মাধ্যমিক পরীক্ষায় স্টার পেয়ে পাশ করল। খবরটি এ পর্যন্ত। কিন্তু আনন্দবাজার পত্রিকার রিপোর্টার হিসেবে যখন বারাসাত জেলে কিশোরটির সঙ্গে দেখা করতে গেলাম তখন সেই জেলের ভিতরের যে দৃশ্য দেখলাম তার বর্ণনা না দিলে রিপোর্টিংই অসম্পূর্ণ থেকে যাবে। একটি হলঘরের মধ্যে ত্রিশ-চল্লিশটি কিশোরকে রাখা হয়েছে। কোন খাট নেই, তোষক নেই। খালি মেঝের উপর থাকা। এরই মধ্যে একটি কোনে ওই কিশোরের স্থান। জেলের অভিধানে এইসব কিশোর অপরাধী। শিশু বলে তাঁদের সংশোধনের চেষ্টা।

একটা মোমবাতি কিনবার মত পয়সা নেই। পরনে একটা হাফ প্যান্ট, গায়ে একটা হাফ হাতা জামা। পায়ে রবারের স্লিপার। আরও অনেক কিছু লিখেছিলাম। এখন এই দেখাটাও রিপোর্টিংয়ের একটি বড় অঙ্গ। খবর বেরোনোর পর কিশোরটি তাঁর মায়ের সন্ধান পেল। মাকে ফিরে পেয়ে সে আনন্দবাজার পত্রিকার প্রতিও তার কৃতজ্ঞতা জানাল। শুধু ছেলেটির কৃতিত্বের খবর প্রকাশ করলে প্রকৃত ঘটনাটি সাধারণের কাছে স্পষ্ট হয়ে ফুটে উঠত না। এখানেই 'দেখা'র গুরুত্ব।

আর একটি ঘটনা। সত্তর দশকের গোড়ার কথা। সেদিন আমার রিপোর্টিংয়ে 'নাইট ডিউটি'। দক্ষিণেশ্বর কালীমন্দিরে পূজারী ব্রাহ্মণ সহ চার পাঁচজনের সলিল সমাধি। কালী পূজোর রাত্রি। এবং সেই রাত্রেই এই মর্মান্তিক ঘটনা।

কিন্তু ঘটনাস্থলে গিয়ে শুনলাম, পূজোর ঘণ্টা খানেক আগে রাত নটা নাগাদ পূজারী ব্রাহ্মণ গঙ্গায় মঙ্গলঘট ভরতে নেমেছিলেন। হঠাৎ চারিদিকে অমাবস্যার অন্ধকার নেমে আসে। আলো নিভে যায়। ওই সময় ঢাকের বাজনার শব্দও বেড়ে যায়। আরও আশ্চর্য, এই সময়ে দক্ষিণেশ্বর বিবেকানন্দ ব্রিজের উপর দিয়ে দুখানি আপ-ডাউন ট্রেন চলে যায়। মিনিট দুয়েকের মধ্যে আলো জ্বলে ওঠে। বাজনা থেমে যায়। কিন্তু পূজারী ব্রাহ্মণ মঙ্গলঘট নিয়ে আর পারে উঠলেন না। তার সঙ্গে আরও চার-পাঁচজন গঙ্গার জলে তলিয়ে গেলেন। ব্রাহ্মণটি হলেন রামকৃষ্ণ পরমহংসদেবের শেষ বংশধর। হঠাৎ বান এসে পড়ায় এই মর্মান্তিক ঘটনা ঘটে। দক্ষিণেশ্বর কালি মন্দির থেকে সেই পূজারী ব্রাহ্মণের বাড়িতে গেলাম। সেখানে গিয়ে দেখি ব্রাহ্মণ পত্নী পাথরের মত দাঁড়িয়ে। ঘরের ভিতর এককোনে স্বামীর জন্য রান্না ভাত, তরিতরকারি ঢাকা দেওয়া। ওখান থেকে গঙ্গার ঘাটে গিয়ে দেখলাম, যেখানে রামকৃষ্ণের মা চন্দ্রমনিদেবীকে দাহ করা হয়েছিল সেই ঘাটেই পূজারী ব্রাহ্মণের মৃতদেহ আটকে আছে। এসব কথা সেদিন আনন্দবাজার পত্রিকায় লিখেছিলাম। 'নিয়তির বলি' শিরোনামায় খবরটি প্রকাশিত হয়েছিল। তখন গৌরদা (গৌরকিশোর ঘোষ) খবরটি পড়ে বলেছিলেনঃ ইডিয়ট, করেছিস কি? এতো দারুণ ব্যাপার! ভাল করে লেখ। এতবড় 'হিউম্যান স্টোরি' ভাবা যায় না। পরে দিল্লির

প্রেস ইনস্টিটিউটের ডিরেকটর বিশিষ্ট সাংবাদিক চঞ্চল সরকার ভারতীয় ভাষায় প্রকাশিত সংবাদপত্রের পঞ্চাশ বছর উপলক্ষে একটি প্রবন্ধ ইণ্ডিয়ান এক্সপ্রেসে লিখেছিলেন। সেই প্রবন্ধে পঞ্চাশ বছরের সাংবাদিকতার ইতিহাসে তিনি দুটি ঘটনার কথা উল্লেখ করেন। তার মধ্যে একটি হল দক্ষিণেশ্বর কালিবাড়ীর এই ঘটনাটি। দ্বিতীয়টি হল, বিহারের মুঙ্গেরে ভূমিকম্প ও গান্ধীজী। এই ঘটনা লেখায় আমার সত্যিই কোন কৃতিত্ব নেই। এর সবটুকুই আনন্দবাজারের। আর যদি কারও থাকে সেটা হল গৌরকিশোরের। শুধু মানবিক নয়, যে কোন স্টোরি লেখার ব্যাপারে এই দেখাটা অনেকখানি। 'স্কুপ' স্টোরিতে দেখার ব্যাপারটা কম। নেই বললেই চলে। কিন্তু কোন 'হিউম্যান স্টোরি'তে এই দেখাটাই সব।

রাজনীতি সংক্রান্ত স্টোরি আমি বড় একটা করিনি। তবে হাতেখড়ি নিশ্চয়ই হয়েছে। সেখানেও দেখার ব্যাপারটার যথেষ্ট গুরুত্ব আছে। যেমন ধরুন, আপনি কোন প্রধানমন্ত্রীর মুখ্যমন্ত্রীর ইন্টারভিউ নেবেন। এখন প্রধানমন্ত্রীর ঘরের আসবাব থেকে শুরু করে তাঁর পোষাক-আসাক সবই রিপোর্টিংয়ের বিষয়বস্তু। এখানেও দেখার ব্যাপারটা অনেকখানি।

With best compliments from :

HARIKISHAN DASS
RAMKISHAN

With the best Compliments

N. K. GOSSAIN & CO.
PRIVATE LIMITED

13/7, ARIF ROAD, CALCUTTA-700 067

Telephone Nos. 359331-4

Photo-Offset, Letterpress Printers & Process Engravers.

সেই বাতিওয়ালা : যার নিজের ঘরেই দুঃসহ অন্ধকার

সৌমেন দত্ত
প্রাক্তন ছাত্র
সাংবাদিকতা বিভাগ

একদিন অফিসে এসে একটা চিঠি পেলাম। সোনার গ্রাম থেকে ঠাকুরদা লিখেছে—'ভায়া, আমাকে মনে পড়ে? আমি ব্রতী ঠাকুর, তোমার ঠাকুরদা। আমার 'স্থানীয় সংবাদ' কাগজে তোমার সাংবাদিকতার হাতেখড়ি হয়েছিল। এখনও স্থা. স.-কে কোনক্রমে টেনে নিয়ে চলেছি গুণ টেনে। এবার পুজো সংখ্যায় তোমার একটা লেখা রাখতে চাই। পাঠাবে তো? কোন সম্মান দক্ষিণা দিতে পারব না, আগেই বলে রাখছি। সে ক্ষমতা আমার নেই। বুড়োর অনুরোধটা তবু রেখো। ভালো থেকো। —ব্রতী ঠাকুর।'

কতদিন পরে ঠাকুরদার কথা মনে পড়ল। এই সেই ঠাকুরদা, আমার দেখা প্রথম সাংবাদিক। বুক টান টান করে সারা সোনার গ্রাম চষে বেড়াত। গ্রামের মানুষের জন্য দিনরাত ভাবত। ওদের সুখ-দুঃখের খবর ছড়ান থাকত স্থা. স.-এর পাতায় পাতায়। সেই কাগজ এখনও আছে? দারুণ খুশী হলাম মনে মনে।

আমার স্কুল ছাড়ার দু-তিন বছর আগে বাবার বদলি-সূত্রে আমরা সবাই চলে গিয়েছিলাম সোনারগ্রামে। ঠাকুরদার সঙ্গে তখনই আলাপ। মাঝে মাঝে ওর মাটির ছোট্ট ঘরটায় হানা দিতাম। লিখতে লিখতে কিংবা স্টিকে খুদে খুদে অক্ষর সাজাতে সাজাতে ঠাকুরদা আমাকে সাংবাদিকতার প্রথম পাঠ দিত। কোনদিন বলত, 'বুঝলে হে, সাংবাদিকতাটা চাষ করার মতই কঠিন কাজ। জমিতে নামতে হবে, রোদে-জলে ভিজতে হবে, কোন্ গাছ কি ফলন দেবে তা বুঝতে হবে।' কোনদিন হয়ত আবার একটা সাইকেল দিয়ে বলত, 'যা-ত, খেত-মজুরগুলোর হাল কি দেখে আয়। মন দিয়ে ওদের সব হাঁড়ির খবর যোগাড় করবি। তারপর তলোয়ারের মত শানান একটা লেখা লিখবি। মনে রাখিস গ্রামের এই অন্ধকারে আমরা সাংবাদিকেরাই হলাম বাতিওয়ালা।'

সেসব দিন কবে পেছনে ফেলে এসেছি। পড়াশুনোর পালা শেষ করে একদিন পেয়েছি একটি বাংলা দৈনিকের 'সাংবাদিক' পরিচয় পত্র। সোনার গ্রাম আর ঠাকুরদা'র স্মৃতি আমার মনে কৈশোরের সঙ্গে এক পাশে ঠাঁই নিয়েছিল। চিঠিটা পেয়ে তাকে নতুন করে মনে পড়ল। লিখতে বসে গেলাম—'গ্রামোন্নয়নে সাংবাদিকের ভূমিকা'। ৫ লক্ষ ৭৫ হাজারের বেশি গ্রাম নিয়ে যে ভারতবর্ষ, শহরের জৌলুসের পাশে তার চেহারা বড় হতশ্রী, মলিন। ভিখারির গায়ের ছেঁড়া কাঁথার মত। সরকার সব জেনেও উদাসীন। গ্রামগুলো জুড়ে বেকারি, রাজনৈতিক দলাদলি, কুসংস্কার জাতপাতের দুষ্ট গ্রহের দাপাদাপি। এই অন্ধকারে গ্রামের সাধারণ মানুষকে কাজের দিক থেকে, চিন্তার দিক থেকে, রূপায়ণের দিক থেকে সাংবাদিকেরাই পারে ঐক্যবদ্ধ করতে। তাদের ভূমিকা—বাতিওয়ালার মত। জনমত গঠনে গ্রামের সংবাদপত্রগুলি হল হাতিয়ার। এই হল, সংক্ষেপে আমার রচনার বিষয়বস্তু।

রচনাটা ডাকে না পাঠিয়ে, একদিন ভোরবেলায় চলে গেলাম সোনার গ্রামে। আমাকে দেখে ঠাকুরদা'র সে কী আনন্দ! রাস্তার লোককে ডেকে ডেকে বলতে লাগল—দেখ হে, কে এসেছে। মস্ত সাংবাদিক। একদিন আমার কাগজে লিখত।...ইত্যাদি। আশ্চর্য! ঠাকুরদা'র এত খুশীতেও আমি যেন কেমন মনমরা হয়ে রইলাম। ঠাকুরদা অনেক পাল্টে গেছে। ভাঙা শরীরের ঠাকুরদা'কে কেমন যেন একটা ভারবাহী পশুর মত লাগছে। বলেই ফেললাম, 'ঠাকুরদা, তুমি অনেক পাল্টে গেছো।' হাসতে হাসতে

পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ

—ঃ স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পর্ষদ প্রকাশিত কলা বিভাগের কয়েকটি বই ঃ—

শিল্পের স্বরূপ	অনুবাদ ঃ দ্বিজেন্দ্রলাল নাগ	৮·০০
যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতা সংকলন	সম্পাদক ঃ সুনীলকান্তি সেন	৮·০০
কাব্যমীমাংসা	প্রবাসজীবন চৌধুরী	৮·০০
রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তা	প্রবোধ চন্দ্র সেন	১০·০০
শিক্ষাবিজ্ঞান	শ্রীনিবাস ভট্টাচার্য	১২·০০
ধর্মদর্শন	কল্যাণ চন্দ্র গুপ্ত, অমিতাভ বন্দ্যোপাধ্যায়	১২·০০
নীতিবিদ্যা (২য় সংস্করণ)	সুধীর কুমার নন্দী	১৫·০০
ফরাসী বিপ্লব (২য় সংস্করণ)	প্রফুল্ল কুমার চক্রবর্তী	২৫·০০
পেলোপনেষীয় যুদ্ধ (থুকিডাইডিস)	গীতশ্রী বন্দনা সেনগুপ্ত	২৪·০০
সিরাজ-উদ দৌলা	মৃণাল চক্রবর্তী	১৪·০০
সমাজতত্ত্ব (৩য় সংস্করণ)	পরিমলভূষণ	১৫·০০
ভারতের শাসনব্যবস্থা ও রাজনীতি পরিচয় (পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ)	নির্মলচন্দ্র ভট্টাচার্য, অশোককুমার মুখোপাধ্যায়	২২·০০
আন্তর্জাতিক সম্পর্ক (৩য় সংস্করণ)	গৌরীপদ ভট্টাচার্য	১৮·০০
গণরাজ্য (প্লেটোজ রিপাবলিক)	সুধাকান্ত দে	১৪·০০
রাষ্ট্রবিজ্ঞানের পরিভাষা	কাউন্সিল অব পলিটিক্যাল স্টাডিজ	৮·০০
দ্বন্দ্বমূলক বস্তুবাদ	অনুবাদ ঃ ভোলানাথ বন্দ্যোপাধ্যায়	১০ ০০
হিটলারের যুদ্ধ ঃ প্রথম দশ মাস	প্রফুল্লকুমার চক্রবর্তী	২৪·০০
ব্লিৎস ক্রিগ ঃ রণনীতি ও রণকৌশল		
গণজ্ঞাপন	পার্থ চট্টোপাধ্যায়	২৫·০০
চাহিদাতত্ত্ব	সৌরীন ভট্টাচার্য	১২ ০০
সমষ্টিগত অর্থনৈতিক তত্ত্ব	সুজিৎ কুমার ঘোষ	১২·০০
ভারতের অর্থনৈতিক উন্নয়ন ও পঞ্চবার্ষিক পরিকল্পনা	বিশ্বনাথ ঘোষ	১৫·০০
নিয়োগ সুদ ও টাকা বিষয়ক ব্যাপক সিদ্ধান্ত	অনুবাদ ঃ কস্তুর চাঁদ লালওয়ানী	১৮·০০
সমাজবিজ্ঞানীয় ভূগোল	বিমলেন্দু ভট্টাচার্য, অণিমা ভট্টাচার্য	২৫·০০

—আরো অন্যান্য বইয়ের জন্য যোগাযোগের ঠিকানা—

৬এ, রাজা সুবোধ মল্লিক স্কোয়ার, কলিকাতা-১৩

ঠাকুরদা উত্তর দিল, 'গোটা ভারতবর্ষটাই পাল্টে গেছে। আমি পাল্টাব না, তা কি হয়? পরিবেশ জোর করে পাল্টে দেবে। তোরা বড় কাগজের সাংবাদিকরা সব সময় তো মহাকরণ আর কেচ্ছা-কেলেঙ্কারি নিয়ে ব্যস্ত। গ্রামের দিকে কখনও ফিরে তাকাস?' আমি প্রতিবাদ করলাম, 'কেন এই তো পলাশীতে বাস পুড়ল, গাইঘাটায় ঘূর্ণিঝড় হল, আমরা তো খবর পেয়েই ছুটেছিলাম।'

'হ্যাঁ, ছুটেছিলি। কিন্তু সেটা কেমন?' ঠাকুরদা তর্কে জমে উঠল, 'ঐ যে বলে না হাঁড়ির দু-চারটে ভাত টিপে দেখা, তোদের গাড়ি হাঁকিয়ে গ্রামে আসাটা অনেকটা সেই রকম। এক রাতেই গ্রামের নাড়ির গতি টের পেয়ে যাস। খরায় গ্রামের পর গ্রাম পুড়ে ছাই হয়ে যাবার পর, তোরা দেখতে আসিস রিলিফ ক্যাম্পে কত লোক হাত পাতছে। কোন্ মন্ত্রী তাদের অন্ন বিতরণ করছে, তার ছবি তুলিস। আগে তবু অনেক গ্রামে বড় কাগজের সংবাদদাতা ছিল। পালেকার কমিশন যেই সংবাদদাতাদের স্থায়ী কর্মী করার সুপারিশ করল, অমনি বড় কাগজগুলো তাদের শুকনো পাতার মত ঝেড়ে ফেলল। আবার সব জেনেশুনেও তুই পণ্ডিতি ফলিয়ে লিখেছিস—গ্রামোন্নয়নে সাংবাদিকের ভূমিকা। এ রচনা আমার লাগবে না, যা, নিয়ে যা। যদি গ্রামের মানুষের বুকে আগুন জ্বালাবার মত লেখা লিখতে পারিস, তাহলে সে লেখা দিস। আমি তোর কাছে এ লেখা আশা করিনি।'

ঠাকুরদা'র মত খাঁটি মানুষের রাগে আমার মান যায় না। তাই শান্ত করার জন্য বলি, 'তুমি কি হতাশ হয়ে পড়েছ, ঠাকুরদা? আধ গেলাস জল মানে গেলাসটা অর্ধেকটা খালি, তা নয়। ভাবতে শেখো, গেলাসটা অর্ধেক ভর্তি।' বন্দী বৃদ্ধ শা-জাহানের মত ঠাকুরদা ভেঙে পড়ল, 'কি দেখে ভাবব বলতে পারিস? সোনার গ্রামকে সত্যিকারের সোনার গ্রাম করার জন্য যে হাতিয়ারটা তুলে নিয়েছিলাম, সেটাই যে এখন ভোঁতা হয়ে যেতে বসেছে।' 'তোমার কাগজ চলছে না বুঝি?' আমি জিজ্ঞেস করে বসি। ঠাকুরদা অবস্থাটা ভেঙে বলতে থাকে, 'টাকা নেই। তোর মত যে দু-চারজন ছেলে আছে, তারা খবর জোগাড় করে, কাগজ বিক্রি করে, অথচ ওদের পয়সা দিতে পারি না। বিনা পয়সায় খাটাই। বয়স হয়েছে, নিজেও আগের মত খাটতে পারি না। সরকারি বিজ্ঞাপন আগের থেকে কমে গেছে। বিজ্ঞাপন তো দূরের কথা, খবরের জন্যও সরকারি বাবুদের হাতে পায়ে ধরতে হয়। বেশি চাপ দিলে বলে—'প্রেস কার্ড দেখাও, তবে খবর দেব। আরে বাপু, প্রেস কার্ডটা তো সরকারই দেবে। কবে আবেদন করেছি, না দিলে আমি কি করতে পারি? আবার পুলিসের খবর পেতে হলে সদরে এস পি'র কাছে ছুটতে হবে। স্বরাষ্ট্র বিভাগ গত বছরে কড়া নির্দেশ দিয়েছে, এস পি'র নিচের তলার কোন অফিসার খবর দিতে পারবে না। আমার পাশের গ্রামের খুনের খবর পেতে ছুটতে হবে সদরে। তাও দেখা পাব কখন, তার কোন ঠিক নেই। বোঝ, খবরের আকালও আমাকে দেখতে হচ্ছে।'

'ঠাকুরদা, মহাকরণ বা জেলা তথ্য কেন্দ্র থেকে তোমাদের কোন খবর দেয় না?' ঠাকুরদা'র চোখে বিরক্তি। 'রাইটার্স থেকে পুরানো বস্তাপচা যে প্রেস ম্যাটার পাই, তা ফেলে দিতে হয়। আর জেলা তথ্যকেন্দ্র? মন্ত্রীরা সফরে এলে তোরা সরকারি গাড়িতে চেপে সঙ্গে আসিস, সরকারি খানা, আদরযত্ন খাস। আমরা এমনই দুর্ভাগা, মন্ত্রীর সফরের খবরটাই পাই না। তুই কি জানিস, সরকার ১৯৭৯ সালে একটা 'ছোট ও মাঝারি পত্রিকা তথ্যানুসন্ধান কমিটি' গঠন করেছিল?' জানি, সেই কমিটির সুপারিশ দু'বছর পরে সরকার মেনেও নিয়েছিলেন। নয়াদিল্লিতে তথ্যমন্ত্রী সম্মেলনে রাজ্যের তথ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, সুপারিশ অনুসারে ব্যবস্থা নেওয়া শুরু হয়েছে।' আমি জানাই, 'তবু অবস্থা সেই তিমিরে। ওরে, এ যে কুমীর মায়ের কান্না, এতে কি পোড়া রুটি ভেজে?' নিউজপ্রিণ্ট সরকার দেয় কিনা জানতে কৌতূহল হল। ঠাকুরদা বলল, 'স্টেট ট্রেডিং কর্পোরেশন থেকে কোটার নিউজপ্রিণ্ট তোলার মত অত টাকা একসাথে কোথায় পাব? তাছাড়া, গাড়ি ভাড়া দিয়ে, কাগজ কাটিয়ে প্রমাণ সাইজ করতে যা খরচ পড়ে কালো বাজারে তার থেকে দাম কম। অথচ দেখ, কমিটির সুপারিশ ছিল, সমবায় সমিতিগুলি থেকে খুচরো নিউজপ্রিণ্ট বিক্রির ব্যবস্থা করা হোক।' অর্থাভাবের কথায় আমার মনে পড়ে গেল, ব্যাঙ্ক ঋণের কথার। ঠাকুরদা'কে সে চেষ্টা করার কথা বলতে জানাল, রিজার্ভ ব্যাঙ্ক ছোট কাগজকে রাজ্য সরকার 'ক্ষুদ্র শিল্প' স্বীকৃতি দিলে ঋণ দিতে রাজি ছিল। কিন্তু দুঃখের বিষয়, রাজ্য সরকার সে স্বীকৃতি দেননি।

সারাদিন ধরে অভাব-অভিযোগের কথা শুনে যখন সোনার গ্রাম থেকে কলকাতায় ফেরার জন্য উঠে দাঁড়িয়েছি, ঠাকুরদা বলল, 'তুই তো দেখে গেলি, "স্থানীয় সংবাদ" জুড়ে আজ শুধু হাহাকার—টাকার, খবরের। তোকে আমি কেন যে এত কথা বললাম, জানি না। তোরা যারা কলকাতার কেউকেটা সাংবাদিক, তোরা তো কখনও কারুর কাছে প্রশ্ন করবি না—কেন আমাদের এই অবস্থা? তোরা তো গ্রামের কাগজগুলোর জন্য, তাদের সাংবাদিকদের জন্য কখনও সোচ্চার হবি না। তোদের কাছে আমরা যেন অচ্ছুৎ, হরিজন সাংবাদিক!' কোন উত্তর না দিয়ে মাথা নিচু করে বেরিয়ে এলাম।

বাইরে অন্ধকার, ঝিঁ' ঝিঁ' ডাকছে। মেঠো পথ দিয়ে ষ্টেশনের দিকে হাঁটতে হাঁটতে মনে পড়ল, ঠাকুরদা একদিন বলতো, 'এই অন্ধকারে আমরা সাংবাদিকরা হলাম বাতিওয়ালা।' এখন ঠাকুরদা যেন "সেই বাতিওয়ালা, যে সন্ধ্যায় রাজপথে পথে বাতি জ্বালিয়ে ফেরে অথচ নিজের ঘরে নেই যার বাতি জ্বালার সামর্থ্য, নিজের ঘরেই জমে থাকে দুঃসহ অন্ধকার।"

পুনশ্চ ঃ লেখাটা যখন প্রায় শেষ করে এনেছিলাম, তখন কয়েকজন বন্ধু আচমকা বাড়িতে হানা দিয়ে লেখা সমেত আমাকে ধরে ফেলে। লেখাটা পড়ে বন্ধুদের সংযোজন—'ব্রতী ঠাকুর' এবং 'স্থানীয় সংবাদ' সোনার গ্রামের মত পশ্চিমবঙ্গ তথা ভারতের প্রায় সব গ্রামেই ছড়িয়ে আছে। তারা সবাই বাতিওয়ালা হতে চেয়ে কেউ এইমাত্র মৃত্যু-বরণ করল, কেউ মৃত্যুর জন্য অপেক্ষা করছে, কেউ ইতি-মধ্যেই ও পাট চুকিয়ে ফেলেছে।

With best compliments from

WEST BENGAL DEVELOPMENT CORPORATION

Enlisted Class 1 Contractor of : P.W.D., C.P.W.D, Roads & Building & Builders,
Contractors & General Order Suppliers.

City Office :
244D, VIVEKANANDA ROAD,
(3rd Floor)
CALCUTTA-700 006
Phone : 35-3949

Site Office :
'KB' BLOCK.
OPP. STADIUM
SALT LAKE,
CALCUTTA-700 064

With Best Compliments from :

THE SANSKRIT BOOK DEPOT (P) LTD.

Indological Publishers & Book-Sellers

28/1, BIDHAN SARANI, CALCUTTA.

PHONE : 34-5139

WITH COMPLIMENTS
FROM

HILTON RUBBERS LIMITED

13-D EVEREST
46-C, CHOWRINGHEE ROAD
CALCUTTA-700 071

Tele : 44-8045
Telex : 021-2205
Cable : 'HILTONBELT'

ঘণ্টা তো বাঁধতেই হবে—

অনিরুদ্ধ চক্রবর্ত্তী
ছাত্র, দ্বিতীয় বর্ষ
সাংবাদিকতা বিভাগ

আমরা যারা সাংবাদিকতার ছাত্র, বিশেষতঃ কলকাতা বিশ্ববিদ্যালয়ে যারা সাংবাদিকতা নিয়ে এম, এ, পড়ছি, তাদের অনেকে ভ্রু কুঁচকে বলেন "সাংবাদিকতার ডিগ্রী থাকলেই সাংবাদিক হওয়া যায় না, আসলে কলমের জোর থাকা দরকার। দেখগে এদেশের বহু প্রতিষ্ঠিত সাংবাদিক আছেন যাঁদের কোন ডিগ্রীর দরকার হয়নি।"

"সাংবাদিক হওয়া" অর্থে "রিপোর্টার বা সাব-এডিটর হওয়াই" বোঝান হয়ে থাকে। আজকাল যদিও জন-সংযোগ, বিজ্ঞাপন প্রভৃতি বিষয় সাংবাদিকতার অন্তর্ভুক্ত। এবং এম, এ, ডিগ্রী কোর্সে এ সবই পড়তে হয়। ফি বছর এম এ হয়ে বেরিয়ে যাচ্ছেন বহু ছাত্রছাত্রীই। তাঁদের মধ্যে বেকার বসে আছেন কমজনই। বিভিন্ন প্রতিষ্ঠিত সংবাদপত্র, সংবাদ সংস্থা, আকাশবাণী, দূরদর্শন, বিজ্ঞাপন সংস্থা, জনসংযোগ দপ্তরে সাংবাদিকতার "ডিগ্রীধারী" ছাত্ররা যথেষ্ট যোগ্যতার সঙ্গে কাজ করছেন। কর্মদক্ষতায় তাঁরা যে "অ-ডিগ্রীধারীদের" থেকে নিকৃষ্ট মানে এমন কথা কেউ বলবেন না।

*

বিগত পাঁচ-ছ বছরে কলকাতার সংবাদপত্র জগতে একটা লক্ষ্যণীয় পরিবর্তন এসে গিয়েছে। ছাপার উন্নতি হয়েছে। সাংবাদিকতার পরিধিও বিরাট হয়েছে। সমাজ জীবনে এমন কোন বিষয় নেই যা নিয়ে কিছু না কিছু লেখা হচ্ছে না। সমাজের এমন কোন ব্যক্তিত্ব নেই যাঁর ইনটারভিউ প্রকাশিত হচ্ছে না, তা তিনি যে ক্ষেত্রের ব্যক্তিত্বই হোন না কেন এবং যতই বিস্মৃতির অন্তরালে চলে যান না কেন। আপনি মৃতই হোন বা জীবিত, পাঠক মহল তৃপ্ত হবে মনে করলে সাংবাদিকরা আপনাকে খুঁজে হাতড়ে বার করবেনই এবং আপনার সাক্ষাৎকার বা প্রোফাইল প্রকাশিত হবে। অনেক সময় পাবলিক ফিগারদের স্ত্রী, আত্মীয় পরিজন, এমনকি গৃহ-ভৃত্যের সাক্ষাৎকার পর্যন্ত জোগাড় করে আনছেন। ঝরঝরে ভাষায় লেখা হচ্ছে সেগুলি। পাঠকরা ভালই "খাচ্ছেন।" এ জিনিস কিছুদিন আগেও এত ব্যাপক-ভাবে দেখা যেত না।

যেহেতু সাংবাদিকতার বিষয়বস্তু আজ বহুবিচিত্র সেই হেতু বহুবিচিত্র পেশার মানুষ আজ সাংবাদিকতায় আসছেন। ডাক্তার, বিজ্ঞানী, খেলোয়াড়, ইনজিনিয়ার, আইনজীবী প্রত্যেকেই তাঁদের স্ব-স্ব পেশার ফাঁকে ফাঁকে সাংবাদিকতার দিকে ঝুঁকছেন। এমনকি কলকাতা বিশ্ব-বিদ্যালয়ের "ফার্স্ট ক্লাস ফাস্টরা আজ সব ছেড়ে দিয়ে সাংবাদিকতাকেই বেছে নিচ্ছেন তাঁদের পেশা হিসাবে। তার কারণ সাংবাদিকতায় গ্ল্যামার বা চটক আছে। বাই-লাইন দিয়ে খবরের কাগজে নিজের নাম যতই প্রকাশিত হতে শুরু করবে, ততই "সামাজিক প্রতিষ্ঠা" অর্জনের সুযোগ এসে যাবে। গ্ল্যামার আছে বলে প্রলোভনের সুযোগও বেড়েছে অনেক বেশী। সরকারী আবাসন, টেস্টের টিকিট, ফিল্ম ফেস্টিভ্যালের টিকিট, শাড়ীর দোকান থেকে শাড়ী, কলমের দোকান থেকে কলম, চা কোম্পানী থেকে চা, ব্যবসায়িক প্রতিষ্ঠানের পয়সায় গ্রান্ডে খাওয়া-দাওয়া এ সব সুযোগ সুবিধা সাংবাদিকদের বেড়েই চলেছে।

*

লেখা বললেই লেখা হয় না। অনন্ত কাল ধরে একটা লেখা লিখলে অন্যে এসে আপনাকে ডিঙিয়ে চলে যাবে। আবার খবর বা রচনাই বলুন অন্যের থেকে আলাদা হতেই হবে। নতুনত্ব না থাকলে সেই খবর বা রচনা ভীড়ের মধ্যে হারিয়ে যাবে। তাই রাতারাতি কারবাইড দিয়ে আম প্যাকানোর মত ফেনিয়ে, ফাঁপিয়ে অসংখ্য অর্ধসত্য সংবাদ দৈনিকগুলিতে ছাপা হচ্ছে। যত্নেরও অভাব দেখা যায়। গভীরতারও ঘাটতি দেখা যায়। শুধু চটক দিয়ে মন ভোলানোর অপচেষ্টা। আর লক্ষ লক্ষ পাঠক সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে খালি পেটে চা সহকারে নিবিষ্টচিত্তে পড়ে যাচ্ছেন এইসব বহুল প্রচারিত দৈনিকগুলি। মিথ্যা বা অর্ধসত্য সংবাদের বহু প্রতিবাদও আসে পাঠকমহল থেকে। ধমকানি দেন মন্ত্রীরাও। এই তো সেদিন "জ্যোতি বসু, প্রণব মুখার্জী ওভারড্রাফট আলোচনা" শীর্ষক একটি সংবাদ বেরোল একটি প্রথম সারির দৈনিকে। পরে জ্যোতিবাবু প্রণববাবু উভয়েই অভিযোগ করলেন যে সংবাদটি ঠিক নয়, কারণ ওভারড্রাফট নিয়ে কোন আলো-চনাই সেদিন হয়নি। "বেয়নেট পয়েন্টে ডাক্তার আন্দো-

লনের মোকাবিলা করা হবে—বিনয় চৌধুরী" এই হেড-লাইনে খবর প্রকাশিত হল একটি প্রথম সারির দৈনিকে। অথচ অন্য কোন কাগজে ঐ খবর ছিল না। পরে জানা গেল বিনয়বাবু ঐ কথা নাকি আদপেই বলেননি। কিছু-দিন আগে কলকাতা বিশ্ববিদ্যালয়ে এসে ডঃ ফারুক আবদুল্লাহ অভিযোগ করে গেলেন যে কতিপয় সাং-বাদিক কাশ্মীরের একটি পাঁচতারা হোটেলে বসে গোটা কাশ্মীরের প্রাক্-নির্বাচনী পরিস্থিতি বানিয়ে বানিয়ে লিখেছিলেন। রাজনৈতিক নেতাদের সমস্ত অভিযোগই যে অকাট্য ও অভ্রান্ত একথা মনে করার কোন কারণ নেই। কিন্তু রাতারাতি নাম কেনার আশায় অথবা কর্তৃপক্ষের নির্দেশে কাগজের বিক্রী বাড়ানোর তাগিদে কিছু সাং-বাদিক খবরের সত্যতা যাচাই করা প্রয়োজন বোধ করছেন না। বাঙলাদেশের মুক্তিযুদ্ধের সময়ে আগরতলায় বসে থেকে ঢাকার রাজপথে লড়াই-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণ দিয়ে গেছেন কিছু সাংবাদিক। পাটনায় না গিয়ে পাটনার বন্যা সম্পর্কে লেখা হয়েছে। এমন উদাহরণ আরো কতই না আছে।

আগেই বলেছি সংবাদপত্র কর্তৃপক্ষের নির্দেশিত গণ্ডীর মধ্যেই আজকাল অধিকাংশ সাংবাদিকদের বিচরণ করতে হচ্ছে। তাঁদের ইচ্ছার বাইরে কিছু লেখা প্রায় দুরাশা। যদি নির্দেশ হয় মন্ত্রীর কোন কথা লেখা হবে না, তবে লেখা হয় না। যদি বলা হয় শুধু মন্ত্রী যা বললেন তাই কেবল প্রকাশিত হবে, অন্য সকল বক্তার বক্তব্য বাদ যাবে, তবে তেমন ভাবেই সংবাদ সংগ্রহ করা হয়ে থাকে। এই প্রসঙ্গে একটি ঘটনার কথা মনে পড়ছে।

বেকার হলে বিপ্লবী ডঃ ভূপেন্দ্রনাথ দত্তের জন্মশত-বার্ষিকী অনুষ্ঠান চলছিল। স্মৃতিচারণ করছিলেন বিশিষ্ট কলকাতা গবেষক অশীতিপর শ্রীরাধারমন মিত্র। ডাক্তার দত্তের স্মৃতিচারণ করতে গিয়ে তিনি হয়ত একটু প্রসঙ্গান্তরে চলে গিয়েছিলেন। যা যেকোন আত্মভোলা গবেষকেরই হয়ে থাকে। লক্ষ্য করলাম উপস্থিত সাং-বাদিকরা উশখুশ করতে শুরু করেছেন। একজন সাং-বাদিক তো মন্তব্যই করে বসলেন "এই বুড়ো বয়সে এঁদেরকে কেন যে স্টেজে তোলা হয়"..

শ্রীমিত্রের ভাষণ শেষ হল। সাংবাদিকরা হাফ ছেড়ে বাঁচলেন। এরপর বলতে উঠলেন একজন মন্ত্রী। সাংবাদিকরা কাগজ কলমহাতে নিলেন। মন্ত্রীর বক্তৃতা শেষ হল, তাঁরাও সদলবলে উঠে চলে গেলেন। পরদিন সংবাদপত্রে শুধু সেই মন্ত্রীমহোদয়ের বক্তৃতাই প্রকাশিত হল। যদিও তাঁর বক্তৃতাটি যথেষ্ট তথ্যসমৃদ্ধ ছিল, তবু সেই অনুষ্ঠানে আরো অনেক বিশিষ্ট প্রবীণ বক্তা ডঃ দত্তের অমূল্য স্মৃতিচারণ করেছিলেন। মন্ত্রী নন বলে সাংবাদিকদের কৃপাদৃষ্টি তাঁরা পেলেন না।

*

আমরা অনেক কিছু পড়ছি। পড়ছি ভারতবর্ষের সাং-বাদিকতার ইতিহাস। জানছি হিকি, হরিশ মুখার্জী, ব্রহ্মবান্ধব, তিলক, সত্যেন্দ্রনাথ প্রমুখ প্রাতঃস্মরণীয় সাং-বাদিকদের চরম আত্মত্যাগের কথা। পরিপূর্ণ জীবনবোধ আর উচ্চ নৈতিক আদর্শের কি দৃষ্টান্তই না তারা রেখে গেছেন। নিজের জন্য কিছু নয় সবই পরের তরে। জীবন মৃত্যুকে পায়ের ভৃত্য করে তাঁরা ধরেছিলেন তাঁদের কলম। আর সেই কলম থেকেই ব্রিটিশ সাম্রাজ্যবাদের মৃত্যু পরোয়ানা ঘোষিত হয়েছিল। পড়তে পড়তে অবাক হয়ে যেতে হয়। তারপর পড়া শেষ করে আমরা যখন ফিরে আসি আমাদের পারিপার্শ্বিকতার মধ্যে, যেন মেলাতে পারি না কিছুই।

সাংবাদিকতায় প্রতিযোগিতা বাড়ুক আপত্তি নেই। সমাজের সকল প্রান্ত থেকে মানুষের প্রতিনিধিত্ব হোক এই পেশায়। এতে সাংবাদিকতারই শ্রীবৃদ্ধি হবে এ বিষয়ে সন্দেহ নেই। আমরাও প্রতিযোগিতায় নামতে চাই। এমন কি বেগার খাটতেও আমরা রাজী আছি। প্রথমেই পয়সা পাবো না জানি, প্রথমেই নাম কিনব এ আশা দুরাশা। কিন্তু প্রশ্নটা কিছু নীতি এবং আদর্শের। হয়ত অনেকে বলবেন অল্প বয়সে ওরকম নীতি আদর্শ সকলেরই থাকে, পরে সব ধুয়ে মুছে যায়। তাহলে বিবেককে বিক্রী করাটাই কি চিরন্তন সত্য? আজ আমরা যা করছি, ভবিষ্যতে তা নিয়েই লেখা হবে আজকের দিনের ইতিহাস। সেই ইতিহাস তো আমাদের ক্ষমা করবে না। তার পাওনাগণ্ডা আদায় করে নেবেই। ইতিহাসের অমোঘ গতিপথের সঙ্গে সাংবাদিকতার গতিকে একাত্ম করার গুরুদায়িত্ব কাঁধে নেবেন কারা?

Space donated by

A Well Wisher

'একটু মশাই নড়ুন'

অরুণাভ দাস
ছাত্র, দ্বিতীয় বর্ষ
সাংবাদিকতা বিভাগ

সংবাদপত্র এখন কেবলমাত্র সংবাদমুদ্রণ ব্যাপারটির মধ্যে সীমাবদ্ধ নয়। এর পরিসর অবশ্যই আরও প্রশস্ত। এর তাৎপর্য আরও সুদূরধর্মী। এখানে মুক্ত চিন্তার আনা-গোণা চলে। অনেক রকম পরীক্ষা নিরীক্ষা হয়। এবং এরই মধ্যে উদিত হয় কোন আদর্শ ও ভাবনা—যে ভাবনা প্রতিটি মানুষকে ভাবায়। শেখায় কি করে সেই ভাবনা-গুলোকে বাস্তবরূপ দেওয়া যায়। সুতরাং এটা নিঃসন্দেহ যে একটি আদর্শ সমাজ, দেশ, সভ্যতা গড়ে তোলার ক্ষেত্রে সংবাদপত্রের ভূমিকা অপরিসীম।

ইদানীংকালে সংবাদপত্রের স্বাধীনতা সম্পর্কে নানাদিক থেকে নানারকম কথাবার্তা শোনা যায়। যদিও প্রকাশ্যে কেউই সংবাদপত্রের স্বাধীনতার বিপক্ষে কোনও বক্তব্য রেখে রাজনৈতিক (শব্দটি অবশ্যই বর্তমান অর্থানুসারে প্রযোজ্য) নির্বুদ্ধিতার পরিচয় দেয়নি। কিন্তু বর্তমানে ভারতবর্ষের স্বাধীনতা এমন এক অদ্ভুত জায়গায় দাঁড়িয়ে আছে যা এর আসল আদর্শকে খর্ব করার পক্ষে যথেষ্ট।

রেনেসাঁই হল সমগ্র মানবজাতির স্বাধীনতা সংগ্রামের প্রথম মহাযুদ্ধ এবং সংবাদপত্র সেই স্বাধীনতার সব থেকে বড় ম্যানিফেস্টেশন বা প্রকাশ। সংবাদপত্রের বৈশিষ্ট্যের উল্লেখ করার সঙ্গে সঙ্গে অবিসংবাদিতভাবে শিক্ষার প্রশ্নটি এসে যায়। শিক্ষা মানে অবশ্যই গণশিক্ষা বা মাস এডুকেশন। কিন্তু আমাদের মত তৃতীয় বিশ্বের অন্তর্গত দেশগুলি এই জিনিসটি থেকে ভয়াবহভাবে বঞ্চিত। শিক্ষা লাভের সুযোগ পায় একটি মুষ্টিমেয় শ্রেণী।

শিক্ষার বৈষম্যের মূলে রয়েছে এক শ্রেণী মানুষের ম্যানুপুলেশন।

এই অবস্থায় গণ-মাধ্যমের সবচেয়ে বড় হাতিয়ার সংবাদপত্র জনজাগরণের ক্ষেত্রে কোন কাজে আসতে পারে? আসতে পারত যদি আমাদের দেশের বুদ্ধিজীবিরা এই বৈষম্য রক্ষণ যন্ত্রের শিকার না বনে যেতেন। কারণ সংবাদপত্র তথা অন্যান্য গণমাধ্যমগুলি দেশের এই বুদ্ধিজীবিদের ওপর বহু-লাংশে নির্ভরশীল।

অথচ এই সব বুদ্ধিজীবিরা পরিচিত ব্যবস্থা থেকে বেরিয়ে আসতে পারছেন না। নানা প্রলোভনে তাঁরা ভুলে আছেন। কেউ কেউ বলেন, এদেশে সর্বহারাদের মুখপত্রও ত আছে। তারাই ত বঞ্চিতদের কথা লিখতে পারে। কিন্তু তাও হয় না।

দেশের প্রথম সারির বুদ্ধিজীবিরা নিষ্ক্রিয় বলা যেতে পারে। তাঁরা এমনভাবে লেখেন, মানে তাঁদের লেখার আঙ্গিক এমন চমৎকারিত্বে ভরা সাধারণ বুদ্ধিসম্পন্ন মানুষেরা সহজেই বিভ্রান্ত হন। এইসব বুদ্ধিজীবিরা যদি নীরব থাকবেন, গণতান্ত্রিক দেশের সত্তর ভাগ মানুষ যদি 'গণতন্ত্র' শব্দটি পড়তে না পারে এবং তার তাৎপর্য না বুঝতে পারে তাহলে গণমাধ্যমগুলির আদর্শচ্যুত হতে দেরী হয় না। দু-একটা সমস্যা নিয়ে কখনো কখনো এমনভাবে আকাশ বিদীর্ণ করেন, যেন ওইগুলিই দেশের মৌলিক সমস্যা। কিন্তু তাঁরা চ্যালেঞ্জ জানাবেন না কেন স্বাধীনতার ৩৫ বছর পরেও দেশের সত্তর ভাগ মানুষ নিরক্ষর থাকে? কেন দেশের অধিক মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে? আমাদের দেশে সর্বাধিক প্রচারিত সংবাপত্রগুলি মূলতঃ বৃহৎ শিল্পগোষ্ঠী দ্বারা প্রত্যক্ষ ভাবে নিয়ন্ত্রিত। সুতরাং এই সব চ্যালেঞ্জ বা প্রশ্ন রাখা প্রগলভতা। অনেকেই বলে থাকেন সরকার অমুক স্বাধীনতা দিল না, তমুক বিল জারি করল। কিন্তু সারা দেশে ক'জন সাংবাদিক বুক ঠুকে বলতে পারেন আমরা লেখার ব্যাপারে স্বাধীন। কেউ বলতে পারেন যে সাংবাদিক একজন প্রভাব-শালী দুর্নীতিপরায়ণ মুখ্যমন্ত্রীকে গদী ত্যাগ করতে বাধ্য করে সাংবাদিকতার জগতে এক অনন্যসাধারণ নিদর্শন রাখেন

তাঁকে চাকুরীটি হারাতে হয় কেন ? এরকম নজির ভুরি ভুরি আছে। হয়ত এসব কথা অনেকেই ভাবেন। কিন্তু যাঁরা ভাবেন তাঁদের ভাবনা বড়ই নপুংশক। যাঁরা ভাবলে কাজ হত তাঁরা কোনদিনই ভাববার অবকাশ পাবেন না। কারণ পূর্ববর্ণিত।

শুধুমাত্র হতাশাব্যঞ্জক কথা বলে আমার লেখাটি শেষ করব না। আশা আছে। আত্মত্যাগ আমাদের দেশে কম হয়নি। এর প্রচুর উদাহরণ আছে। শুধু দরকার সাংবাদিকতায় সাহস, সংহতি এবং সমন্বয়। যে সংহতি বৃটিশ শাসন কালে ছিল তা আজ কেমন যেন স্তিমিত। পারি আমরাও সুন্দর ভবিষ্যৎ গড়ে তুলতে। শুধু চাই এক প্রজন্মের আত্মত্যাগ। একটু চিন্তা—একটু ভাবনা—কেমন হয় বলুন তো ?

নিশ্চিত সাফল্য — এম, এ বাংলা ভাষায় পাশ করুন

এম. এ ইতিহাস (বাংলায়) এম. এস-সি গণিত * ইসলামিক প্রাচীন ও আধুনিক * এম. কম/এম. এ বাংলা রাষ্ট্রবিজ্ঞান * দর্শন। ইংরাজী * সংস্কৃত

মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক, জয়েণ্ট এণ্ট্রান্স-এর '৮৩ সালের "ফাইন্যাল সাজেসানস্" বাহির হইয়াছে।

গ্রুপ কোচিংয়ের ব্যবস্থা আছে।

বি. এ, বি. এস. সি. (বায়ো/পিওর) বি. কম্ (পাশ/অনার্স) বি. এড, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের নির্ভরযোগ্য নোটস্/সাজেসানস্/কোচিং এবং রবীন্দ্র ভারতী ও বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের এম. এ (সমস্ত বিষয়ের) নোটস্-এর জন্য যোগাযোগ করুন।

The Bengal Institute of Professional & General Studies

২০৩/১/১, বিধান সরণী, কলিকাতা-৬ (বিধান সরণী ও বিবেকানন্দ রোড জংশন)। প্রত্যহ সকাল ৯—সন্ধ্যা ৭টা

রবিবার সকাল ১০—৫টা।

সেক্রেটারী — **অশোক চৌধুরী**, (এম-এস-সি, এম-এ ট্রিপিল, এল এল-বি)

প্রিন্সিপ্যাল — **সৌরীশ চৌধুরী।**

With Compliments from :

NATIONAL TOBACCO COMPANY

A Divn. of Duncans Agro Industries Ltd.

★

1 & 2, OLD COURT HOUSE CORNER

CALCUTTA-700 001

ভারতে সংবাদপত্রের প্রসার

অভীক দত্ত
ছাত্র, প্রথম বর্ষ
সাংবাদিকতা বিভাগ

বিজ্ঞানের উন্নতির কল্যাণে মানুষ যখন মহাকাশে বাসস্থান গড়ার পরিকল্পনায় ব্যস্ত তখন সংবাদপত্রের দুনিয়াও এক জায়গায় থেমে নেই। উপগ্রহের মাধ্যমে পাওয়া সংবাদ যখন রোটারীতে ছেপে, রঙীন ফটোয় সমৃদ্ধ হয়ে আমাদের প্রভাতী চায়ের আসরে উঁকি মারে তখন বোঝা যায় ভারতবর্ষও সংবাদপত্র মুদ্রণে দুশ বছর অতিক্রম করেছে। কিন্তু ভারতে সংবাদপত্র মুদ্রণে এই অগ্রগতির পরিধি এতই সীমাবদ্ধ যে তা সাধারণ মানুষের প্রত্যাশা পূরণ করতে পারেনি।

সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে অসংখ্য ব্যাধিতে আক্রান্ত, ৩৬ বছরের স্বাধীন এই দেশটিতে সংবাদপত্রের প্রচার ও প্রসারের প্রয়োজনীয়তা অনস্বিকার্য। কিন্তু আজকের ভারতবর্ষে সংবাদপত্রের প্রচার সংখ্যা এতই সীমিত যে তা কোনভাবেই জনশিক্ষার মাধ্যম হিসেবে কাজ করতে পারছে না, তাছাড়া আছে আদর্শচ্যুত ব্যবসায়িক সাংবাদিকতা।

গণমাধ্যমগুলির সামাজিক প্রয়োজনের পরিপ্রেক্ষিতে, 'ইউনেস্কো'-র মতে প্রতি ১০০ জনে নূন্যপক্ষে ১০ কপি সংবাদপত্র, ২টি রেডিও সেট ও ২টি টি, ভি, সেটের প্রয়োজন। কিন্তু এখনও পর্যন্ত ১০০টি দেশের ২০০ কোটি মানুষ এই সুযোগ লাভে বঞ্চিত; এর মধ্যে এশিয়ার দেশগুলিতে প্রতি ১০০ জনে ২ কপি সংবাদপত্র প্রচারিত হয়। ভারতবর্ষের অবস্থাও মোটেই আশানরূপ নয়। ১৯৭৭ সালের প্রেস রেজিস্ট্রারের রিপোর্ট অনুসারে জানা যায়, ১৯৭৫ সাল থেকে ১৯৭৬ সালে দৈনিক সংবাদপত্রের সংখ্যা ৮৩৫ থেকে বেড়ে হয়েছে ৮৭৫ কিন্তু আশ্চর্যজনকভাবে মোট প্রচার সংখ্যা প্রায় ৪৫,০০০ কমেছে। এখনও প্রতি বছর সংবাদপত্র এবং অন্যান্য পত্রিকার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রচার সংখ্যা বৃদ্ধির হার মোটেই সন্তোষজনক নয়। ২৫·৮·৮৩ তারিখে লোকসভায় প্রদত্ত প্রেস রেজিস্ট্রারের রিপোর্টে দেখা যায়, ১৯৮০ সালে দৈনিক সংবাদপত্রের সংখ্যা ছিল ১,১৯৯, '৮১ সালে সেই সংখ্যা দাঁড়িয়েছে ১,২৬৫তে; অন্যদিকে এই সময়ের মধ্যে ভারত থেকে প্রকাশিত সমস্ত পত্র-পত্রিকার সংখ্যা ১৮,১৪০ থেকে বেড়ে দাঁড়িয়েছে ১৯,১৪৪। ঐ রিপোর্টে আরও বলা হয়েছে, '৮১ সালে ১৯,১৪৪টি পত্র-পত্রিকার প্রচার সংখ্যা ৫১,১০২,৬০০ যেখানে '৮০ সালে এই সংখ্যা ছিল ৫০,৯২১,০০০। প্রায় ৭০ কোটি মানুষের দেশ ভারতবর্ষে এই সংখ্যা নিতান্তই নগন্য। অন্যদিকে সোভিয়েত রাশিয়ায় প্রকাশিত সর্বমোট ৫,৫০০টি পত্রিকার মোট প্রচার সংখ্যা ৩০০ কোটি কপি।

পরাধীন ভারতবর্ষে সংবাদপত্রের সাম্রাজ্যবাদ বিরোধী এবং অন্যান্য গঠনমূলক ভূমিকার কথা মনে রেখে, সাধারণ মানুষ স্বাধীনদেশের সংবাদপত্রের কাছে অনেক আশা করেছিল। প্রথমতঃ সীমিত সংখ্যক প্রকাশের জন্য সংবাদপত্র জনগণের ব্যাপক অংশের কাছে পৌঁছোতে পারেনি, দ্বিতীয়তঃ ব্যবসায়িক স্বার্থের বশবর্তী হয়ে যে সমস্ত সংবাদপত্র প্রকাশিত হচ্ছে তা সামগ্রিকভাবে সামাজিক স্বার্থহানি করছে। ১৯৫৪ সালে প্রেস কমিশনের রিপোর্টে অত্যন্ত সঠিকভাবেই বলা হয়েছিল— 'বর্তমানে সংবাদপত্র পরিচালিত হচ্ছে, নিতান্তই ব্যবসায়িক স্বার্থে, আদর্শের কোন স্থান সেখানে নেই।' প্রেস কমিশনের নিষেধাজ্ঞা সত্ত্বেও বর্তমান সংবাদপত্র মালিকদের কুরুচিকর বিজ্ঞাপনে বোঝাই সংবাদহীন সংবাদপত্র প্রকাশ করতে নৈতিকতায় বাধে না।

কিন্তু অর্থনৈতিক কারণে শিল্পপতিদের হাতেই দৈনিক পত্র ও অন্যান্য বিভিন্ন স্বাদের পত্রিকার মালিকানা কেন্দ্রীভূত হচ্ছে। তাদের লক্ষ্য বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে প্রচুর মুনাফা সংগ্রহ করা, জনস্বার্থে ব্যাপক প্রচার নয়। সংবাদ সংগ্রহ থেকে মুদ্রণ পর্যন্ত একটি সংবাদপত্র প্রকাশের ক্ষেত্রে বর্তমান যুগে খরচ অসম্ভব বেড়েছে। ফলে প্রচুর পরিমাণ পুঁজির বিনিয়োগ ব্যতীত সংবাদপত্র শিল্প পরিচালনা সম্ভব নয়। ব্যবসায়িক স্বার্থে শিল্পপতিদের আকর্ষণের ফলাফল হিসেবে বর্তমানে ভারতবর্ষের সংবাদপত্র শিল্প একটি বিপজ্জনক দিকে মোড় নিচ্ছে। স্বল্প সংখ্যক ব্যক্তির হাতে সংবাদপত্রের মালিকানা কেন্দ্রীভূত হচ্ছে। ১৯৫৪ সালের প্রেস কমিশনের রিপোর্টে দেখা যায় ৫টি গোষ্ঠী

২৯টি সংবাদপত্র এবং ১৫টি গোষ্ঠী ৫০টি সংবাদপত্রকে নিয়ন্ত্রণ করছে, যাদের প্রচারের হার যথাক্রমে ৩১·২% এবং ৫০·১%। পরবর্তীকালে এই নিয়ন্ত্রণ আরও বেড়েছে। ফলে ছোট ছোট সংবাদপত্রগুলির প্রায় জন্মলগ্নেই মৃত্যু ঘটছে বা তারা ধুঁকতে ধুঁকতে পথ চলছে।

অর্থনৈতিক বাধা বিপত্তি ছাড়াও সংবাদপত্রের স্বাধীনতার ক্ষেত্রে সরকারী হস্তক্ষেপ ভারতে পত্র-পত্রিকায় প্রচারের ক্ষেত্রে এক বিরাট অন্তরায়। 'অপব্যবহারের আশঙ্কা থাকলেও আমি সর্বতোভাবে সংবাদপত্রের স্বাধীনতার স্বপক্ষে'—ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী নেহরুর এই মন্তব্য আজকের ভারতে অর্থহীন। অষ্টাদশ শতাব্দীর শেষে লর্ড ওয়েলেসলি প্রবর্তিত সংবাদপত্রের প্রতি নিষেধাজ্ঞার ঐতিহ্যকে বিংশ শতাব্দীর স্বাধীন ভারতে বহন করছে 'বিহার প্রেস বিল'-এর মত কিছু আইন। আভ্যন্তরীন জরুরী অবস্থার সময় সংবাদপত্রের স্বাধীনতা সবদিক থেকে বিপন্ন হয়েছিল। সংবাদ প্রকাশের ওপর কঠোর সরকারী নিয়ন্ত্রণের পাশাপাশি ছিল অন্যান্য ধরনের আঘাত। অর্থনৈতিক চাপ সৃষ্টি করার জন্য ঐ সময় ১১০০ পত্রিকার বিজ্ঞাপন বন্ধ করে দেওয়া হয়। এবং ৬৪৮ জন সাংবাদিক গ্রেপ্তার হয়, এদের প্রায় ২৫০ জন মিসায় বন্দী হন। যারাই সংবাদপত্র জগতে আদর্শের কথা মনে রেখে নতুন পথে চলতে চাইছিলেন তারাই এই সমস্ত আইন কানুনের শিকার হন। বহু ছোট সংবাদপত্র এই সময় বন্ধ হয়ে যায়।

'সাংবাদিকতা শিক্ষা'-র ক্ষেত্রেও সরকারী অবহেলা এই শিল্পের উন্নতির ক্ষেত্রে অসুবিধা স্বরূপ। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা বিভাগ থাকলেও, সে সম্পর্কে যথেষ্ট নজর দেওয়া হয় না। অথচ এই শিক্ষাক্রমের সঠিক প্রয়োগ একজন সৎ নীতিবোধ সম্পন্ন কুশলী সাংবাদিক সৃষ্টি করতে পারে।

যদিও বর্তমানে রেডিও এবং টি ভি আমাদের দেশে গণমাধ্যমগুলির মধ্যে অত্যধিক জনপ্রিয় হয়ে উঠছে তবুও সামগ্রিকভাবে জনশিক্ষার স্বার্থে সংবাদপত্রের ব্যাপক প্রচার ও প্রসার একান্ত জরুরী। কিন্তু স্বাধীনতার পরবর্তীকালে সংবাদপত্রের প্রচারের হারের সাথে প্রয়োজনের তুলনামূলক বিশ্লেষণ, দেশের সংবাদপত্রের ভবিষ্যত সম্পর্কে নিরাশ করে। কিন্তু এর পাশাপাশি কিছু সম্ভাবনাও দেখা যাচ্ছে। সংবাদপত্রের স্বাধীনতায় সরকারী হস্তক্ষেপ বর্তমান পরিস্থিতিতে সহজসাধ্য নয়। সাংবাদিক ও সাধারণ মানুষের ঐক্যবদ্ধ আন্দোলনের ফলে বিহার প্রেস বিল প্রত্যাহৃত হয়েছে। সরকারী বিজ্ঞাপন নীতির ফলে, সমস্ত সংবাদপত্র ও অন্যান্য পত্রিকা প্রচারের হার অনুসারে বিজ্ঞাপন পাচ্ছে। বিশেষ করে পশ্চিমবঙ্গে সরকার চেষ্টা করছে ছোট সংবাদপত্র ও পত্রিকাগুলিকে বাঁচিয়ে রাখার। মুদ্রণব্যবস্থার উন্নতির সমস্ত সুযোগ না পেলেও অনেক সংবাদপত্রের ছাপার মানের উন্নতি ঘটেছে। অসম বিকাশ হলেও শিক্ষার প্রসার ঘটার জন্য পাঠক সমাজের পরিধি বাড়ছে। নতুন কিছু সংবাদপত্রও ইদানীংকালে প্রকাশিত হয়েছে।

ভারতবর্ষের সাধারণ মানুষের স্বার্থে সংবাদপত্রের সুষম বিকাশের সম্ভাবনা যথেষ্ট রয়েছে। বর্তমানে প্রয়োজন সংবাদপত্র শিল্প সম্পর্কে সঠিক সরকারী নীতি ও তার বাস্তব প্রয়োগ। প্রেস কমিশন ও বিভিন্ন অনুসন্ধান কমিটি সংবাদপত্র শিল্পের প্রসারে বাধার কারণ সম্পর্কে যে ব্যাখ্যা দিয়েছেন এবং তার সঙ্গে তারা যে পরামর্শ দিয়েছেন তা সরকারের গ্রহণ করা উচিত। যদিও বর্তমান তেমন আশার সঞ্চার করে না তবুও সম্ভাবনার কথা মনে রেখে এই আশাই থাক এই বহুজাতিক উন্নয়নশীল দেশটির সংবাদপত্র শিল্পের সুস্থ ও ব্যাপক প্রসার ঘটবে।

With Best Compliments from :

J. K. STEEL (A Divn. of JK Synthetics Ltd.)

7, Council House Street, Calcutta-700 001

TELEGRAM : BALINGHOOP

TELEPHONE : 23-6181 (7 Lines)

★ JUTE BALING HOOPS
★ BOX STRAPPINGS
★ COLD ROLLED STRIPS
★ CABLE TAPES

LET'S REBUILD OUR CIVILIZATION

BIPLAB KUMAR MAZUMDER
Student, 2nd year,
Department of Journalism

In this growing welter of purposes and cross-purposes, war means an ugly mob-madness crucifying truth-tellers, choking artists, and side-tracking reforms, revolutions and social forces. People in this world of ours today are pierced with sharp spears and arrows, whining and pining for survival. If we can stand a long-drawn war without any deterioration of soul, none can stand a prolonged peace. The glories of war are all blood-stained, delirious and infected with crime; the combative instinct is a savage prompting by which one man's good is found in another's evil. The Press has as much of a duty to avoid war as a ship's captain has to avoid a shipwreck. The war against war is going to be no holiday excursion or camping party. Military feelings are too deeply rooted to abdicate their place among our ideals until better substitutes are offered than the glory and shame that come to nations as well as individuals from the ups and downs of politics and the vicissitudes of trade. A people living under the perpetual menace of war and invasion is very easy to govern. It demands no social reforms. It does not haggle over expenditure on armaments and military equipment. It pays for war without discussion, it ruins itself, and that is an excellent thing for the syndicates of financiers and manufacturers for whom patriotic terrors are an abundant source of gain. Turning to this point of view, the newspaper has the right to do away with this naked vulgarism of the war cry of war-mongers. As a newspaper is a public servant, and to be permanently successful it must be faithful to the interests of the public it serves. It dare not be selfish. It dare not be mercenary.

A journalist must be a militant crusader for righteous causes and must print in its columns honesty of thought and speech and a written word that would be a jewel and truth. Truth is the greatest of all national possessions. A state, a people, a system which suppress the truth or fear to publish it, deserve to collapse. For truthful news has always been dangerous to the rule of the rogue, the exploiter, the robber, and to the war-mongers.

We love peace, as we abhor pusillanimity, but not peace at price. There is peace more destructive of the manhood than war destructive of his material body. Chains are worse than bayonets. If an earthquake were to engulf America tomorrow, the Americans would manage to meet and dine somewhere among the rubbish, just to celebrate the event. When a government prohibits any writing on matters of administration, it makes a vow of blindness.

The value of war for political and moral developments has been criticised by large sections of the modern civilized world in such a way that threatens to weaken the defensive powers of the United States by undermining the so-called warlike spirit of people. Today war is only caused through the political intercourse of governments and nations; war is nothing but a continuation of the political intercourse although

other things come in the picture. No soldier starts a war he only gives his life for it. Wars are started by you and me, by bankers and politicians, excitable women, newspaper editors, clergymen who are expacifists and congressmen with the vertebrate of the putty. Youngsters yell in the streets. Poor kids are the ones who pay the price.

The secret of the bomb should be committed to a world government. Do we fear the tyranny of a world government ? Of course, we do. But we fear still more the coming of another war or wars. Any governmant is certain to be evil to some extent. But a world government is preferable to the far greater evil of wars. A people's war in civilized Europe is a phenomenon of the 19th century. A people's war in general is to be regarded as a consequence of the way in which in our day the elemental violence of war has burst its old artificial barriers, as an expression and strengthening, therefore, of the whole ferment which we call war. And the function of the Press is very high. It is almost holy. It ought to serve as a forum for the people, through which they may know freely what is going on. To misstate or suppress the news is a breach of trust. The press is the only weapon with whose aid the party every day speaks to the working class in the language of the party. We cannot find in the world another such flexible apparatus as the Press and there are no other means through which the party can so will connect its idelogical threads with the working class.

Confused by the diabolical use of science and technology, the whole world is absolutely brought up on lies. We are fed on nothing but lies. Any profession of virtuous self-denial on our part at this stage is bound to be construed as sour-grapism. The wild outcry of belligerent nations, as mass-murdering agencies, is heard in and around the third world countries. These are cogent arguments and deserve consideration. Having put ourselves into the jacket of narrow doctrinal frameworks, the world has been converted into an inferno of the fire of dejected frustrations. Where the spiritual bankruptcy of man has made him morbidly materialistic. Hey presto. Falsehood is so easy that the ultimate truth is penultimately a falsehood.

It is the journalist who has to play a highly constructive role in rebuilding human civilization and purging it of its dark spots and black slurs. It is the essence of a journalist's inner greatness. It is his sublime quest of moral perfection. For the war eats away the fleshy remains and the bones crumble to dust. So is the duty of a journalist to see into the soul of men where man learns to live and love, keeping contact with the Divine Kingdom of Heaven.

With Best Compliments of

OVERSEAS CONTAINERS LIMITED

Agents :

TATA TEA LIMITED

1, BISHOP LEFROY ROAD

CALCUTTA-700 020

Phone No. : 44-0747, 43-2411-9

AS I SEE IT

RUBA MAZUMDAR

Outgoing Student,
Department of Journalism

The scene is the same. Group of friends gather around a table in Rakhalda's canteen. There is a general hunt for cigarettes and soon conversation mingles with spiralling smoke and tea. But something has changed. The university was our oyster when we first came. Nothing seemed to be going right around us. Journalism, Politics, Fine Arts, society all had to be rejuvenated with new ideas and vigorous activity, and we were to be a part of the new order. We had to do something but the question was—what ? We were going round in circles but with enthusiasm and exuberance. That was two years ago. Now, we say, "Aar university bhalo laagena ; shobai didi-didi bole, I seem ages older." The change is evident. We have outgrown the university habit.

As I travel backwards in time, the hubub in the canteen fades. I remember the first day I walked into the journalism department. First days are always the same—everybody tries to impress everybody else ! There was this slight nagging feeling of fear and awe as I faced my professors notwithsanding the strong claims to adulthood made at home. I wonder why all professors put on that unfailing know-all expression ! Gradually they became familiar figures, not very much unlike us mortals.

Maybe some university authorities still harbour the feeling that journalists are born and not made. For one memory that stands out is the impression that our department left much to be desired. We seemed to be perenially short of money ! But we soon got used to other things like the absence of bulbs most of the time (the university believes in the light of knowledge) and the shaky tables (even the cardboards I put beneath them kept dissappearing) !

But these were minor points compared to the fact that we were all determined to make the best of these two years. In retrospect they seem stormy. There were differences but I think we fostered the truly democratic spirit. Any decision taken by a ruling party (it kept changing) was censored by the opposition ! Ultimately, of course, things turned out smoothly when I remember the farewell to our seniors, the seminar on the Bihar Press Bill ; our journal—The Milestones—it is with a slight sense of satisfaction. Within the limits of our department we did do something. Of course, things didn't go right always like the uncooked chicken at the Phuleshwar picnic and the serious play which turned into a comedy—thanks to our hidden talents ! These incidents were the ones that hold sweet memories. With every happening we came just that little bit closer to knowing each other better.

Somebody calls. I return to the present—in the canteen. I laugh to myself. Am I the same girl who in the begining told a friend that she wasn't used to giving 'adda'. Over the two years 'adda' in the canteen had become a part of university life. Perhaps most journalists are

prone to this habit, because it gives them much food for thought. And that's all you get in Rakhalda's canteen—apart from the flavoured hot water called tea and the surprise-mash called fish chop. Yours not to reason why the long 'Menu' exists at all !

So much for what we were. Now, we realize our limitation ; the department's limitations. We were a group with common ideals. Maybe, the ideals still exist but the many responsibilities in reality are greater. We gave a little and learnt a lot. Perhaps less of journalism and more of human nature. But, isn't journalism basically concerned with human nature ?

WHAT CMDA DOES :

Water Supply : Which means provision of drinking water supply in 540 sq. mile areas of metropolitan Calcutta for 10 milion people.

Traffic & Transportation : Roads are being constructed and widened for better traffic circulation. Besides, CMDA builds bridges, flyovers and pedestrian subway.

Sewerage & Drainage : Large areas which were unsewered before now have the benefit of underground drainage for disposal of storm water and sewage.

Slum Improvement : Efforts are being made to improve all slums of the metropolis by providing tap water, paved roads, sanitary latrines and electricity.

New Townships : Work has started for construction of three new townships.

Besides, CMDA constructs new primary schools and renovates old ones. It has projects on Health, Parks & Playgrounds, Cattle Resettlement and beautification of roads and avenues.

If you want to know more about CMDA, please write to the Public Relations Directorate, Calcutta Metropolitan Development Authority (CMDA 3A, Auckland Place, Calcutta : 700 017).

॥ তার হাতে প্রতিদিনের ইতিহাস ॥

কৃষ্ণ ধর
অধ্যাপক, সাংবাদিকতা বিভাগ

সে কি শুধু নির্লিপ্ত দর্শক?
যেখানে যা ঘটে, যত কিছু মানবিক, সামাজিক
সবই তার কলমের মুখে এসে
এক একটা খবর হয়ে যায়।
হাতে তার নেই কোনো নাঙ্গা তরবারি
আছে শুধু নিরীহ কলম
তাই দিয়ে লিখে যায় সারাক্ষণ
আগ্নেয়গিরির মতো কখনো তা আনে বিস্ফোরণ
কখনো তা মানবিক করুণায় সিক্ত শত অক্ষরের মালা।

সে যেন সর্বত্রগামী অথচ ট্যুরিস্ট নয়
কখনো চিনাকুরি খনির অতলে, কখনো পাহাড়ে
নভেম্বর দিবসে সে লেনিনের স্মৃতিসৌধে
কখনো বা ম্যানহাটানে
স্ট্যাচু অভ্ লিবার্টির বন্দী-বিদ্যুৎ-জ্বলা মশালের তলে
ক্ষুধার্তের পাশে গিয়ে শোনে তার কান্না কাতরতা
চেয়ে দেখে সাহারার শিশুদের তৃষ্ণার্ত বিস্ময়
কখনো সে চলে যায় গেরিলার পায়ে পায়ে
বলিভিয়ার গভীর অরণ্যে গিয়ে
দেখে আসে রাঙা ঘাসে কে এখন শুয়ে আছে
রক্তসিক্ত স্বপ্ন নিয়ে বুকে।
প্রগাঢ় ঘুমের রাজ্যে নিদ্রাহীন তার জাগরণ
মধ্যরাতে তার ঘরে বেজে ওঠে
যেন অলৌকিক কোনো ট্রাঙ্ক কল্
ভোরবেলা কড়া নাড়ে প্রতিদিন নতুন খবর।

পৃথিবীকে অন্য চোখে দেখে কি সে?
সংবাদের গভীর গোপন সূত্র তার শুধু একা অন্বেষণ
কতদিন খবরের পিছু পিছু সে ছুটে গেছে ইয়েনানে
দুনিয়া কাঁপানো দিনে লেনিনগ্রাদে শীতের প্রাসাদে
দেখেছে সে ঝড়

বার্সিলোনা, গের্নিকায়, বেইরুতে; বার্লিনে
হিরোশিমা নাগাসাকির চিতায়
দেখেছে সে অনেক কুসুম জ্বলে যেতে
আগুনে-ঝলসানো স্বপ্ন হাতে নিয়ে এসেছে সে
রণাঙ্গন থেকে সোজা খবরের ঘরে।

টেলিপ্রিন্টার থেকে প্রহরে প্রহরে সে ছিঁড়ে আনে
মানুষের নিজস্ব খবর, তার দুঃখসুখ, নিরাশা আশার
অস্তিত্বের বিচিত্র সংবাদ
ইতিহাস কি তারই হাতে লেখা হয় প্রতিদিন?
প্রতিদিন কোনো গবেষণা?
অথবা প্রতিদিন খুঁজতে গিয়ে তাজা টাটকা জবর খবর
ক্ষ্যাপার মতন সেও
একদিন পেয়ে যাবে পরশপাথর?

এইসব চিন্তাভাবনা তার মনে ক্ষণিক ঝলসায়
পরক্ষণে ডুবে যায় কাজে
প্রাত্যহিক নিবিষ্ট কলমে
কাগজের শঙ্খশাদা বুকের ওপরে
রেখে যায় দৈনন্দিন ইতিকথা, সামাজিক প্রশ্নের উত্তর,
বিপ্লব কি প্রতিক্রিয়া, পতন-উত্থান
যুদ্ধ ও শান্তির বিচার।

সেও বুঝি নিজেরই অজ্ঞাতসারে
লিখে যায় একালের মহাকাব্য
কালের কুটিল গতির সঙ্গে পাল্লা দিয়ে
অবশেষে লিখে রাখে তার এপিটাফঃ
কলম দিয়েই আমি দেখেছি এঁকেছি
এই রূপসী পৃথিবী,
এ কলম আমৃত্যু স্বাধীন।

এখনো আসেনি কোনো চিঠি

শক্তি চট্টোপাধ্যায়

কমলার দেরি আছে।

ছুরি কাঁটা পনীর মাখন
একবাটি গরম সুপ, কাঁচা লঙ্কা, মরিচ, লবণ—
পিরিচের টোস্ট কামড়ে কাঠগন্ধ ছড়াই ইন্দ্রিয়ে।

কাবলীকলার মতো বেড়ালকুণ্ডলী
পাপোশে।
অসহ্য শীত ভাঙতে আসে মংপুর বাংলোয়
জানালা গড়িয়ে রোদ, কাপড়ের মতো
কেলানো,
স্কোয়াশ ফল বারান্দার পাশে।

কমলার দেরি আছে।
অন্তত দুহপ্তা বাদে হলুদবরণ—
টেবিলে পা দেবে।
কমলার দেরি আছে—
এখনো আসেনি কোনো
চিঠি।

★

when you think of
ALUMINIUM

you think of
INDAL

INDAL
INDIAN ALUMINIUM COMPANY, LIMITED

এই দিনটি দাও

সুনীল গঙ্গোপাধ্যায়

সেই উজ্জ্বল দিনের শিয়র ছুঁয়ে আছে
চন্দনবর্ণ মেঘ
সারি সারি সার্থবাহ চলেছে প্রমাণিত স্বপ্নগুলি নিয়ে
গোধূলির সে কি অলৌকিক মায়াজাল
শব্দ উড়ে যাচ্ছে এক একটি যূঁই ফুলের মতন
বৃষ্টির শরীর নেই, তবুও সে আছে
এরই মধ্যে ছড়িয়ে ছিটিয়ে যায় সদ্য বলি দেওয়া
মোষের রক্ত
দৃশ্যটি সম্পূর্ণ হয়।

তারপর সেই দৃশ্য প্রসব করে তার নিজস্ব প্রতিভা
যেমন নদীর গভীরে গর্জে ওঠে কামান
মাতৃভূমি বিচ্যুত এক কিন্নরের শোকাশ্রুর মতন
কুসুমপাত হয় আকাশ থেকে
সমুদ্র-নিশ্বাসে উড়ে যায় পরমাণু ধোঁয়া
ক্ষুধার্ত সত্যগুলি প্রতিশ্রুতির রক্ত মাংস চাটে
পা দিয়ে জল ভাঙার শব্দে ঢেকে যায়
কিছু কিছু ভুল
তখন পাহাড় থেকে নেমে আসে একলা এক পাথর
অন্য কোনো একাকীর কাছে।

উজ্জয়িনী থেকে সেই যে বেরিয়ে ছিল ভ্রাম্যমাণ
খুঁজতে খুঁজতে যার সব কিছু ছোট হয়ে গেল
এই শতাব্দী শেষের আকাশের নিচে
সে দাঁড়িয়ে আছে
চতুর্দ্দিকে অপরিচ্ছন্ন দায় আর অবিশ্বাসী হাওয়া
তাকে এই দিনটি দাও।

WBIDC—Key to industrial growth of West Bengal
Offers package assistance to medium and large scale industries

West Bengal Industrial Development Corporation Limited.

23A, Netaji Subhas Road,
Calcutta-700 001

Phone ; 22-8385 (5 Lines)
Telex—021-7558-BIDC-IN.


Dredging
Down
Hooghly
CALCUTTA
BUJ BUJ
DAMODAR R.
RUPNARAIN R.
DIAMOND HARBOUR
HALDIA
HOOGHLY R.
RASULPUR R.
SAUGOR ISLAND
KEEPING AND MAINTAINING THE LIFELINE
UNLIKE OTHER MAJOR PORTS OF INDIA, THE PORT OF CALCUTTA ALONE HAS TO MAINTAIN ABOUT 125 MILES OF THE RIVER HOOGHLY FOR DAY AND NIGHT NAVIGATION BY SEA GOING VESSELS. CORRECTIVE AND MAINTENANCE DREDGING OF THIS LONG NAVIGATIONAL CHANNEL IS CARRIED OUT BY A FLEET OF SUCTION DREDGERS IN A CONTINUOUS EFFORT TO KEEP THIS RIVER LIFELINE OF THE CITY OF CALCUTTA AND THE VAST HINTERLAND OF THE PORT OPEN TO SHIPPING. ON AN AVERAGE OVER 18 MILLION TONNES OF DREDGED SPOIL ARE LIFTED ANNUALLY BY THE TRUSTEES' DREDGING FLEET OPERATING UNDER THE MOST ARDUOUS CONDITIONS DUE TO THE STRONG TIDES AND BORES PECULIAR TO THE RIVER HOOGHLY.
CALCUTTA PORT TRUST
Progressive/CPT 4/81

বিবাহ বন্ধন

নির্মলেন্দু ঘোষাল

ঐতিহাসিক কালো মেয়ে ঘুরন্ত মঞ্চের ওপর দাঁড়িয়ে
আছো তুমি
পরের দৃশ্যের জন্যে প্রস্তুত হও, সমস্ত গোলার্ধ জুড়ে
এখুনি নামবে হাহা অন্ধকার
আলো জ্বলার সময় তুমি ধরবে ঐ শাদা লোমশ হাতের
ফাঁস, বিবাহ বন্ধন
সুলেখা কালির বদলে তোমায় জানতে হবে শাস্ত্রীয়
সঙ্গীতের ইতিহাস।

ঐতিহাসিক কালো মেয়ে ঘুরন্ত মঞ্চের ওপর দাঁড়িয়ে
আছো তুমি
দেওয়াল বদল হবে আধুনিক চিত্রকলা, পাহাড়ে
ওঠার ছবি
আলো জ্বলার সময় তুমি ভুলে যাবে চুম্বনকালীন লবঙ্গ
ও তামাকের গন্ধ
গঙ্গাধরপুর, কাফকার চিঠি আর দূর আজানের
ধ্বনি-প্রতিধ্বনি।

ঐতিহাসিক কালো মেয়ে, মঞ্চের এদিকে আজ
শাদা মানুষের বিজয় উৎসব,
—বিবাহ বন্ধন!

With best compliments

UNIVERSAL PUBLICITY COMPANY

ESTD—1931

(Recognised Advertising Agents in Newspaper, AIR and T. V. etc.)

169B, BEPIN BEHARI GANGULY STREET,
CALCUTTA-700 012
Phone : 34-4985

"Harping the right string"

If Music be the food of love - Savings are the secret of happiness. And family Security.

But it is not enough merely to play on. You must harp the very right String. Saving through PEERLESS means harping the very right String. Because through PEERLESS, the money escalates to a great height and serves the most noble cause.

PEERLESS keeps the entire certificate-holders' fund in Government Custody, for furtherance of National Welfare. Thus the PEERLESS is an epitome of absolute Security.

Estd 1932

The Peerless General Finance and Investment Co. Ltd.

Regd. Office : Peerless Bhavan,
3, Esplanade East, Calcutta-700 069

India's Largest Non-Banking Savings Company

PRASA/PGF-77/83

Compliments



Anandabazar Patrika, Business Standard,
The Telegraph, Desh, Sunday, Sportsworld, Raviwar,
Anandalok, Anandamela, BusinessWorld.

The Ananda Bazar Group of Publications.

6, Praffulla Sarkar Street Calcutta 700001